# BANGLA MODEL QUESTIONS 2017- X

## SET-1

সঠিক উত্তরটি লেখো :-

১-১ লেখক কোথায় রোজ বিকেলবেলায় বোট লাগাতেন ?

(ক) নদীতে (খ) পুকুর ঘাটে (গ) ঘাটের উপরে (ঘ) সমুদ্র তীরে

১-২ নোবেল কোথাকার বাসিন্দা ছিলেন ?

(ক) সুইডেন (খ) আমেরিকা (গ) ইংল্যান্ড (ঘ) জাপান

১-৩ শ্বশুরের মৃত্যুর পর সুভাষ কাকিমা গ্রামের ভদ্রলোকদের কী দেখতে দিয়েছিলেন ?

(ক) দলিল (খ) চিঠি (গ) উইল (ঘ) টাকার বাক্স

১-৪ রঞ্জনকে মা কি কেনবার জন্য পয়সা দিয়েছিলেন ?

(ক) পেন (খ) বই (গ) পেনসিল (ঘ) ইনস্ট্রুমেন্ট বক্স

১-৫ জীবকের লেখা বইটির নাম কী ?

(ক) কাশ্যপ সংহিতা (খ) উপনিষদ (গ) আত্রেয় সংহিতা (ঘ) রামায়ণ

১-৬ শিলাবৃষ্টির মতো কামরাটির মধ্যে কি এসে পড়ছিল ?

(ক) বরফ (খ) পাথর (গ) বাক্স পেটরা (ঘ) লাঠি

১-৭ পন্ডিত রবিশঙ্কর কার শিষ্য ছিলেন ?

(ক) বিসমিল্লা খান (খ) আলাউদ্দীন খান (গ) আমজাদ আলি খান

(ঘ) আলি আকবর খান

১-৮ শ্রীকৃষ্ণ কীর্তন কাব্যটির রচয়িতা কে ?

(ক) মধুসূদন দত্ত (খ) রামী চন্ডীদাস (গ) কালিদাস রায় (ঘ) বড়ুচন্ডীদাস

১-৯ লোকটির বন্ধুকে কোথায় খুঁজে পাওয়া যায় ?

(ক) মঞ্চে (খ) বাজারে (গ) খেলার মাঠে (ঘ) স্কুলে

১-১০ অ্যাংলো ইন্ডিয়ানদের ভাষা কী ছিল ?

(ক) ফরাসী (খ) আরবী (গ) উর্দু (ঘ) ইংরাজি

২- অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

২-১ অমৃত কুম্ভের সন্ধানে লেখক কোথায় যাচ্ছিলেন ?

২-২ কাকিমা আর মা বাড়িতে এসে কি করলেন ?

২-৩ 'গহনবনের গল্প' বইটিতে কিসের ছবি ছিল ?

২-৪ তক্ষশীলা কিসের জন্য বিখ্যাত ছিল ?

২-৫ লোকটা কোন ছাপ টর্চ  বিক্রি করত ?

২-৬ প্রাচীন যুগের প্রথম বাংলা ভাষার সাহিত্যিক নিদর্শন কি ?

৩- যে কোনো একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে দাও।

৩-১ গুরু আত্রেয়ের কাছে শিক্ষালাভের জন্য জীবক কোন উপায় অবলম্বন করেছিলেন ?

৩-২ 'গহন বনের গল্প' বইটি হাতের মুঠোয় পাওয়া সত্ত্বেও লেখক কেন বইটি পড়বেন না বলে স্থির করলেন ?

৩-৩ পূর্ণিয়ার গান্ধী আশ্রমের দুরবস্থার পরিচয় দাও।

৪- সঠিক উত্তরটি লেখো :-

৪-১ হনুমান লঙ্কায় গিয়ে কোথায় সীতার দেখা পান ?

(ক) নন্দন কাননে (খ) সমুদ্রের ধারে (গ) অশোক কাননে

(ঘ) নদীর তীরে

৪-২ শ্রীমতী কার পূজারী ছিল ?

(ক) শিব (খ) বুদ্ধ (গ) সরস্বতী (ঘ) কৃষ্ণ

৪-৩ লোকে লালনের কি নিয়ে প্রশ্ন করে ?

(ক) ধর্ম (খ) নাম (গ) জাত (ঘ) পরিবার

৪-৪ 'খেয়া' শব্দটির অর্থ কী ?

(ক) নৌকা (খ) জাহাজ (গ) মাঝি (ঘ) নদীর ঘাট

৪-৫  বাংলার দক্ষিণে কী আছে ?

(ক) সুন্দর বন (খ) তরাই অঞ্চল (গ) মালভূমি অঞ্চল (ঘ) রাঢ়

অঞ্চল

৪-৬ কন্যার গলার হার কি দিয়ে তৈরী ?

(ক) সোনা (খ) হীরা (গ) রূপো (ঘ) বিদ্যুতের ঝিলিক

৪-৭ দূষণ তলে তলে কাকে গ্রাস করছে ?

(ক) সংস্কৃতিকে (খ) শিক্ষককে (গ) সভ্যতাকে (ঘ) সচেতনতাকে

৪-৮ ওম্ শব্দের অর্থ কী ?

(ক) বৃষ্টি (খ) হাওয়া (গ) উষ্ণতা (ঘ) শীতল

৪-৯ কার চোখ জলে ভরে উঠতো ?

(ক) বাবার (খ) মায়ের (গ) কাকিমার (ঘ) শিক্ষকের

৪-১০ কবি কিসের খেলা এখনো বুঝতে পারছে না ?

(ক) দিন বদলের খেলা (খ) শিশুদের মেলা (গ) পালা বদলের খেলা (ঘ) জীবনের খেলা

৫- অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের  উত্তর দাও।

৫-১ জনক ঝিয়ারী কাকে বলা হয়েছে ?

৫-২ ফসলের ক্ষেতে কাক-পাখিদের তাড়াবার জন্য খড় ইত্যাদি

দিয়ে যে পুতুল তৈরী করা হয় তাকে কি বলা হয় ?

৫-৩ মানুষ তলে তলে কী খুঁজছে ?

৫-৪ পাখীর শাবকেরা সারাদিন কী-কী করে ?

৫-৫ ভৌগলিক শব্দের আক্ষরিক অর্থ কী ?

৫-৬ কবির হৃদয়বীণা কার হাতে বাজে ?

৬- যে কোনো একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে লেখ।

৬-১ নিজের জননীর প্রতি কবির নীরব ভালবাসার পরিচয় দাও।

৬-২ শুভ্র পাষাণফলক কার রক্তে রাঙা হয়েছিল ? সেখানে কি ঘটনা ঘটেছিল ?

৬-৩ “সীতা আর রাবণের নাচে বাম অঙ্গ”—এ কথার মধ্য দিয়ে কবি কি বোঝাতে চেয়েছেন ?

৭ যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও

৭-১ কাশির মহিষীর নাম কী ছিল ? তার স্নান করতে যাবার ঘটনাটির বর্ণনা কর।

৭-২ নগর লক্ষী কে ? কেন তাকে নগরলক্ষী বলা হয়েছে ?

৭-৩ ধূলা দূর করবার জন্য ঝাঁটার ব্যবস্থা করা হ’লে কি সমস্যা দেখা দিল ? পাঠ অবলম্বনে বর্ণনা কর।

৭-৪ কবীর কেন সবার চোখের আড়ালে থাকতে চাইতেন ? কবীরের প্রতি ব্রাহ্মণদের রাগের কারণ কী ?

৮ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও

৮-১ হিন্দি মিশ্রিত বাক্যগুলি শুদ্ধ ক’রে লেখো।

(ক) আমার আজ রক্ত জাঁচ হয়েছে।

(খ) বীমারীর বাহানা করিস না।

(গ) তোমার নামপতা লিখে দাও।

(ঘ) উল্টো পাল্টা সবাল করো না।

৮-২ বাক্য রচনা করো :-

মিশমিশে, খিলখিল, ঝনঝন, টকটকে।

৮-৩ পদ পরিবর্তন ক’রো

সামাজিক, জাতি, সংসার, পুরস্কার

৮-৪ সন্ধি করো :- মাতুল+আলয়, নি:+রোগ, লঘু+উর্মি, মহা+ঈশ।

৮-৫ ব্যাসবাক্য সহ সমাস লেখো :-

অল্পবয়সী, আপাদমস্তক, দিবানিশি, জগৎসংসার।

৮-৬ বহুপদের একপদে পরিবর্তন করো :-

জানু পর্যন্ত, বিদেশে থাকেন যিনি, জানবার ইচ্ছা, যার সন্তান নেই

৯ নীচের দেওয়া অংশটি হিন্দিতে অনুবাদ করো :- বলরাম বিকলাঙ্গ, পরিচয়ও তার সামান্য, তবু মনটা আমার বিমুখ হয়ে উঠল, তার প্রতি। কী বলে সে পয়সাটা নিয়ে হাসছে আমার দিকে চেয়ে। -------------- বলরামেরা চিরকালই এমনি।

১০ যে কোনো একটি অনুচ্ছেদ রচনা করো:-

(ক) জাতীয় সংহতি

(খ) তোমার প্রিয় পুস্তক (বই)

১১ তোমার দেখা একটি ভ্রমণস্থলের বর্ণনা দিয়ে বন্ধুকে পত্র লেখ।

অথবা

তোমার বিদ্যালয়ে একটি পানীয় জলের কলের আবশ্যকতা আছে। এই বিষয় প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখ।

উত্তরপত্র

১- (১-১-গ), (১-২-ক), (১-৩-খ), (১-৪-ঘ), (১-৫-ক), (১-৬-গ), (১-৭-খ), ১-৮-ঘ), (১-৯-ক), ১-১০-ঘ)

২- ২-১- এলাহাবাদের প্রয়াগে
২-২- কাপড় ছেড়ে বসলেন
২-৩- বন্য জীবজন্তুর
২-৪- ধর্ম ও শিক্ষার পীঠ-ভূমি
২-৫- সূর্যছাপ
২-৬- চর্যাপদ

৩- ৩-১-গুরু আত্রেয়ের কাছে শিক্ষালাভের জন্য জীবক জানতেন যে গুরুদক্ষিণা না দিলে আত্রেয় তার শিক্ষা-ভার গ্রহণ করবেন না। তাছাড়াও গুরুদক্ষিণা বিনা শিক্ষালাভ অপূর্ণ থাকবে কিন্তু জীবক ছিলেন কপর্দ শূন্য অথচ মনেছিল শিক্ষালাভের অদম্য ইচ্ছা। তাই তিনি নিজেকেই গুরু আত্রেয়ের কাছে সমর্পণ করলেন গুরুদক্ষিণা হিসাবে।

৩-২- বইটি হাতে পেয়েও লেখক বইটি পড়বেন না বলে স্থির করলেন কারণ বইটিতে যে বিষয়বস্তু ছিল তা তা কেবল শিশু মনকেই আনন্দ দেয়। তাই কুড়ি বছর আগেকার মনটা যদি বদলে গিয়ে থাকে তাই তিনি বইটা পড়তে চাইলেন না।

৩-৩ পূর্ণিয়ার গান্ধী আশ্রমের যে দুরবস্থার কথা বলা হয়েছে তা হ’ল যে টিউবওয়েলের মাথাটি ভাঙা, সীল করা দরজায় তালার চিহ্নমাত্র নেই। রান্নাঘরের দরজা দুটি চুরি হয়ে গেছে। ফুলের গাছগুলোও চুরি হয়ে গেছে। আশ্রমের লাইব্রেরির বইগুলিও চুরি হয়ে গেছে।

৪- ৪-১ (গ) ৪-২ (খ) ৪-৩ (গ) ৪-৪ (ক) ৪-৫ (ক) ৪-৬ (ঘ) ৪-৭ (গ) ৪-৮ (গ) ৪-৯ (খ) ৪-১০- (ক)

৫- ৫-১ (সীতাকে)
৫-২ (কাকতাড়ুয়া)
৫-৩ (সমাধানের উপায়)
৫-৪ (লাফায় দাপায়, ঝগড়া বাধায়)
৫-৫ ভূগোল সম্বন্ধীয়
৫-৬ দেশ মায়ের হাতে

৬- ৬-১ কবি নিজের মাকে যে ভালোবাসতেন তা কখনও প্রকাশ করেন নি। তার নীরব ভালোবাসা মাও উপলব্ধি করেছেন। তিনি টিফিনের পয়সা বাঁচিয়ে মায়ের জন্য কমলালেবু কিনে আনতেন।

৬-২ শুভ্র পাষাণ ফলক শ্রীমতীর রক্তে রাঙা হয়েছিল। শ্রীমতী নামে বুদ্ধের দাসীটি রাজাজ্ঞা অমান্য করে এক শারদ সন্ধ্যায় পুষ্প প্রদীপ থালায় সাজিয়ে গেল প্রভু বুদ্ধের স্তূপে আরতি করবার জন্য। তার এই দু:সাহস দেখে রাজার প্রহরীরা রাজার আদেশ অমান্য করবার জন্য শাস্তি স্বরূপ তাকে মৃত্যুদন্ড দেয়।

৬-৩ এই কথাটির মধ্যে একটি বিশেষ ব্যঞ্জনা আছে। প্রাচীনকালে প্রচলিত কথা অনুযায়ী স্ত্রীলোকে বাম অঙ্গ নাচা শুভ ফল দায়ক।সেইরকম পুরুষের বামঅঙ্গ নাচা অশুভ ফলদায়ক। কারণ হনুমানের শ্রীলঙ্কায় আগমন সীতার জন্য শুভসূচক হ'লেও রাবণের জন্য শুভ কারক নয়।

৭-১ কাশির মহিষীর নাম করুণা ছিল. রাণী স্নান করতে যাবার আগেই তার আগমনে যাতে কোন রকম অসুবিধা না হয় তাই রাস্তাঘাট সব জনশূন্য হয়ে গেছে। রাণী তার একশ সখীকে নিয়ে চলেছেন স্নান করতে।

৭-২ নগরলক্ষী হচ্ছেন সুপ্রিয়া, যিনি ছিলেন বুদ্ধের পরম ভক্ত অনাথ পিন্ডতের কন্যা। তাকে নগরলক্ষী এই কারণে বলা হয়েছে যখন শ্রাবস্তীপুরে দুর্ভিক্ষ দেখা দেয় এবং নগরীর দুর্ভিক্ষের ভার কেউ নিতে রাজী হয়না, কিন্তু দীন হীন নারী সুপ্রিয়া এই দায়িত্ব নিতে রাজী হন।

৭-৩ ধূলা দূর করবার জন্য ঝাঁটার ব্যবস্থা করা হলে সব রাস্তার ধূলো এসে রাজার মুখে চোখে ভরে গেল। ধূলার জন্য সূর্য ঢেকে গেল। ধূলার জন্য লোকে কাশতে লাগল। রাজা বললেন ধূলা দূর করতে গিয়ে সারা রাজ্য ধূলাময় হ'লো।

৭-৪ কবীর ঈশ্বরের সঙ্গে যোগাযোগ করবার জন্য, সবার চোখের আড়ালে থাকতে চাইতেন। কবীরের নাম যশ খ্যাতি দেখে ব্রাহ্মণের দল তার উপর রেগে থাকত।

৮-১ (ক) রক্ত পরীক্ষা (খ) অসুস্থতার বাহানা (গ) নাম ঠিকানা (ঘ) উল্টো পাল্টা প্রশ্ন

৮-২ জামাটার রং মিশমিশে কালো
বাচ্চাটা খিলখিল করে হাসছে।
ঝনঝন করে বাসনগুলো পড়ে গেল।

গোলাপটা টকটকে লাল।

৮-৩ সমাজ, জাতীয়, সাংসারিক,পুরস্কৃত

৮-৪ মাতুলালয়, নীরোগ, লঘুর্মি, মহেশ

৮-৫ অল্প বয়স যার
পা থেকে মাথা পর্যন্ত
দিবা ও নিশি
জগৎ ও সংসার

৮-৬ আজানু, বিদেশী, জিজ্ঞাসা, নি:সন্তান

৯ बलराम अपाहिज, उसका पारिचय भी सामान्य है। फिर भी मेरा मन ब्याकुल हो उठा उसके लिए। क्या बोलके वह हमसे पैसे लिए और मुस्कुरा रहे है, मेरे ओर देखके। वह लोग हमेशा ऐसेही होते है।

১০ জাতীয় সংহতি

জাতীয় সংহতি কথাটির মধ্যে একটি বিশেষ ঐক্য বোধের সন্ধান পাওয়া যায়। জাতীয় সংহতি অর্থাৎ জাতিগত ভাবে বিভেদ সৃষ্টি না করে আমরা একই জাতীর এই পরিচয়ে যেন পরিচিত হই। ভারত একটি বহু জাতি বহু ধার্মিক বহু ভাষাভাষী বিশিষ্ট দেশ। তাই একাধিক বৈচিত্র্য থাকা সত্ত্বেও ভারতবাসীর মধ্যে এক অদ্ভুত মিল দেখতে পাওয়া যায়। তাই তো কবি বলেছেন বিবিধের মাঝে দেখ মিলন মহান।

তোমার প্রিয় পুস্তক/বই

আমার প্রিয় বই বলতে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'শ্রীকান্ত'। কথাশিল্পীর এই বইটিতে সমাজের একাধিক স্তরের চিত্রণ করা হয়েছে। এতে ইন্দ্রর মতো সাহসী ছেলের চরিত্র থেকে নিয়ে লেখকের নিজের ছন্নছাড়া জীবনধারা সব কিছুই অনাবিল ভাবে তুলে ধরা হয়েছে। বইটিতে নারীর মাতৃত্ব রূপ থেকে নিয়ে স্নেহময়ী দরদী যাবতীয় রূপের বিশ্লেষণ করা হয়েছে।

১১- প্রিয় সুদেষ্ণা,

আজ বেশ কিছুদিন হল আমরা সপরিবার দার্জিলিং বেড়াতে গেছিলাম। দার্জিলিং জায়গাটা যেমন অপূর্ব সেইরকমই মনোরম তার পার্শ্বদৃশ্য। আমরা ওখানে ম্যাল-এর কাছে একটি হোটেলে থাকতাম। রোজই আমরা বেড়াতে যেতাম। আমরা ওখানে রক-গার্ডেন, টয়-ট্রেন, বুদ্ধমনেষ্ট্রী, টাইগার-হিল, বাতাসিয়ালুপ, তেনজিং রক, আভা আর্ট। গ্যালরী সব দেখতে গেছিলাম। আশাকরি তোরা ভাল আছিস। বড়দের প্রণাম জানিয়ে।

শেষ করলাম।

ইতি

মীরা

মাননীয়

প্রধান শিক্ষক মহাশয়
আরা উচ্চ বিদ্যালয়, আরা

মহাশয়,

আমাদের বিদ্যালয়ে পানীয় জলের যে দুরবস্থা তা আপনার অজানা নয়।

অতএব এই চরম অবস্থার হাত থেকে ছাত্রদের উদ্ধার করুন।

আপনার ছাত্র
বিনয় সমাদ্দার

SET -2

১- সঠিক উত্তরটি লেখো :-

১-১ মাস্তলের ওপর বসে কে নিশ্চিন্ত মনে বিশ্রাম করছিল ?

(ক) শিশুটি (খ) রাজা (গ) ছোটো মেয়েটি (ঘ) বড়ো মেয়েটি

১-২ নোবেল কোথাকার বাসিন্দা ছিলেন ?

(ক) সুইডেন (খ) জাপান (গ) আমেরিকা (ঘ) ইংল্যান্ড

১-৩ হরি শঙ্কর পসরাই রচিত গল্পটির নাম কী ?

(ক) অনাচার (খ) সেই বইটি (গ) বাতিওয়ালা (ঘ) ছেলেদের খেলা

১-৪ বলরাম কোথায় চাপা পড়ে ছিল ?

(ক) গাড়ীর তলায় (খ) মালপত্রের নীচে (গ) সীটের তলায় (ঘ) লোকজনের ভিড়ে

১-৫ শশুরের মৃত্যুর পর সুভাষ কাকিমা গ্রামের ভদ্রলোকেদের কি দেখতে দিয়েছিলেন ?

(ক) দলিল (খ) উইল (গ) চিঠি (ঘ) টাকার বাক্স

১-৬ কোন ক্রিকেট খেলোয়াড় ফুটবল খেলোয়াড় নিজের দেশের জাতীয় দলের প্রতিনিধিত্ব করেছিলেন ?

(ক) বিজয় মার্চেন্ট (খ) ডন কেনিয়ন (গ) বেইলী (ঘ) কম্পটন

১-৭ জীবকের প্রধান খ্যাতি কিসে ছিল ?

(ক) শল্য চিকিৎসায় (খ) দন্ত চিকিৎসায় (গ) নেত্র চিকিৎসায় (ঘ) শিশু চিকিৎসায়

১-৮ ধর্মগতভাবে পূর্ব পাকিস্তানীরা মূলত কী ?

(ক) হিন্দু (খ) খ্রীষ্টান (গ) মুসলমান (ঘ) বৌদ্ধ

১-৯ গায়ক গোপালকৃষ্ণ ভট্টাচার্য আর কোন নামে পরিচিত ছিলেন ?

(ক) গোপাল ঠাকুর (খ) নুলো গোপাল (গ) নুলো ঠাকুর (ঘ) কৃষ্ণ ঠাকুর

১-১০ প্রাচীন যুগের বাংলা ভাষার প্রথম সাহিত্যিক নিদর্শন কী ?

(ক) রামায়ণ (খ) ভাগবত (গ) চর্যাপদ (ঘ) মহাভারত

২ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ।

২-১ জ্যাঠাইমার কি কি সম্পত্তি ছিল ?
২-২ সুভাষ কাকা সিনেমা সিনেমা হুজুগ করে কোথায় গেছিল ?
২-৩ নোবেল কি আবিষ্কার করেছিলেন ?
২-৪ আত্রেয় কে ছিলেন ?
২-৫ আলাউদ্দীন খান কোন হিন্দু দেব-দেবীর ভক্ত ছিলেন ?
২-৬ গহন বনের গল্প বইটিতে কিসের গল্প ছিল ?

৩ যে কোনো একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে দাও।

৩-১ মেয়েটি ছেলেদের সঙ্গে খেলায় যোগ দিলেও মনে মনে কি ভাবছিল ?
৩-২ পূর্ণিয়ার গান্ধী আশ্রমের দুরবস্থার কথা লেখ।
৩-৩ ভেষজ গুণাগুণ সম্বন্ধে জ্ঞান পরীক্ষার জন্য আত্রেয় কোন পন্থা অবলম্বন করলেন?

৪ সঠিক উত্তরটি লেখো।

৪-১ হনুমান নিজেকে কার ভৃত্য বলে মনে করে ?

(ক) রামের (খ) ভরতের (গ) লক্ষণের (ঘ) শত্রুঘ্নর

৪-২ পূজারিণী কবিতায় পূজারিণী কে ?

(ক) রাজবধূ অমিতা (খ) রাজমহিষী (গ) শ্রীমতি (ঘ) রাজবালা শুক্লা

৪-৩ বামন চেনার উপায় কি ?

(ক) মালা (খ) পৈতে (গ) টিকি (ঘ) খড়ম

৪-৪ সবাইকে একদিন কোথায় যেতে হবে ?

(ক) মরণ সাগর পার (খ) বিদেশ (গ) বাড়ি (ঘ) বিদ্যালয়

৪-৫ কবি মায়ের জন্য কি কিনে আনতেন ?

(ক) আপেল (খ) পেয়ারা (গ) আম (ঘ) কমলালেবু

৪-৬ উঠোন জুড়ে কার নাচার কথা বলা হয়েছে ?

(ক) বর্ষার (খ) নর্তকীর (গ) শিশুর (ঘ) তরুণীর

৪-৭ অমায়িকের মতো কি বাজার কথা বলা হয়েছে ?

(ক) রেডিও (খ) বাঁশি (গ) সেতার (ঘ) মাইক

৪-৮ উজান ডিঙী কবিতায় কবি কোন নদীর নাম উল্লেখ করেছেন ?

(ক) গঙ্গা (খ) পদ্মা (গ) কীর্তনখোলা (ঘ) যমুনা

৪-৯ দেবাঞ্জন সেনগুপ্তের লেখা কবিতা কোনটি ?

(ক) জাত বিচার (খ) পথ দেখাবিনা (গ) পূজারিণী (ঘ) ভৌগলিক

৪-১০ সুন্দরবন কোন রাজ্যে অবস্থিত ?

(ক) পশ্চিমবঙ্গ (খ) বিহার (গ) ঝাড়খন্ড (ঘ) কেরালা

৫ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৫-১ ত্রিজটা কে ?
৫-২ আরতি ঘন্টা কোথায় বাজল ?
৫-৩ সব লোকে লালনের কি নিয়ে কথা বলে ?
৫-৪ 'করমের যুগ এসেছে' কবিতাটিতে খেয়া নৌকার মাঝি কে ?
৫-৫ 'ভৌগলিক' কবিতায় গ্রামকে কার মতো বলা হয়েছে ?
৫-৬ কুচ বরণ কন্যার চুলের রং কী ?

৬ যে কোনো একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে দাও।

৬-১ শ্রীমতীকে দেখে রাজমহিষী ভীত হলেন কেন ?
৬-২ কবি 'পলিউশন' বলতে কি বুঝিয়েছেন লেখো।
৬-৩ কবি কল্পনায় বর্ষার যে চঞ্চল রূপ ধরা পড়েছে তা নিজের ভাষায় লেখো।

৭ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৭-১ রাজমহিষী করুণার নির্বুদ্ধিতার পরিচয় দাও। রাজা রাণীকে তার কৃতকার্যের জন্য কি শাস্তি দিলেন ?
৭-২ ধূলা সরাবার জন্য ঝাঁটার ব্যবস্থা হলে, কি সমস্যা দেখা দিল ?
৭-৩ মূল্যপ্রাপ্তি কবিতায় সুদাসমালী অকালের পদ্মটির বিনিময়ে যে মূল্য লাভ করেছে সে বিষয় লেখো।
৭-৪ কবীর কেন সবার চোখের আড়ালে থাকতে চাইতেন ? কবীরের প্রতি ব্রাহ্মণদের রাগের কারণ কি ছিল ?

৮- যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৮-১ পদ পরিবর্তন করো।
শহর, অপমান, সচেতন, দেশ
৮-২ বিপরীতার্থক শব্দ লেখো :-
ধনী, নীরবে, হিংসা, সমান।
৮-৩ এক কথায় প্রকাশ করো।
যার শত্রু জন্মায় নাই, বুদ্ধের উপাসক, জানাবার ইচ্ছা,খরচের হিসাব আছে যার
৮-৪ ধ্বনাত্বক শব্দগুলি দিয়ে বাক্য রচনা করো।
কলকল, টকটক, মচমচে, ফুরফুরে
৮-৫ সন্ধি বিচ্ছেদ করো
মহাকাশ, বেদান্ত, দেবর্ষি, রাজেন্দ্র

৮-৬ হিন্দি মিশ্রিত বাক্যগুলি শুদ্ধ করে লেখো।

(ক) আজ আমার প্রশ্নটা দেখে দিমাগ ঘুরে গেল।
(খ) ছেলেটা ভীষণ মেহনতী।
(গ) ওনার প্রমোশন রুকে গেছে।
(ঘ) তোমার ঘরের পতাটা বলো।

৯ হিন্দিতে অনুবাদ করো :-

বলরাম বিকলাঙ্গ, পরিচয়ও তার সামান্য। তবু মনটা আমার বিমুখ হয়ে উঠল, তার প্রতি। কি বলে সে পয়সাটা নিয়ে হাসছে আমার দিকে চেয়ে। -------------বলরামরা চিরকালই এই রকম।

১০ যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :-

(ক) তোমার প্রিয় পুস্তক।
(খ) মহিলা সশক্তিকরণ।

১১ তোমার আর্থিক অসুবিধায় কথা জানিয়ে প্রধান শিক্ষককে মাসিক শুল্ক মাফ করবার জন্য আবেদন জানিয়ে পত্র লেখো।

অথবা

পরিবেশ দূষণ সম্পর্কে তোমার মতামত লেখো।

## উত্তর পত্র

১ ১-১ গ, ১-২ ক, ১-৩ গ , ১-৪ খ, ১-৫ গ, ১-৬ ঘ, ১-৭ ক, ১-৮ গ, ১-৯ খ, ১-১০ গ

২-১ বালিশের ওয়াড়ের মধ্যে জমানো ছাব্বিশ টাকা আর এক কলসী পুরোনো ঘী।
২-২ বম্বে
২-৩ ডিনামাইট
২-৪ জীবকে গুরু
২-৫ মা কালী, দেবী সরস্বতী
২-৬ বুনো জীবজন্তুর।

৩-১ মেয়েটি ছেলেদের সঙ্গে খেলতে যোগ দিলেও সে মনে মনে বলছিল, ছেলেরা

খেলা করতে জানেনা। কেবল যত রাজ্যের ছেলেমানুষি।

৩-২ পূর্নিয়ার গান্ধী আশ্রমের যে দুরবস্থার কথা বলা হয়েছে তা এই রকম। টিউবওলের মাথাটি নেই। এস. ডী. ও সাহেবের সীল করা দরজার তালাটিও চুরি হয়ে গেছে, ফুলের গাছগুলি চুরি হয়ে গেছে। মহাত্মাজীর ছবিটিও চুরি হয়ে গেছে। লাইব্রেরির সব বই চুরি হয়ে গেছে। গরুর গাড়ীর চাকা দুটি চুরি হয়ে গেছে। সমগ্র আশ্রমটার অবস্থা জরা জীর্ণ।

৩-৩ ভেষজ গুণাগুন সম্পর্কে জীবকের জ্ঞান পরীক্ষার জন্য গুরু আত্রেয় তাকে বললেন যে এমন কিছু লতাপাতা নিয়ে আসতে হবে যা কিনা চিকিৎসাশাস্ত্রের কোন কাজে লাগে না।

৪-১ ক, ৪-২ গ, ৪-৩ খ, ৪-৪ ক, ৪-৫ ঘ, ৪-৬ ক, ৪-৭ ঘ, ৪-৮ গ, ৪-৯ খ, ৪-১০ ক

৫-১ রাক্ষসী
৫-২ রাজদেবালয়ে
৫-৩ জাত নিয়ে
৫-৪ ভগবান
৫-৫ ছবির মতো
৫-৬ মেঘ বরণ

৬-১ শ্রীমতীকে দেখে রাজ মহিষী ভীত হলেন কারণ সে রাজাজ্ঞা অমান্য করে প্রভু বুদ্ধের আরতীর জন্য রাজমহিষীর কাছে আবেদন জানাতে এসেছিল। মহিষী তাকে সভয়ে বলেছিল, যে রাজার আদেশ অমান্য করবে তাকে হয় শূলে বিদ্ধ করা হবে অথবা নির্বাসনে দেওয়া হবে।

৬-২ কবি ‘পলিউশন’ বলতে দূষণ অর্থাৎ চারিধারে যে ভীষণ প্রদূষণ চলছে তার কথা বোঝাতে চেয়েছেন। কবির মতে আজ মানুষ জল প্রদূষণ, শব্দদূষণ, বায়ুদূষণ ইত্যাদির দ্বারা জর্জরিত|

৬-৩ কবির কল্পনায় বর্ষা একটি চঞ্চলা বালিকা, যার মেঘ রঙের চুল,সেলেট রঙের শাড়ি। আর তার গলার হার তৈরী হয়েছে বিদ্যুৎ দিয়ে। বৃষ্টির শব্দ যেন সেই বালিকার নূপুরের ধ্বনি। গ্রীষ্মের দাবদহে পৃথিবী যখন পরিশ্রান্ত তখন কবি তাকে ব্যাকুল ভাবে আহ্বান জানিয়েছেন পৃথিবীতে নেমে আসার জন্য।

৭-১ রাজমহিষী করুণা এক শীতের সকালে সখী পরিবৃতা হয়ে গেলেন স্নান করতে, সেখানে স্নান সমাপ্ত হলে তিনি শরীরকে তপ্ত করার জন্য গরীব মানুষের কুটীরে আগুন লাগিয়ে দিলেন।

রাজা রাণীকে দন্ড স্বরূপ নির্বাসনে দিলেন। এবং আদেশ দিলেন এক বছর সময়ের মধ্যে কুটীর গুলি পুনর্নির্মাণ করে দিতে হবে|

৭-২ ধূলা সরাবার জন্য ঝাঁটার ব্যবস্থা হলে দেখা গেল সারা জগৎ ধূলায় ঢাকা পড়ে গেল। রাজার চোখ মুখ সারা শরীর ধূলিময় হয়ে উঠল। ধূলার বেগে লোকে কাশতে লাগল। ধূলোর মেঘে সূর্য অবধি ঢেকে গেল।

৭-৩ মূল্য প্রাপ্তি কবিতায় সুদাসমালী অকালের পদ্মটির বিনিময় প্রচুর অর্থ উপার্জনের সুযোগ পেয়েছিল। কিন্তু তার মনে সন্দেহ জাগে এমন কে যাকে দেবার জন্য রাজা ও পথিক উভয়েই ভান্ডার উজাড় করে দিতে চান।

সে যদি নিজে তার কাছে যায় তবে কতই না মূল্য লাভ করবে। অবশেষে সে প্রভু বুদ্ধের চরণে তা উৎসর্গ করে এবং এক স্বর্গীয় আনন্দ ও শান্তির সম্পদ লাভ করে।

৭-৪ কবীর ভগবানের সাধনা করবার জন্য সবার চোখের আড়ালে থাকতে চাইতো। কবীরের উত্তরোত্তর নাম যশ বৃদ্ধি পাওয়ার জন্য ব্রাহ্মণদের রাগ হয়েছিল।

৮-১ শহরে, অপমানিত, সচেতনতা, দেশী
৮-২ গরীব, সরবে, অহিংসা, অসমান
৮-৩ অজাতশত্রু, বৌদ্ধ, জিজ্ঞাসা, হিসাবী

৮-৪ জলধারা কলকল করে বয়ে যাচ্ছে।
গোলাপটি টকটকে লাল।
মচমচে মাছভাজা খেতে ভাললাগে
ফুরফুরে হাওয়াতে বেড়িয়ে এলাম।

৮-৫ মহা+আকাশ, বেদ+অন্ত, দেব+ঋর্ষি, রাজা+ইন্দ্র
৮-৬ আজ-----------মাথা ঘুরে গেল।
ছেলেটা ভীষণ পরিশ্রমী।
ওনার প্রমোশন আটকে গেছে।
তোমার বাড়ির ঠিকানাটা বলো।

৯- बलराम बिकलाँग, उसका परिचय भी सामान्य है। फिर भी मेरा मन ब्याकुल हो उठा उसके लिए। क्या बोलके वह हमसे पैसे लेकर मेरे तरफ देखकर हसरहा है । बिकलांग लोग ऐसेही होते है।

১০ তোমার প্রিয় পুস্তক/বই

আমার প্রিয় পুস্তকের নাম রবীন্দ্রনাথের 'চোখের বালি'। এই পুস্তকটিতে নারী মনের সুপ্ত অনুভূতিগুলিকে লেখক অতি সাবধানে চরিত্রায়িত করেছেন। একদিকে আশালতার শিশুসুলভ সরল ভালবাসা অন্যদিকে বিনোদিনীর অপূর্ণ ইচ্ছা, তীব্র প্রতিহিংসা-বোধ দুটি চরিত্রকেই লেখক একই ধারায় ভিন্ন ভিন্ন আঙ্গিকে পরিস্ফুট করেছেন। আবার মহেন্দ্র এবং বিহারী এই দুই পুরুষ চরিত্রও একে অপরের পরিপূরক। বইটিতে অন্যান্য নারী চরিত্রগুলি যেমন রাজলক্ষ্মী, কাকিমা, তারাসুন্দরী, এদের চরিত্রচিত্রণও অত্যন্ত চিত্তাকর্ষণ এ ছাড়া রবীন্দ্রনাথ রচিত এই বইটি অনেকগুলি কারণে আমার কাছে অত্যন্ত প্রিয়।

অথবা

মহিলা সশক্তিকরণ

মহিলা ও পুরুষ আজ সমাজরূপী গাড়ীর দুটি চাকা। উন্নতশীল সমাজে নারী ও পুরুষ উভয়েই সমানভাবে দেশের তথা সমাজের প্রগতির জন্য যোগদান করে থাকেন। আজকের নারী সমাজ নিজের অধিকার ও কর্তব্য সম্বন্ধে যথেষ্ট সতর্ক ও এবং সচেতন, তাই মহিলা সমাজকে নিজ শক্তির সাহায্যে এগিয়ে যেতে

হবে। আজকের নারী জল,স্থল,বায়ু সর্বত্র নিজ আধিপত্য বিস্তার করে চলেছে। নারীকে আজ আর চার দেওয়ালের মধ্যে বন্দী করে রাখা চলবে না। আজ নারী সমাজ পুরুষের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে চলছে।

**১১** মাননীয়,

প্রধান শিক্ষক মহাশয়, নবীন আদর্শ উচ্চ বিদ্যালয় ভাগলপুর।

মহাশয়,

আমি আপনার বিদ্যালয়ে দশম শ্রেণীর ছাত্র,আমার বাবা একজন সাধারণ চতুর্থ বর্গীয় কর্মচারী। ওনার মাসিক উপার্জন অত্যন্ত সামান্য। আমরা তিনটি ভাই-বোন এবং সঙ্গে ঠাকুমা ও ঠাকুরদাও আছেন। তাই আর্থিক অসচ্ছলতার কারণে প্রতি মাসে বিদ্যালয় শুল্ক দেওয়া আমার পক্ষে একেবারেই সম্ভব হয়ে উঠছে না।

তাই আপনার কাছে একান্ত অনুরোধ এই যে কৃপা করে আপনি যদি আমার মাসিক বিদ্যালয় শুল্ক মাফ করে দেন,তাহলে আমার খুবই উপকার হয়।

আপনার অনুগত ছাত্র

সৌগত রায়

দশম শ্রেণী

অথবা

পরিবেশ দূষণ

পরিবেশ দূষণ এই কথাটির সঙ্গে আজ প্রায় সকলেই পরিচিত। আজকাল ঘরে বাইরে সর্বত্র প্রায় দূষিত পরিবেশের স্বীকার হচ্ছেন মানুষ। মানুষ কেবল নিজের স্বার্থ ছাড়া আর কিছুই বুঝতে চায় না। তাই নিজের গন্ডিটুকু ছেড়ে দিয়ে অন্যের জায়গা নোংরা করতে একটুও দ্বিধা বোধ করে না। এখন সর্বত্র রাস্তায় যানজট  একটি সর্ববিধ কথা হয়ে গেছে। বৃক্ষ উৎক্ষেপণের কারণে ভূমি দূষণ বেড়েই চলেছে। শব্দ দূষণ তারও অন্ত নেই। মানুষ যেন যে কোনো কারণে বা অকারণে অমায়িকের মতো মাইক বাজিয়ে চলেছে। মানুষকে এর সমাধান অবশ্যই খুঁজে বার করতে হবে।

SET- 3

সঠিক উত্তরটি লেখো :-

১-১ 'চোখের বালি' উপন্যাসটি কার লেখা ?

(ক) শরৎচন্দ্র (খ) রবীন্দ্রনাথ (গ) বঙ্কিমচন্দ্র (ঘ) মাইকেল মধূসূদন

১-২ হরিশংকর পসরাই রচিত রচনাটির নাম কি ?

(ক) অনাচার (খ) সেই বইটি (গ) বাতিওয়ালা (ঘ) ছেলেদের খেলা

১-৩ বিম্বিসার কোথাকার সম্রাট ছিলেন ?

(ক) অবধ (খ) গৌড় (গ) মগধ (ঘ) বিক্রমশীলা

১-৪ অ্যাংলো ইন্ডিয়ানরা ধর্মগত ভাবে কি ছিল ?

(ক) হিন্দু (খ) খ্রীষ্টান (গ) মুসলমান (ঘ) বৌদ্ধ

১-৫ শিলাবৃষ্টির মতো কামরাটির মধ্যে কি এসে পড়তে লাগলো ?

(ক) বরফ (খ) পাথর (গ) বাক্স পেঁটারা (ঘ) লাঠি

১-৬ সুভাষ কাকিমাকে শুদ্ধ হবার জন্য কি করতে হবে ?

(ক) স্নান (খ) প্রায়শ্চিত্ত (গ) কর্তব্য কর্ম (ঘ) ক্ষমা প্রার্থনা

১-৭ অঙ্কের মাস্টারের নাম কি ছিল ?

(ক) গোপীবাবু (খ) দীনেশ রায় (গ) মৌলবী সাহেব (ঘ) সুরেন সরকার ।

১-৮ লোকটা কোন ছাপ টর্চ বিক্রি করত ?

(ক) চন্দ্র ছাপ (খ) সূর্য ছাপ (গ)তারা ছাপ (ঘ) প্রদীপ ছাপ

১-৯ জীবক কোন চিকিৎসায় পারদর্শী ছিলেন ?

(ক) শল্য চিকিৎসায় (খ) নেত্র চিকিৎসায় (গ) দন্ত চিকিৎসায় (ঘ) শিশু চিকিৎসায়

১-১০ আলাউদ্দীন খানের গুরুর নাম কী ?

(ক) গোপাল কৃষ্ণ ভট্টাচার্য (খ) গোপাল কৃষ্ণ মুখার্জী (গ) গোপাল কৃষ্ণ চক্রবর্তী (ঘ) গোপাল কৃষ্ণ ব্যানার্জী

২ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

২-১ সুভাষ কাকীমা কে ছিলেন ?
২-২ মালপত্রের নীচ থেকে বেরিয়ে বলরাম কি করছিল ?
২-৩ খগেন বইটি কার থেকে এনেছিল ?
২-৪ জীবকের গুরুর নাম কি ছিল ?
২-৫ দুই বন্ধু কিসের ব্যবসা শুরু করে ?
২-৬ 'মাইহার কলেজ অফ মিউজিক' কে স্থাপন করেন?

৩ বিস্তারিত ভাবে যে কোনো একটি প্রশ্নের উত্তর লেখ।

৩-১ নোবেল কিভাবে প্রচুর অর্থ উপার্জন করেছিলেন? তাঁর আবিষ্কৃত বস্তুটি সম্পর্কে তিনি কি আশা করেছিলেন ?
৩-২ 'গহন বনের গল্প' বইটি হাতের মুঠোয় পাওয়া স্বত্ত্বেয়, লেখক কেন বইটি পড়বেন না বলে স্থির করলেন ?
৩-৩ সুভাষ কাকীমার কাজকে কি অনাচার বলা যায় ? এ বিষয়ে তোমার নিজস্ব মতামত লেখো।

৪ সঠিক উত্তরটি লেখ :-

৪-১ 'অঙ্গুরী সংবাদ' কবিতাটি কোন মহাকাব্যের অংশ ?
(ক) রামায়ণ (খ) ইলিয়াড (গ) মহাভারত (ঘ) কোরান
৪-২ শুভ্র পাষাণ ফলক কার রক্তে লাল হলো ?
(ক) অজাত শত্রু (খ) পুররক্ষক (গ) বিম্বিসার (ঘ) শ্রীমতী
৪-৩ জাত বিচার কবিতাটির কবি কে ?

(খ) জসিমুদ্দিন (খ) লালন ফকির (গ) কাজীনজরুল ইসলাম (ঘ) মাইকেল মধুসূদন

৪-৪ খেয়া শব্দটির অর্থ কী ?

(ক) নৌকা (খ) জাহাজ (গ) মাঝি (ঘ) নদীর ঘাট

৪-৫ 'ভৌগলিক' কবিতাটি কার লেখা ?

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) দ্বীজেন্দ্রলাল রায় (গ) প্রেমেন্দ্র মিত্র (ঘ) নরেন্দ্রনাথ মিত্র

৪-৬ ----------------------- পয়সা বাঁচিয়ে

কখনও কখনও কিনে আনতাম কমলালেবু

(ক) বই কেনার (খ) টিফিনের (গ) হাত খরচার (ঘ) জিনিষ বিক্রির

৪-৭ মায়ে কোলে ছোট্ট---------------------------------চেঁচিয়ে ওঠে ওঁয়া

(খ) বালক (খ) বালিকা (গ) শিশু (ঘ) তরুণ

৪-৮ উজান ডিঙি কবিতার কবি কোন নদীর নাম উল্লেখ করেছেন ?

(ক) কীর্তনখোলা (খ) পদ্মা (গ) যমুনা (ঘ) গঙ্গা

৪-৯ পথ দেখবিনা কবিতায় কে দুষ্ট মন্ত্রণা দেয় ?

(ক) কাক (খ) চিল (গ) শকুন (ঘ) কোকিল

৪-১০ মেঘ বরণ কন্যার শাড়ির রঙ কি ?

(ক) লাল রঙ (খ) সবুজ রঙ (গ) সেলেট রঙ (ঘ) নীল রঙ

৫ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো ?

৫-১ জনক ঝিয়ারি কাকে বলা হয়েছে ?

৫-২ পূজারিণী কবিতায় বুদ্ধের  স্তূপ কে নির্মাণ করেন ?

৫-৩ সবাইকে একদিন কোথায় যেতে হবে ?

৫-৪ ভৌগলিক শব্দের আক্ষরিক অর্থ কি ?

৫-৫ শুয়ে শুয়ে কার চোখ জলে ভরে উঠত ?

৫-৬ 'আষাঢ়' এল তাও এলনা'- কে এল না ?

৬ যে কোনো একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে লেখ

৬-১ 'উজান ডিঙি' কবিতাটিতে দেশবিভাগের  যে যন্ত্রণা প্রকাশ পেয়েছে – তা তোমার ভাষায় লেখো।

৬-২ কবির কল্পনায় বর্ষার যে চঞ্চল রূপ ধরা পড়েছে তা নিজের ভাষায় লেখো।

৬-৩ কবির কাছে মানুষের একটাই জাতি মানবজাতি, 'জাত-বিচার' কবিতাটি অবলম্বনে এর পরম সত্যটি নিজের ভাষায় লেখ।

৭ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৭-১ 'সামান্য ক্ষতি' কবিতায় রানির আদেশ প্রতিপালিত হওয়ার যে ভয়ংকর অগ্নিকান্ডের সৃষ্টি হয়েছিল, সে সম্বন্ধে লেখো।

৭-২ নগরলক্ষ্মী কে ? তাঁকে কেন নগরলক্ষ্মী বলা হয়েছে ?

৭-৩ চামার কুলপতি কি পরামর্শ দিয়েছিল ? এরফলে সমস্যার হয়েছিল কি ?

৭-৪ পদ্মটিকে অকালের কেন বলা হয়েছে ? সুদাস মালী এই অকালের পদ্মটির বদলে যথেষ্ট মূল্য পেলেও কেন তা বিক্রি করতে চাইল না ?

৮ যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো ।

৮-১ ব্যাসবাক্য এবং সমাস লেখো।

পর্ণকুটির, দেশবিদেশ, পঞ্চবটী, শান্তিনিকেতন

৮-২ বিপরীতার্থক শব্দ লেখো :-

মৃত্যু, স্বদেশ, হাসি, আনন্দ

৮-৩ সন্ধি কর :- মহা+আকাশ, ধর্ম+আবলম্বী, বিদ্যা+আলয়, অন্ধকার+আচ্ছন্ন

৮-৪ সমোচ্চারিত শব্দগুলির অর্থ লেখো।

দেশ - দ্বেষ, অন্ন – অন্য, আসা – আশা, দীন – দিন

৮-৫ প্রবাদ বাক্যগুলির অর্থসহ বাক্যে প্রয়োগ করো।

সস্তার তিন অবস্থা, চোরে চোরে মাসতুতো ভাই, ভূতের মুখে রাম নাম, অতি ভক্তি চোরের লক্ষণ

৮-৬ হিন্দি মিশ্রিত শব্দগুলি শুদ্ধ বাংলায় লেখ।

(ক) ছেলেটা ভীষণ মেহনতী।

(খ) মেয়েটির কাজ করবার তারিকা গলত।

(গ) ওদের দোস্তি দেখে সবাই অবাক।

(ঘ) এত টাকার জরুরত নেই।

৯ হিন্দি থেকে বাংলায় অনুবাদ করো – गुलामी अमेरिका मे थी और गुलामी

एथेंस मे थी किन्तु एथेंस की सभ्यता ने सारे यूरोप को प्रभावित किया और गुलामो के अमेरिकी मालिको ने मानव संस्कृति को कुछ भी नहीं दिया।

১০ যে কোনো একটি বিষয় নিয়ে অনুচ্ছেদ রচনা করো।

১০-১ ভবিষ্যৎ ভারত এবং ছাত্রসমাজ।

১০-২ একটি প্রিয় ঋতু।

১১ তোমার কিছু ব্যক্তিগত অসুবিধার জন্য তুমি বিদ্যালয়ে অনুপস্থিত থাকবে। প্রধান অধ্যাপককে জানিয়ে পত্র লেখ।

অথবা

তোমাদের বিদ্যালয়ে বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল, সে বিষয়ে বন্ধুকে একটি পত্র লেখ।

উত্তর মালা

১ ১-১ খ, ১-২ গ, ১-৩ গ, ১-৪ খ, ১-৫ গ, ১-৬ খ, ১-৭ ক, ১-৮ খ, ১-৯ ক, ১-১০ ক।

২-১ গিরীন খুড়োর পুত্র বধূ।
২-২ হাসছিল।
২-৩ কুঞ্জ।
২-৪ আত্রেয়।
২-৫ আলো বিক্রির ব্যবসা।
২-৬ আলাউদ্দীন খান।

৩-১ নোবেল ডিনামাইট আবিষ্কার করে প্রচুর পয়সা উপার্জন করেছিলেন তার আবিস্কৃত বস্তুটি সম্পর্কে তিনি আশা করেছিলেন যে 'ডিনামাইটের' ভীষণতা দেখে মানুষ আর যুদ্ধ করতে চাইবেনা।

৩-২ 'গহন বনের গল্প' বইটি হাতের মধ্যে পেয়েও লেখক বইটি পড়তে চাইলেন না, কারণ তিনি মনে মনে ভাবলেন যদি আজ থেকে কুড়ি বছর আগেকার কিশোর বালকের সরল মনটা বদলে গিয়ে থাকে, যদি আজ আর সেই গল্পগুলি পড়তে আগের মতো আগ্রহ না থাকে। এই কারণে তিনি বইটি পড়তে অনিচ্ছা প্রকাশ করলেন।

৩-৩ সুভাষ কাকিমার কাজটিকে নীতি গর্হিত বলা যায় না, কারণ তিনি একটি অতি মানবীয় চরিত্রের পরিচয় দিয়েছেন। তিনি যদি তার স্বামীর মৃত্যুর কথা বৃদ্ধ শ্বশুরকে জানাতেন তাহলে উনি হয়ত আরও ছয় মাস আগেই পুত্রশোকে মারা যেতেন,তাই সুভাষ কাকিমার কাজটিকে মোটেই নীতি-গর্হিত বলা যাবেন।

৪ ৪-১ ক, ৪-২ ঘ, ৪-৩ খ, ৪-৪ ক, ৪-৫ গ, ৪-৫ গ, ৪-৬ খ, ৪-৭ গ, ৪-৮ ক, ৪-৯ ঘ, ৪-১০ গ

৫-১ সীতাকে
৫-২ বিম্বিসার
৫-৩ মরণ সাগর পার
৫-৪ ভূগোল সম্বন্ধীয়
৫-৫ মায়ের
৫-৬ বর্ষা

৬-১ উজান ডিঙি কবিতায় কবির দেশ বিভাগের জন্য একটি সুপ্ত যন্ত্রণা প্রকাশ পেয়েছে । কবির শিশু এবং কিশোরাবস্থা কেটেছে বর্তমান বাংলাদেশে। ঐ দেশের কীর্তন খোলা নদীতে নৌকার আনাগোনা পাড়েতে ঝাউবন, আমবাগান, শরতের মেঘে পূজোর আমন্ত্রণ। এই সব কিছুর ফেলে আসা স্মৃতি-কবিকে কেবল হাতছানি দেয়।

৬-২ কবির কল্পনায় বর্ষা একটি চঞ্চলা বালিকা। কালো মেঘ  তার কেশরাশি, অঙ্গে মেঘলা সেলেট রং এর শাড়ি আর গলার হার বিদ্যুৎ দিয়ে তৈরী। বৃষ্টির টাপুর টুপুর ধ্বনি যেন কন্যার পায়ের নূপুরের আওয়াজ।

৬-৩ লালন ফকির রচিত কবিতাটিতে কবি একটি পরম সত্যকে উপলব্ধি করেছেন তা হলো সবার উপরে আমাদের একটাই পরিচয় যে, আমরা হলাম মানব জাতি। তিনি সহজ উদাহরণের দ্বারা তা বোঝাতে চেয়েছেন। যেমন জলকে যদি গতে আবদ্ধ করা হয় তা হয় কূয়োর জল আবার সেই জলই যখন গঙ্গায় প্রবাহিত হয় তা হ'লো গঙ্গা জল। সেই রকম সমাজে পুরুষের ভিন্ন ভিন্ন-পরিচয় থাকলেও নারীর কোন বিশেষ পরিচয় নেই। তাই কবির মতে একটাই জাতি মানব জাতি।

৭-১ সামান্যক্ষতি কবিতায় রানির আদেশ প্রতিপালিত হবার জন্য এক মর্মান্তিক অগ্নিকান্ডের সূচনা হয়। রাণী তাঁর স্নান সমাপন করে যখন উপরে উঠলেন তখন তিনি শীত নিবারণের জন্য নিকটবর্তী কুটির গুলিতে আগুন জ্বালিয়ে দেবার নির্দেশ দেন। এবং এই আগুন কুটির থেকে কুটিরে, গ্রামে থেকে গ্রামান্তরে ছড়িয়ে পড়ে এবং এক ব্যাপক ধ্বংসলীলার সূচনা হয়।

৭-২ নগরলক্ষী হচ্ছে সুপ্রিয়া। তাকে নগরলক্ষী বলার কারণ এই যে, যখন শ্রাবস্তীপুর দুর্ভিক্ষের আগুনে জ্বলছিল, তখন প্রভু বুদ্ধ এই ক্ষুধাপিড়িত মানুষগুলির ক্ষুধা নিবারণের জন্য নগরবাসীর কাছে আবেদন জানান। কিন্তু তাঁর এই আবেদন যখন কেউই সাড়া দেননি তখন সুপ্রিয়া এই কার্যভারে নিজের ওপর স্বইচ্ছায়, নেয়।

৭-৩ চামার কুলপতি পরামর্শ দিলেন পুরো পৃথিবীকে না ঢেকে রাজার পাদুটি চামড়া দিয়ে মুড়ে ঢেকে দেওয়া হোক তাহলেই আর রাজার পায়ে ধূলা লাগাবার কোনরকম অবকাশ থাকবে না। চামার কুলপতির এই পরামর্শের ফলে সত্যই রাজার পায়ে ধূলা লাগা বন্ধ হ'লো।

৭-৪ পদ্মটি অগ্রান মাসে কুটে ছিল ব'লেই একে অকালের পদ্ম বলা হয়েছে। সুদাস মালি পদ্মটির জন্য রাজা এবং পথিকের কাছ থেকে যথেষ্ট মূল্য পাওয়া স্বত্তেয় তা বিক্রি করতে রাজি হয়নি কারণ তার মনে সন্দেহ জাগে,এমন কে সেই ভগবান যাকে দেবার জন্য রাজাও পথিক দুজনাই ভান্ডার উজাড় করে দিতে চায়, সে যদি নিজে তার কাছে যায় তাহলে না জানি কত মূল্য পাবে। অবশেষে সে ফুলটি প্রভু বুদ্ধের পায়ে অর্পণ করে এক অমূল্য স্বর্গীয় আনন্দ ও শান্তি লাভ করে।

৮-১ পর্ণ নির্মিত কুটির/পর্ণ দ্বারা নির্মিত কুটির

দেশ ও বিদেশ
পঞ্চবটের সমাহার
শান্তির জন্য নিকেতন

৮-২ জন্ম, বিদেশ, কান্না, দু:খ/নিরানন্দ

৮-৩ মহাকাশ, ধর্মাবলম্বী, বিদ্যালয়, অন্ধকারাচ্ছন্ন

৮-৪ দেশ-ভূখন্ড, অন্ন-খাবার। আসা-আগমন ।দীন-দরিদ্র

দ্বেষ-হিংসা । অন্য-পৃথক । আশা-কামনা । দিন-দিবস

৮-৫ এত কম দামের কাপড় দেখো দুদিনও যাবে না (সস্তার তিন অবস্থা) রামু আর মহেশ দুই বন্ধু সর্বদাই এক সাথে (চোরে চোরে মাসতুতো ভাই)। আজ অর্চনার মুখে মীরার প্রশংসা শুনে মনে হচ্ছিল যেন (ভূতের মুখে রাম নাম শুনছি)। কি ব্যাপার আজ তুমি না চাইতেই সব বই খাতা সহপাঠিকে দিয়ে দিলে এ আবার (অতি ভক্তি চোরের লক্ষণ নাতো)

৮-৬ ক-পরিশ্রমী খ-পদ্ধতি ভুল গ- বন্ধুত্ব ঘ-দরকার

৯ দাসত্ব আমেরিকাতেও ছিল আর দাসত্ব এথেন্সও ছিল কিন্তু এথেন্সের সভ্যতা সমগ্র ইউরোপকে প্রভাবিত করেছে আর দাসদের আমেরিকী মালিকেরা মানব সভ্যতাকে কিছুই দেয়নি।

ভবিষ্যৎ ভারত ও ছাত্রসমাজ

আজকের ছাত্রসমাজ যাকে আমরা বলতে পারি আগামী বা ভবিষ্যৎ ভারতবর্ষের কর্ণধার। বর্তমান যুগে ছাত্রসমাজ নতূন প্রযুক্ত বিদ্যা এবং বস্তুভিত্তিক শিক্ষার দ্বারা শিক্ষার্জন করবার ফলে তাদের চিন্তাধারা এবং অনুভূতি চিরাচরিত না হয়ে অনেকটাই ভিন্ন এবং উন্নত। আশাকরা যেতে পারে ভবিষ্যৎ প্রজন্ম আর অনেক বেশী উন্নত ও প্রগতিশীল পদ্ধতিতে ভারতবর্ষকে পরিচালিত করবে।

প্রিয় ঋতু

আমার প্রিয় ঋতু হ'লো বর্ষা। বসন্ত যদি ঋতুরাজ হয়ে থাকে তবে বর্ষা ঋতুকেও রানীর মর্যাদা দেওয়া হয়েছে। বর্ষা যখন তার বিপুল সম্ভার নিয়ে পৃথিবীর বুকে নেমে আসে,তখন পৃথিবীর মানুষ আনন্দে মেতে ওঠে। বর্ষার আগমন আমাদের মনে উল্লাস সৃষ্টি করে। বর্ষার সত্যিই রানীর মতোই, তার আগমন, সত্যি যখন ধরাতল দাব –দহে দগ্ধ চারিপাশ অগ্নিবর্ষণে দগ্ধ। তখন বর্ষা তার স্নিগ্ধ জলধারা দিয়ে তৃপ্ত করে। বর্ষার আহ্বানে সাড়া দিয়ে সমগ্র ধরাতল নববধূর সাজে সেজে ওঠে। বর্ষার এই অপরিসীম সৌন্দর্য আমিও মন প্রান ভরে উপভোগ করি।

১১ মাননীয়

প্রধান শিক্ষিকা মহাশয়া
রবীন্দ্র বালিকা বিদ্যালয়, রাজেন্দ্রনগর, পাটনা-১৬

মহাশয়া,

আমার বিশেষ অনুরোধ এই যে আমি, আগামী ১-৪-১৭ থেকে ১২-৪-১৭ পর্যন্ত ঠাকুমার শরীর খারাপ, সেই কারণে দিল্লী যাব।

আমার একান্ত অনুরোধ এই যে আপনি যদি কৃপা করে আমার ১২ দিনের অনুপস্থিতিকে মাফ করে দেন তাহলে আমি চিরকৃতজ্ঞ থাকবো।

আপনার অনুগত ছাত্রী

মধুপর্ণা দাস

শ্রেণী-দশম

প্রিয়,

প্রিয়াংশু,

অনেকদিন হ'লো তোমার কোন পত্র পাইনি। আশাকরি ভালো আছো। গত তিনদিন আগে আমাদের বিদ্যালয়ে একটি বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল। তোমার বিজ্ঞান বিষয়টির ওপর বিশেষ অনুরাগ আছে, তাই জন্য তোমাকে এই পত্র লেখা। প্রদর্শনীটিতে ভৌতবিজ্ঞান, রসায়ণ এবং জীববিজ্ঞান নিয়ে নানাবিধ গবেষণামূলক কাজ প্রদর্শিত হয়েছিল। প্রদর্শনীটিতে নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রদের অংশগ্রহণ করবার অনুমতি দেওয়া হয়েছিল। তুমি নিজের চোখে দেখলে আরো ভালো লাগতো।এবার তবে আসি।

তোমার বন্ধু

মিলন মিত্র

SET-4

নির্দেশ :-

(ক) যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লেখো :-
(খ) প্রান্তে লিখিত সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।
(গ) প্রশ্ন সংখ্যা ১ থেকে ৪ পর্যন্ত প্রত্যেকটি প্রশ্নে চারটি বিকল্প দেওয়া হ'ল। সঠিক উত্তরটি লেখো।
(ঘ) অন্যান্য প্রশ্ন নির্দেশ অনুসারে লেখো।

১ সঠিক উত্তরটি লেখ।

১-১ নোবেল পুরস্কার পাওয়ার সংবাদ প্রাপ্তির সময়ে রবীন্দ্রনাথ কোথায় ছিলেন ?

(ক) জোড়াসাঁকো (খ) শিলাইদহ (গ) শান্তিনিকেতন (ঘ) দার্জিলিং

১-২ রঞ্জন কুঞ্জকে কোথায় দেখতে পেলো ?

(ক) স্কুলে (খ) মাঠে (গ) চায়ের দোকানে (ঘ) ক্লাবঘরে

১-৩ "মনে হ'ল আমার ঘাড়ের উপর একটা দুমনী বোঝা পড়ল" কে একথা বলেছিল ?

(ক) শ্যামা (খ) লেখক (গ) প্রেমবতী (ঘ) বলরাম

১-৪ বাতিওয়ালা রচনাটি কার লেখা ?

(ক) কালকূট (খ) আশাপূর্ণা দেবী (গ) রবীন্দ্রনাথ (ঘ) হরি শঙ্কর পসরাই

১-৫ শ্বশুরের মৃত্যুর পর সুভাষের কাকিমা গ্রামের ভদ্রলোকদের কি দেকতে দিয়েছেন ?

(ক) চিঠি (খ) দলিল (গ) উইল (ঘ) টাকার বাক্স

১-৬ চা-চপ খেয়ে কুন্ডও বাড়ি না গিয়ে কোথায় গেল ?

(ক) স্কুলে (খ) খেলতে (গ) সিনেমায় (ঘ) দোকানে

১-৭ 'তোড়ি' রাগটি কার সৃষ্টি ?

(ক) আলী আকবর (খ) আলাউদ্দীন মান (গ) ওস্তাদ ওয়জির খান (ঘ) অন্নপূর্ণা দেবী

১-৮ জীবকের প্রধান খ্যাতি কি ছিল ?

(ক) শল্য চিকিৎসায় (খ) দন্ত চিকিৎসায় (গ) নেত্র চিকিৎসায় (ঘ) শিশু চিকিৎসায়

১-৯ মঙ্গল কাব্য কোন যুগের সাহিত্য ?

(ক) আধুনিক যুগ (খ) প্রাচীন যুগ (গ) মধ্যযুগ (ঘ) অন্ত্য মধ্যযুগ

১-১০ রবীন্দ্রনাথ কোন কাব্যগ্রন্থের জন্য নোবেল পুরস্কার পেয়েছিলেন?

(ক) চিত্রা (খ) গীতাঞ্জলী (গ) বলাকা (ঘ) মানসী

২ অতি সংক্ষেপে লেখ :- যে কোনো চারটি

২-১ মানুষ প্রথম দিকে পাথর ভাঙার কাজে কি ব্যবহার করত?

২-২  পরিণত বয়সে লেখক ‘গহন বনের গল্প বইটি’ কোথায় দেখতে পেলেন?

২-৩ দুবেজী বিলুকে একান্তে নিয়ে গিয়ে কি দায়িত্ব দিতে চেয়েছিলেন?

২-৪ সুভাষ কাকিমা এই দুরন্ত সংবাদটি কতদিন ধরে চেপে রেখেছিলেন?

২-৫ ‘রক্তকরবী’ নাটকটির রচয়িতা কে?

২-৬ ১৯৫৩ সালে লীডস্ মাঠে কোন দুই দেশের মধ্যে খেলা হচ্ছিল?

৩ বিস্তারিত ভাবে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও।

৩-১ “এতক্ষণে শুকনো খালে জোয়ার এইল”- কে একথা বলেছিল?

৩-২ মেয়েটি ছেলেদের সঙ্গে খেলায় যোগ দিলেও, মনে মনে কি ভাবছিল?

৩-৩ বাংলা গদ্যের সূচনা সম্পর্কে বিস্তারিত ভাবে লেখ ।

৪ সঠিক উত্তরটি লেখো :

৪-১ হনুমান নিজেকে কার ভৃত্য বলেছে ?

(ক) রামের (খ) সীতার (গ) রাবণের (ঘ) দশরথের

৪-২ বাংলার দক্ষিণে কি আছে ?

(ক) সুন্দর বন (খ) তরাই অঞ্চল (গ) মালভূম অঞ্চল (ঘ) রাঢ় অঞ্চল

৪-৩ তসবী কি ?

(ক) বৈষ্ণবদের জপমালা (খ) শিখদের জপমালা (গ) ব্রাহ্মণদের পৈতা

(ঘ) মুসলমাদের জপমালা

৪-৪ 'পূজারিণী' কবিতায় পূজারিণী কে ?

(ক) রাজবালা শুক্লা (খ) শ্রীমতী (গ) রাজমহিষী (ঘ) রাজবধূ অমিতা

৪-৫ কিসের পতাকা নিয়ে সবাইকে এগিয়ে যাবার কথা বলা হয়েছে ?

(ক) ধর্মের (খ) কর্মের (গ) জাতীর (ঘ) নীতির

৪-৬ 'পথ দেখাবিনা' কবিতায় কে দুষ্ট মন্ত্রণা দেয় ?

(ক) কাক (খ) চিল (গ) শকুন (ঘ) কোকিল

৪-৭ কিসে বিঘ্ন ঘটেছে বলে আমরা বিরক্ত ?

(ক) কর্মে (খ) শিক্ষাতে (গ) পূজোতে (ঘ) যজ্ঞে

৪-৮ উজান ডিঙি কবিতার কবি কে ?

(ক) মুকুন্দদাস (খ) বাসুদেব (গ) মৃদুল দাসগুপ্ত (ঘ) লালন

৪-৯ পবন নন্দন কাকে বলা হয়েছে ?

(ক) রামকে (খ) হনুমানকে (গ) রাবণকে (ঘ) লক্ষণকে

৪-১০ কবি পয়সা বাঁচিয়ে মায়ের জন্য কি কিনে আনতো ?

(ক) আপেল (খ) কমলালেবু (গ) আম (ঘ) পেয়ারা

৫ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৫-১ হনুমান লংকায় কেন গিয়েছিল ?

৫-২ শ্রীমতী নিজেকে কার দাসী বলেছে ?

৫-৩ সবাইকে একদিন কোথায় যেতে হবে ?

৫-৪ সুন্দরবন কোন রাজ্যে অবস্থিত ?

৫-৫ ব্রাহ্মণ চেনার উপায় কি ?

৫-৬ কবির হৃদয় বীণা কার হাতে বাজে ?

৬ যে কোনো একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে লেখো :

৬-১ পলিউশন বলতে কবি কি বুঝিয়েছেন ?

৬-২ নিজের জননীর প্রতি কবির' নীরব ভালবাসার পরিচয় দাও।

৬-৩ কবির কল্পনায় বর্ষার যে চঞ্চল রূপ ধরা পড়েছে তা নিজের ভাষায় লেখো।

৭ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৭-১ ভক্ত কবীরের চরিত্রটি সম্পর্কে লেখো।

৭-২ 'মূল্যপ্রাপ্তি' কবিতাটির নামকরণ সম্পর্কে লেখো।

৭-৩ 'সামান্যক্ষতি' কবিতায় রাজা রানিকে কেন নির্বাসন দিয়েছিলেন ?

৭-৪ ধূলা দূর করবার জন্য ঝাঁটার ব্যবহার করা হ'লে কি সমস্যা দেখা দিল ? পাঠ অবলম্বনে বর্ণনা কর।

৮ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৮-১ নীচে দেওয়া প্রবাদগুলির অর্থসহ বাক্যরচনা করো।

গাছে কাঁটাল গোঁফে তেল, চোরে চোরে মাসতুতো ভাই, উত্তমমধ্যম, কাটা ঘায়ে নুনের ছিটা

৮-২ সন্ধি করো :

বেদ+অন্ত, রবি+ইন্দ্র, নি:+রোগ, মহা+ইন্দ্র

৮-৩ পদ পরিবর্তন করো :-মঙ্গল, সুন্দর, সাহিত্য, জল

৮-৪ বহুপদের এক পদে পরিবর্তন করো :-

নদী যার মা, গৃহে যে থাকে,সাঁতার জানে যে, শহরে থাকে যে

৮-৫ হিন্দি মিশ্রিত শব্দগুলি শুদ্ধ বাংলায় লেখো।

(ক) ডাক্তার রক্ত জাঁচ করবে।

(খ) তার প্রমোশন রুকে গেছে।

(গ) তুমি কোন মহল্লায় থাক ?

(ঘ) আজ আমি জল্দি বাড়ি যাব।

৮-৬ সমোচ্চারিত ভিন্নার্থক শব্দগুলোর অর্থ লেখো।

কালি-কালী, দীন-দিন, সুর-শূর, আপন-আপণ।

৯ বাংলা থেকে হিন্দিতে অনুবাদ করো ।

বলরাম বিকলাঙ্গ, পরিচয়ও তার সঙ্গে সামান্য, তবু মনটা আমার বিমুখ হয়ে উঠল তার প্রতি। কি বলে সে পয়সাটা নিয়ে আমার দিকে চেয়ে রইল।

১০ যে কোনো একটি বিষয় নিয়ে অনুচ্ছেদ লেখো :-

১০-১ তোমার প্রিয় উৎসব

১০-২ তুমি ভবিষ্যৎ ভারতের আদর্শ নাগরিক

১১ তোমার বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিবরণ জানিয়ে বন্ধুকে পত্র লেখ।

অথবা

বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা সম্বন্ধে নিজের মতামত সংক্ষেপে লেখো।

উত্তর পত্র

১ ১-১ গ, ১-২ গ, ১-৩ খ, ১-৪ ঘ, ১-৫ ক, ১-৬ গ, ১-৭ খ, ১-৮ ক, ১-৯ ঘ, ১-১০ খ

২ ২-১ ডিনামাইট, ২-২ দোকানে, ২-৩ জমিজমা ২-৪ সাতমাস, ২-৫ রবীন্দ্রনাথ ২-৬ অষ্ট্রেলিয়া-ইংল্যান্ড।

৩ ৩-১ "এতক্ষণে------------------এইল" একথা বলরাম বলেছিল। যখন শ্যামা প্রেমবতী পাতিয়ারা কামরাটির মধ্যে হৈ চৈ শুরু করল তখন সে এই কথাগুলি বলেছিল।

৩-২ মেয়েটি ছেলেদের সঙ্গে যোগ না দিলেও সে মনে মনে ভাবছিল যে ছেলেরা খেলা করতে জানে না। কেবল যত রাজ্যর ছেলেমানুষি ।

৩-৩ শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজের পন্ডিতের প্রচেষ্টায় বাংলা গদ্য সাহিত্যের সূচনা হয়। গদ্য সাহিত্যে রামমোহন রায়, অক্ষয় কুমার দত্ত, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রমুখ মনীষীগনের অবদান উল্লেখযোগ্য।

৪ ৪-১ ক, ৪-১ ক, ৪-৩ ঘ, ৪-৪ খ, ৪-৫ খ, ৪-৬ ঘ, ৪-৭ ঘ, ৪-৮ খ , ৪-৯ খ, ৪-১০ খ

৫ ৫-১ সীতার খোঁজে, ৫-২ বুদ্ধদেবের, ৫-৩ মরণসাগর পারে, ৫-৪ পশ্চিমবঙ্গ, ৫-৫ পৈতে, ৫-৬ দেশমায়ের

৬ ৬-১ পলিউশন বলতে কবি দূষণের কথা বলতে চেয়েছেন। কবি জল, বায়ু, শব্দ, সবকিছুই দূষিত হওয়ার কথা বলেছেন কবি চারিদিকে ধোঁয়া ধূলো বিকট শব্দ আবর্জনা ইত্যাদিকে দূষণের কারণ হিসাবে বলেছেন।

৬-২ নিজের জননীর প্রতি নীরব ভালবাসার কথা কখনও উচ্চস্বরে বলতে পারেন নি। কবি টিফিনের পয়সা বাঁচিয়ে মায়ের জন্য কমলালেবু কিনে আনতেন। কেবল জন্মদাতা মা নয় দেশ মায়ের প্রতিও কবির অনাবিল প্রেম প্রকাশ পেয়েছে।

৬-৩ কবির কল্পনায় বর্ষার যে রূপ ধরা পড়েছে তা হ'ল বর্ষাকে একটি তরুণী কন্যা রূপে কল্পনা করা হয়েছে। যার মেঘের মতো চুল, সেলেট রঙের শাড়ি, বিদ্যুৎ দিয়ে তৈরী গলার হার, বৃষ্টির শব্দকে কন্যার পায়ের নূপুর ধ্বনি বলা হয়েছে।

৭ ৭-১ ভক্ত কবীর ছিলেন এক সরল প্রকৃতির সাধক মানুষ। তিনি একান্তে নির্জনে সাধনার দ্বারা ঈশ্বরের সান্নিধ্য লাভের চেষ্টা করতেন। কিন্তু খ্যাতির বিড়ম্বনায় বিধ্বস্ত সাধক ঈশ্বরের কাছে অভিযোগ জানায়। দুষ্ট লোকেরা চক্রান্ত করে তাকে পরাস্ত করার চেষ্টা করেছে। কিন্তু কবীর সেই চক্রান্তকারীদের নিজগুণে পরাস্ত করেছেন।

৭-২ 'মূল্যপ্রাপ্তি' কবিতাটিতে কবি সুদাস মালীর ঘরে যে অকালের পদ্মটি ফুটেছিল তারই মূল্যপ্রাপ্তির কথা বলেছেন, কারণ পদ্মটির জন্য রাজা এবং পথিক যথেষ্ট মূল্য দিতে চাইলেও মালী তা বিক্রি করতে রাজী হয়নি এবং সে সেই পদ্মটি প্রভু বুদ্ধের চরণে অর্পণ করে এবং তার উপযুক্ত মূল্য লাভ করে।

৭-৩ সামান্য ক্ষতি কবিতাটিতে রানী করুণা সখীদের সঙ্গে নিয়ে গেলেন স্নান করতে। স্নান শেষ হলে তার শারীরকে তপ্ত করবার জন্য, রানী সখীদের নির্দেশ দেন যে আশে-পাশের সমস্ত কুটীর জ্বালিয়ে দেওয়া হোক। রানীর এই নির্বুদ্ধিতার পরিণাম স্বরূপ দরিদ্র প্রজারা গৃহহীন হয় এবং তারা রানীর বিরুদ্ধে অভিযোগ জানায়। প্রজাদের অভিযোগের কারণে এবং রানীর এই নির্বুদ্ধিতার শাস্তি স্বরূপ রাজা রানীকে নির্বাসন দেন।

৭-৪ ধূলা দূর করবার জন্য ঝাঁটার ব্যবহার করা হলে দেখা গেল যে সমস্ত দেশ ধূলার মেঘে ঢেকে গেছে। রাজার চোখ মুখ সব ধূলায় ভরে গেছে। ধূলার বেগে লোকে কাশতে লাগল। চারিদিকে ধূলাময় হয়ে শেষে ধূলার মাঝে নগরটাই হারিয়ে যাবার উপক্রম হ'লো।

৮ ৮-১ কবে ছেলে চাকরি পাবে এখন থেকেই বিয়ের স্বপ্ন দেখছে, গাছে কাঁঠাল গোঁপে তেল। রামু আর গোপালের দেখছি ভীষণ ভাব হয়েছে, দুটোই তে অকাট মূর্খ যেন চোরে চোরে মাসতুতো ভাই। আজ পরীক্ষার রেজাল্ট ফেল করলে বাবা আমায় উত্তম মধ্যম দেবে। পুরোনো কথা তুলে কেন আর কষ্ট দেওয়া তোমার কাটা ঘায়ে নুনের ছিটে দেওয়ার অভ্যাসটা আর গেলনা।

৮-২ বেদান্ত, রবীন্দ্র, নীরোগ, মহেন্দ্র

৮-৩ মাঙ্গলিক, সৌন্দর্য, সাহিত্যিক, জলীয়

৮-৪ নদীমাতৃক, গৃহী, সাঁতারু, শহুরে।

৮-৫ রক্ত পরীক্ষা, প্রমোশন আটকে, কোন পাড়ায়, আমি তাড়াতাড়ি

৮-৬ কালি-রঙ, দীন-দরিদ্র, সুর-গানের লয়, আপন-নিজের, কালী-ঠাকুর, দিন-দিবস, শূর-বীর, আপণ-দোকান

৯ बलराम बिकलाँग, उसका पारिचय भी सामान्य है। फिर भी मेरा मन ब्याकुल हो उठा उसके प्रति । क्या समझकर वह पैसे लेकर मेरे तरफ देख रहा था ।

তোমার প্রিয় উৎসব

১০ আমার প্রিয় উৎসব হ'লো দোল উৎসব বা হোলী। কারণ এই উৎসবে একে অপরের সঙ্গে হিংসা দ্বেষ ভুলে একাকার হয়ে যাই। দোল রঙের উৎসব। এই রঙ মানুষের শরীর থেকে নিয়ে মনকেও রাঙিয়ে তোলে। যার ফলে শিশু, তরুণ, যুবক, পৌঢ় বৃদ্ধ সবাই দোল খেলায় মেতে ওঠে। দোল কেবল বাঙালীরাই নয় সমগ্র ভারতবর্ষ এই উৎসবে মেতে ওঠে। তাই দোল আমার প্রিয় উৎসব।

তুমি ভবিষ্যৎ ভারতের আদর্শ নাগরিক

ভবিষ্যৎ ভারতের আদর্শ নাগরিক হবার জন্য সবথেকে প্রথমে একজন আদর্শ ছাত্র হবার প্রয়োজন। আজকের ছাত্র সমাজই ভবিষ্যতের নাগরিক। ছাত্র সমাজকে নিয়মানুবর্তিতা, কর্তব্য পরায়নতা, এবং দায়িত্ববোধ সম্পর্কে সচেতন হতে হবে। আর হতে হবে নিজ নিজ কর্মক্ষেত্রে নিষ্ঠাবান। ভবিষ্যৎ ভারতের আদর্শ নাগরিক হবার জন্য আজকের ছাত্রসমাজকে আহ্বান জানাই তারা যেন সফল বিদ্যার্থী হবার সঙ্গে সঙ্গে আদর্শ নাগরিক হবারও প্রয়াস করে।

প্রিয়

রমেশ

আজ বেশ কিছুদিন হল তোমার পত্র পেয়েছি কিন্তু উত্তর দেবার সময় হয়ে ওঠেনি। গতকাল আমাদের স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। আমিও এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করেছিলাম। বারোটা বিভাগে খেলা হয়েছিল, যার মধ্যে আমি লংজাম্প ও ১০০ মি: দৌড় প্রতিযোগিতার যথাক্রমে প্রথম ও তৃতীয় স্থান লাভকরি। গতকাল আমরা খুবই আনন্দ করেছি। আশাকরি তোমরা সবাই ভালো আছো। বড়দের প্রণাম ও ছোটোদের ভালবাসা জানিয়ে শেষ করছি।

ইতি

অমল

অথবা

বৃক্ষরোপণ

আজকের দিনে বৃক্ষরোপণ কথাটির বিশেষ  মহত্ব আছে। আজ শহরীকরণের যুগে মানুষ গাছ লাগানো তো দূরের কথা গাছ কাটতেই ব্যস্ত। আজ শুধু ভারতবর্ষই নয় গোটা পৃথিবীর লোকই বৃক্ষরোপণে আগ্রহী, কারণ বৃক্ষ যে ভাবে উপকার করে সেইভাবে আর কেউই তা করতে পারে না। বিশেষ সমীক্ষার দেখা গেছে একটি গাছ একটি সন্তানের মতই মূল্যবান। আজ ভারতবর্ষর বহু জায়গায় উৎসবের মাধ্যমে বৃক্ষ রোপন দিবসটি প্রতিপালিত হয়ে থাকে। আশাকরি আগামী প্রজন্ম বৃক্ষের উপযোগিতা ও উপকারিতা সম্পর্কে সচেতন ও জাগ্রত থাকবে ।

SET –5

সঠিক উত্তরটি লেখো

১ ১-১ সঠিক উত্তরটি লেখো।

ছেলেদের খেলা কার অসহ্য মনে হচ্ছিল ?

(ক) লেখকের (খ) ক্ষুদে ছেলেটির (গ) মেয়েটির (ঘ) চাষার

১-২ নোবেল কি আবিষ্কার করেছিলেন ?

(ক) ডিনামাইট (খ) উড়ো জাহাজ (গ) এটম্ বোমা (ঘ) রেলগাড়ি

১-৩ রঞ্জন কুঞ্জকে কোথায় দেখতে পেলো।

(ক) স্কুলে (খ) চায়ের দোকানে (গ) ক্লাব ঘরে (ঘ) মাঠে

১-৪ অনাচার গল্পটি কার লেখা ।

(ক) মহাশ্বেতা (খ) শকুন্তলা (গ) আশাপূর্ণা দেবী (ঘ) মহাদেবী বর্মা

১-৫ বলরাম ট্রেনে চেপে কোথায় যাচ্ছিল ?

(ক) প্রয়াগে (খ) মথুরায় (গ) বৃন্দাবনে (ঘ) আগ্রায়

১-৬ শান্তিপ্রিয় বন্দ্যোপাধ্যায়ের লেখা গল্পটির নাম কী ?

(ক) অমৃত কুম্ভের সন্ধানে (খ) রাজ্যবৈদ্য জীবক ।

(গ) অনাচার (ঘ) অদ্ভুত যতো আউট

১-৭ প্রাচীন যুগের বাংলা ভাষার প্রথম সাহিত্যিক নিদর্শন কি ?

(ক) শ্রীকৃষ্ণ কীর্তন (খ) রামায়ণ (গ) চর্যাপদ (ঘ) মহাভারত

১-৮ ‘মাইহার কলেজ অফ মিউজিক’ কে স্থাপন করেন ?

(ক) আলাউদ্দীন খান (খ) আলী আকবর খান (গ) আমজাদ আলী খান (ঘ) আসগর আলী খান

১-৯ তথাগত কার নাম ?

(ক) জীবক (খ) বুদ্ধদেব (গ) বিম্বিসার (ঘ) আত্রেয়

১-১০ লোকটি কোন ছাপ টর্চ বিক্রি করতো ?

(ক) চন্দ্রছাপ (খ) তারা ছাপ (গ) সূর্যছাপ (ঘ) প্রদীপ ছাপ

২ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ?

২-১ ধর্ম গত ভাবে পূর্ব পাকিস্তানীরা প্রধানত কী ?
২-২ কাশ্যপ ষংহিতা গ্রন্থটি কোন বিষয়ে লেখা ?
২-৩ চরম দারিদ্রে সুভাষ কাকিমা কিভাবে সংসার চলিতেন ?
২-৪ বিজয় মার্চেন্ট কোন দেশের লোক ছিলেন ?
২-৫ অঙ্কের মাস্টারের নাম কি ছিল ?
২-৬ 'জীবক' উপাধী জীবককে কে দিয়েছিল ?

৩ বিস্তারিত ভাবে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও।
৩-১ রবীন্দ্র সমসাময়িক বাংলা সাহিত্যের পরিচয় দাও।
৩-২ পূর্ণিয়ার গান্ধী আশ্রমের দুরবস্থার বর্ণনা কর।
৩-৩ ভেষজের গুণাগুণ সম্বন্ধে জীবকের জ্ঞান পরীক্ষা করার জন্য আত্রেয় কোন পন্থা অবলম্বন করলেন?

৪ সঠিক উত্তরটি লেখ।

৪-১ মায়ের কোলে ছোট্টো-----------চেচিঁয়ে ওঠে ওঁয়া।

(ক) শিশু (খ) বালিকা (গ) বালক (ঘ) তরুণ

৪-২ হনুমান নিজেকে কার ভৃত্য বলেছে ?

(ক) লক্ষণের (খ) সীতার (গ) রামের (ঘ) রাবণের

৪-৩ লোকে লালনের কি নিয়ে প্রশ্ন করে ?

(ক) ধর্ম (খ) নাম (গ)জাত (ঘ) পরিবার

৪-৪ পূজারিণী কবিতায় কোন ঋতুর উল্লেখ করা হয়েছে ?

(ক) বর্ষা (খ) শরত (গ) বসন্ত (ঘ) হেমন্ত

৪-৫ কবি কাকে ভালবাসে ?

(ক) মাকে (খ) শিক্ষককে (গ) বন্ধুকে (ঘ) ভাইকে

৪-৬ 'ভৌগলিক' কবিতাটি কার লেখা।

(ক) নরেন্দ্রনাথ মিত্র (খ) রবীন্দ্রনাথ (গ) প্রেমেন্দ্র মিত্র (ঘ) সুভাষ মুখোপাধ্যায়

৪-৭ উজান ডিঙি কবিতাতে কোন নদীর নাম  উল্লেখ করা হয়েছে ?

(ক) গঙ্গা (খ) কীর্তন খোলা (গ) যমুনা (ঘ) পদ্মা

৪-৮ কে দুষ্ট মন্ত্রণা দেয় ?

(ক) শকুন (খ) চিল (গ) কাক (ঘ) কোকিল।

৪-৯ অমায়িক মতো কি বাজার কথা বলা হয়েছে ?

(ক) রেডিও (খ) মাইক (গ) গ্রামোফোন (ঘ) বেহালা

৪-১০ কন্যার গলার হার কি দিয়ে তৈরী ?

(ক) বিদ্যুতের ঝিলিক (খ) রূপো (গ) সোনা (ঘ) হীরা

৫ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৫-১ জনক ঝিয়ারি কাকে বলা হয়েছে ?
৫-২ কবিকে কেন জন্মভূমি পরিত্যাগ করে যেতে হয়েছিল ?
৫-৩ পাখীর শাবকেরা সারাদিন কি কি করে ?
৫-৪ ভৌগলিক শব্দের আক্ষরিক অর্থ কি ?
৫-৫ ব্রাহ্মণ কিসে চিহ্নিত হয় ?
৫-৬ সবাইকে একদিন কোথায় চলে যেতে হবে ?

৬ যে কোনো একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে দাও।

৬-১ কবির কল্পনায় বর্ষার যে চঞ্চল রূপ ধরা পড়েছে তা নিজের ভাষায় লেখ।
৬-২ 'পলিউশন' বলতে কবি কি বুঝিয়েছেন? বিস্তারিত ভাবে লেখ।
৬-৩ জননী জন্মভূমিকে কবি নিজের কোন অনুভূতির কথা বলতে পারেন নি?

৭ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো।

৭-১ শ্রাবস্তীপুরে দুর্ভিক্ষ দেখা দিলে গৌতমবুদ্ধ নগরবাসীর কাছে কি আবেদন করেন? তার আবেদনে নগরবাসীর কিরকম প্রতিক্রিয়া হয়েছিল ?
৭-২ রাজমহিষী করুণার নির্বুদ্ধিতার পরিচয় দাও। রাজা রানিকে কি ভাবে রাজদন্ড দিলেন ?
৭-৩ চামার কুলপতি কি পরামর্শ দিয়েছিল ? এর ফলে সমস্যার সমাধান হয়েছিল কি ?
৭-৪ 'মূল্যপ্রাপ্তি' কবিতাটিতে সুদাসমালী পদ্মটির বিনিময়ে যে মূল্যলাভ করেছে সে বিষয়ে লেখ।
৮ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :-

৮-১ নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো ।
রহস্য, জ্ঞান, সাহিত্য, চিকিৎসা
৮-২ নীচের প্রবাদগুলির অর্থসহ বাক্য রচনা করো
ভূতের মুখে রামনাম, সস্তার তিন অবস্থা, অতি ভক্তি চোরের লক্ষণ, চোরে চোরে মাসতুতো ভাই।
৮-৩ বহুপদের একপদে পরিবর্তন করো।
যার দ্বিতীয় নাই, শত অব্দের সমাহার, জনকের পুত্রী, অরিকে দমন করে যে।
৮-৪ সমোচ্চারিত শব্দগুলির অর্থ লেখো।

করি-করী, কমল-কোমল, প্রসাদ-প্রাসাদ, ধনী-ধ্বনি
৮-৫ নীচের শব্দগুলি সন্ধি করো।
উৎ+শ্বাস, অধি+নায়ক, নি:+দেশ, দেব+আলয়।
৮-৬ সমাসগুলির ব্যাসবাক্য সহ নাম লেখো।
বিশ্বকবি, সংবাদপত্র, অপুত্রক, শরণাপন্ন।

৯ হিন্দিতে অনুবাদ করো।

বেশ কয়েকবছর আগেকার কথা। ভারত সেবার গেছে ইংল্যান্ড সফরে। ওভাল টেস্ট সেদিন তখন ব্যাটিং করেছিলেন ভারতের নামকরা ব্যাটসম্যান বিজয় মার্চেন্ট, খুব সুন্দর ভাবে খেলছিলেন তিনি। তাঁর দর্শনীয় মারের চমকে মাঠের পরিবেশই পাল্টে গেছিল।

১০ যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :--

(ক) সমাজসেবা

(খ) জনগণনা ও ক্রমবর্ধমান জনসংখ্যা

১১ তোমার দেখা একটি বিজ্ঞান প্রদর্শনীর বিষয়ে জানিয়ে বন্ধুকে চিঠি লেখ।

অথবা

প্রিয় বন্ধুকে একটি ভ্রমণ স্থলের বিষয়ে পত্র লেখো।

উত্তরমালা

১ ১-১ গ, ১-২ ক, ১-৩ খ, ১-৪ গ, ১-৫ ক, ১-৬ ঘ, ১-৭ গ, ১-৮ ক, ১-৯ খ, ১-১০ গ
২ ২-১ খ্রীষ্টান
২-২ আয়ুর্বেদ শাস্ত্র
২-৩ সোনাদানা বিক্রি করে
২-৪ ভারতবর্ষ
২-৫ গোপীবাবু
২-৬ গুরু আত্রেয়

৩-১ রবীন্দ্র সমসাময়িক বাংলা সাহিত্য কাব্য কবিতার ক্ষেত্রে সত্যেন্দ্রনাথ দত্ত, কালিদাস রায়, মোহিত লাল মজুমদার,কাজী নজরুল ইসলাম, যতীন্দ্রনাথ সেনগুপ্ত প্রমুখ কবিগণ উল্লেখযোগ্য। নাটকের ক্ষেত্রে দ্বিজেন্দ্রলাল রায়,ক্ষীরোদ প্রসাদ বিদ্যাবিনোদ পরে গিরিশচন্দ্র ঘোষ ও অন্যান্য নাট্যকারদের আর্বিভাব হয়। উপন্যাস ও ছোটোগল্পের আঙ্গিনায় প্রভাত কুমার মুখোপাধ্যায় , শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, বিভূতি ভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়,অগ্রগণ্য সাহিত্যিক। রামেন্দ্র সুন্দর ত্রিবেদী, বলেন্দ্রনাথ ঠাকুর, প্রমথ চৌধুরী প্রমুখ লেখকগণ বাংলা প্রবন্ধ সাহিত্যের উজ্জ্বল তারকা ছিলেন।

৩-২ পূর্ণিয়ার গান্ধী আশ্রমের যা দুরবস্থার কথা বলা হয়েছে তা হ'লো।, টিউবওয়েলের মাথাটা নেই, সীল করা দরজায় তালা নেই। রান্নাঘরের দরজার কপাট নেই। লাইব্রেরিতে একটাও বই নেই। গরুর গাড়ীর চাকা দুটি নেই। একটাও ফুলগাছ নেই। কেবল আছে বলতে জীর্ণশীর্ণ আশ্রমটি আগাছায় ভরা।

৩-৩ ভেষজ গুনাগুণ সম্পর্কে জীবকের জ্ঞান পরীক্ষার জন্য গুরু আত্রেয় জীবককে আদেশ দিলেন যে এমন কিছু লতাপাতা নিয়ে এসো যা চিকিৎসায় কাজে লাগে না।

৪ ৪-১ ক, ৪-২ গ, ৪-৩ গ, ৪-৪ ঘ, ৪-৫ ক, ৪-৬ গ, ৪-৭ খ, ৪-৮ ঘ, ৪-৯খ, ৪-১০-ক

৫ ৫-১ সীতাকে
৫-২ দেশ বিভাগের জন্য
৫-৩ লাফায় দাপায় আর ঝগড়া করে
৫-৪ ভূগোল সম্বন্ধীয়
৫-৫ পৈতে
৫-৬ মরণ সাগর পার

৬ ৬-১ কবির কল্পনায় বর্ষা একটি চঞ্চলা বালিকা। কালো মেঘ তার কেশরাশি। মেঘলা ধূসর রঙের শাড়ি। বিদ্যুতের ঝিলিক দিয়ে তার হার তৈরী হয়েছে। বৃষ্টির টাপুর টুপুর ধ্বনিকে কবি বালিকার নূপুরের ধ্বনির সাথে তুলনা করেছেন।

৬-২ 'পলিউশন' বলতে কবি দূষণের কথা বলতে চেয়েছেন। আজ গোটা মানবজাতি দূষণের শিকার, আজ জলে, স্থলে, বায়ুতে সর্বত্রই দূষণ দিনে দিনে বেড়েই চলেছে। মানুষ আজ শব্দ দূষণের কারণেও পরিশ্রান্ত, আজ মানুষের একটাই চিন্তা কিভাবে এই সমস্যার হাত থেকে মুক্তি পাওয়া যাবে।

৬-৩ জননী ও জন্মভূমিকে কবি তার ভালবাসার কথা বলতে পারেননি। কবি মায়ের জন্য টিফিনের পয়সা বাঁচিয়ে কমলালেবু কিনে আনতেন, তিনি নীরবে মাকে ভালবাসতেন কিন্তু মুখে বলে তা প্রকাশ করতে পারেননি।

কবি ঠিক সমানভাবে জন্মভূমিকেও ভালবাসতেন। তিনি এই মাটিতেই ভর দিয়ে দাঁড়িয়েছেন। তার হাতের দশটি আঙ্গুলে তার চিহ্ন আজও তিনি অনুভব করেন। তিনি মনে করেন তার হৃদয়-বীণার তার দেশ মাতৃকার হাতে বাজে, দেশমাতৃকার লাঞ্ছনা-কবিকে ব্যথিত করে। দেশমায়ের শত্রুকে পরাস্ত করার জন্য কবি উদগ্রীব। তিনি দেশমাতৃকাকেও সমানভাবে ভালবাসতেন।

৭ ৭-১ শ্রাবস্তীপুরে দুর্ভিক্ষ দেখা দিলে প্রভু বুদ্ধ নগরবাসীকে এই দুর্ভিক্ষের ভার বহন করবার জন্য আহ্বান জানিয়ে ছিলেন। কিন্তু তার এই আবেদনে শহরের ধনী ব্যক্তিরা একে একে সকলেই নিজেদের অক্ষমতা ব্যক্ত করেন। কেবল মাত্র দরিদ্র নারী সুপ্রিয়া এই ভার নিতে রাজী হয়।

৭-২ রাজমহিষী করুণা নিজের স্নান সমারোহ সম্পন্ন করে, শীত নিবারণের জন্য দরিদ্র প্রজাদের কুটীরগুলিতে আগুন জ্বালিয়ে দেন। যার ফলে প্রজারা গৃহহীন হয়ে যান। গৃহহীন অসহায় প্রজারা রাজার কাছে করুণ

আবেদন জানায়। তখন রাজা রানীকে শাস্তি স্বরূপ এক বছরের নির্বাসন দেন এবং নির্দেশ দেন যে একবছর সময়ের মধ্যে তার দ্বারা নষ্ট হয়ে যাওয়া কুটিরগুলি পুনরায় নির্মাণ করে দিতে হবে।

৭-৩ চামার কুলপতি পরামর্শ দিলেন পুরো রাজ্যকে চামড়া দিয়ে না মুড়ে কেবল রাজার পা দুটি চামড়া দিয়ে মুড়ে দিলে সমস্যার সমাধান হবে। তার এই পরামর্শের ফলে সত্যই সমস্যার সমাধান হয়েছিল। কারণ রাজার পা দুটি জুতো দিয়ে ঢেকে দেবার জন্য আর কোনো রকম ধূলো বা নোংরা পায়ে লাগাবার অবকাশ রইল না।

৭-৪ সুদাস মালী তার কাননে ফোটা পদ্মফুলটি প্রথমে বিক্রি করাবার জন্য ভাবে। কিন্তু পরে সে স্থির করে, যার কারণে ফুলটি কেনার জন্য রাজা ও পথিকের যে ব্যাকুলতা সেটি যদি আমি নিজেই তাকে দিয়ে আসি তবে না জানি আরও অধিক মূল্য পাব। সে ফুলটি প্রভু-বুদ্ধের চরণে নিবেদন করেন এবং এক অমূল্য স্বর্গীয় আনন্দ ও শান্তির সম্পদ লাভ করে।

৮ ৮-১ রহস্যময়, জ্ঞানী, সাহিত্যিক, চিকিৎসক।

৮-২ আজ তুমি বড়ো রমেশের প্রশংসা করছে। এ যে দেখছি ভূতের মুখে রাম নাম। বাবা আজ কম দামে প্রচুর আম এনেছিল কিন্তু দেখা গেল বেশীরভাগই পচা, এতো সস্তার তিন অবস্থা। আজ হটাৎ ময়ের উপর এত অনুরাগ কেন? আগে তো এমন দেখিনি, অতি ভক্তি চোরের লক্ষণ। রাজা-রানী দুটোতে মিলেই আয়নাটা ভেঙেছে। অথচ তা স্বীকার করছেনা, চোরে চোরে মাসতুতো ভাই।

৮-৩ অদ্বিতীয়, শতাব্দী, জানকী, অরিন্দম।

৮-৪ করি-কর্ম করা। কমল-পদ্মফুল। প্রসাদ-ভগবানের দেওয়া ভোগ।

করী-হাতি। কোমল-নরম। প্রাসাদ-অট্টালিকা। ধনী-বড়লোক/অবস্থাপন্ন, ধ্বনি-শব্দ

৮-৫ উচ্ছ্বাস, অধিনায়ক, নির্দেশ, দেবালয়।

৮-৬ বিশ্বের কবি-
সংবাদের জন্য পত্র
নাই পুত্র যার-
শরণ কে আপন্ন

৯, कुछ साल पहले की बात है । भारत उसवार गया इंग्लैंड सफर मे। ओवल टेस्ट मे उसदिन बैटिंग कर रहे थे भारत का नामजादा खिलारी विजय मार्चेंट। वह बहुत ही अच्छा खेल रहे थे । उनके दर्शनीय प्रदर्शन से मैदान का परिबेश ही बदल गया था ।

সমাজ সেবা

সমাজ সেবা একটি সুন্দর অনুভূতি। যে কোনো ভাবেই আমরা সমাজসেবা করতে পারি। সমাজে যেমন বিভিন্ন  রকমের মানুষ থাকে সেই রকমই তাদের প্রয়োজনেও নানা রকমের মানুষ থাকে সেই রকমই তাদের প্রয়োজনও নানা রকমের। তবে সমাজের যে সমস্ত শ্রেণীর মানুষের সত্যিকারের সাহায্যের প্রয়োজন আছে। তাদের সেবা করা বা সাহায্য করাটা একান্তভাবেই বাঞ্ছনীয়। সমাজ সেবার ক্ষেত্রে ভিন্ন ভিন্ন দিক দেখা যায়। সমাজে বহুমুখী দিশা আছে। কেউবা বৃদ্ধ বৃদ্ধাদের সেবা করে কেউবা অনাথ ছেলে মেয়েদের সেবা করে। কেউবা অসহায় নারী সমাজের সহায়তা করে। সমাজ সেবার কোনো সীমা বা গন্ডী নেই। মানুষ প্রত্যেকেই আমরা নিজের জন্য বাঁচি কিন্তু অন্যের জন্য কিছু করতে পারার মধ্যে যে আনন্দ ও শান্তি আছে তা সত্যিই অনবদ্য। তাই সামাজিক প্রাণী হিসাবে আমাদের প্রত্যেকেরই সমাজসেবামূলক কাজে সামান্যতম অবদান থাকা উচিত।

জনগণনা ও ক্রমবর্ধমান জনসংখ্যা

'জনসংখ্যা' শব্দটি আজ ভারতবর্ষের সামনে একটি বিরাট শর্ত। যে ভাবে দিনে দিনে জনসংখ্যা বেড়ে চলেছে তা আজ ভাববার বিষয়বস্তু। জনসংখ্যা প্রতিরোধ করবার জন্য দরকার শিক্ষিত জনসমাজ। শিক্ষার বিস্তার হ'লেই মানুষ জনসংখ্যা সম্বন্ধে সচেতন হবে এবং জনসংখ্যার ব্যাপক বৃদ্ধি কিছু অংশে কম হবে। জনসংখ্যার হ্রাস বা বৃদ্ধি সম্বন্ধে আমরা অবগত হতে পারি জনগণনার মাধ্যমে। আমাদের দেশে জনগণনা প্রতি দশ বছর অন্তর হয়ে থাকে। জনগণনার দ্বারাই আমরা দেশের নারী পুরুষের অনুপাত জানতে পারি। তাই জনগণনা ও জনসংখ্যা একটি বিষয়ের দুটি দিশা।

প্রিয়

শ্রেয়াংশু

আশাকরি ভালো আছো। গতকাল বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল। এই প্রদর্শনীটিতে ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণীর ছাত্ররা অংশ গ্রহণ করেছিল। এতে ভৌতিক বিজ্ঞান, রসায়ন ও জীবনবিজ্ঞান সব বিষয়গুলি নিয়েই আলোচনা ও প্রদর্শনের ব্যবস্থা ছিল। তুমি বিজ্ঞান বিভাগের ছাত্র এবং জীবন বিজ্ঞানে তোমার বিশেষ অনুরাগ আছে, তাই তোমার অনুপস্থিতির জন্য আমার ভীষণ খারাপ লাগছিল। পরবর্তী কালে যখনই বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হবে অবশ্যই তুমি আসবে। বড়দের প্রণাম ও ছোটোদের ভালবাসা জানিয়ে শেষ করছি।

ইতি

রাহুল

প্রিয়

অমৃতা

আজ বেশ কিছুদিন আগেই তোমার পত্র পেয়েছি, কিন্তু উত্তর দেবার সময় আজ পেলাম। আজ থেকে প্রায় দশ দিন আগে আমরা দার্জিলিং থেকে ফিরেছি। দার্জিলিং পাহাড়ের কোলে এক সুন্দর শহর। এখানকার পার্শ্ব দৃশ্য, টাইগার হিল, বাতা-সিয়া লুক, রক গার্ডেন, টয়-ট্রেন, আরও অনেক জায়গা আমরা ঘুরেছি। ফিরে আসবার পরেও আমাকে দার্জিলিং হাতছানি দেয়।

যদি কখনও সম্ভব হয় তোমরাও একবার ঘুরে এসো। আজ তবে আসি। বড়দের প্রণামও ছোটোদের ভালবাসা জানিয়ে শেষ করছি।

ইতি

অরুনীতা

SET - 6

সঠিক উত্তরটি লেখ : - 10 x 1 = 10

১-১ মাস্তলের ওপরে বসে কে নিশ্চিন্ত মনে বিশ্রাম করছিল ?

(ক) শিশুটি (খ) রাজা (গ) ছোট মেয়েটি (ঘ) বড় মেয়েটি

১-২ রঞ্জন কুঞ্জকে কোথায় দেখতে পেল ?

(ক) স্কুলে (খ) মাঠে (গ) চায়ের দোকানে (ঘ) ক্লাব ঘরে

১-৩ কবি মোটর গাড়ীতে চড়ে কোথায় যাচ্ছিলেন ?

(ক) জঙ্গল দেখতে (খ) পাহাড় দেখতে (গ) নদী দেখতে (ঘ) পূজো দেখতে

১-8 সুভাষ কাকা সিনেমা সিনেমা হুজুগ করে কোথায় চলে গিয়েছিলেন ?

(ক) কলকাতা (খ) দিল্লী (গ) পুনে (ঘ) বম্বে

১-৫ জীবকের লেখা বইটির নাম কী ?

(ক) আত্রেয় সংহিতা (খ) রামায়ণ (গ) উপনিষদ (ঘ) কাশ্যপ সংহিতা

১-৬ কত বছর আগে লোকটি ও তার বন্ধু হতাশ হয়ে এক জায়গায় বসে ছিল ?

(ক) চার বছর (খ) সাত বছর (গ) পাঁচ বছর (ঘ) দশ বছর

১-৭ সুভাষ কাকিমা কি ভাবে সংসার চালাতেন ?

(ক) সোনা দানা বিক্রি করে (খ) শিক্ষকতা করে (গ) চাকরি করে

(ঘ) লোকের বাড়িতে কাজ করে

১-৮ "অমৃত কুম্ভের সন্ধানে" রচনাটির রচয়িতা কে ?

(ক) রবীন্দ্রনাথ (খ) বিহারী লাল (গ) কালকূট (ঘ) বঙ্কিম চন্দ্র

১-৯ লোকটি কোন ছাপ টর্চ বিক্রি করতো ?

(ক) তারাছাপ (খ) সূর্য ছাপ (গ) প্রদীপ ছাপ (ঘ) চন্দ্র ছাপ

১-১০ "মাইহার কলেজ অফ মিউজিক" কে স্থাপন করেন ?

(ক) আলাউদ্দীন খান (খ) আলী আকবর খান (গ) আমজাদ আলি খান (ঘ) আসগর আলি খান

২ অতি সংক্ষেপে যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও। 4 x 2 = 8

২-১ নোবেল কি আবিষ্কার করেছিলেন ?
২-২ মৌলভি সাহেব কিসে চড়ে স্কুলে আসতেন ?
২-৩ অ্যাংলো ইন্ডিয়ানরা ধর্মগত ভাবে কি ছিল ?
২-৪ চা চপ খেয়ে কুঞ্জ বাড়ি না গিয়ে কোথায় গেল ?
২-৫ শ্রীকৃষ্ণ কীর্তনের বিষয় বস্তু কী?
২-৬ তক্ষশীলা কি কারণে বিখ্যাত ছিল ?

৩ বিস্তারিত ভাবে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। 1 x 7 = 7

৩-১ "গহন বনের গল্প" বইটি হাতের মুঠোয় পাওয়া সত্বেও লেখক কেন বইটি পড়বে না বলে স্থির করলেন ?

৩-২ ভেষজ গুণাগুণ সম্বন্ধে জীবকের জ্ঞান পরীক্ষা করবার জন্য গুরু আত্রেয় কোন পন্থা অবলম্বন করলেন ?

৩-৩ রঞ্জন কেন মাকে মিথ্যা কথা বলেছিল ? মাস্টারমশাই রঞ্জনকে কি ভাবে শাস্তি দিলেন ?

৪ সঠিক উত্তরটি লেখ : - 10 x 1 = 10

৪-১ হনুমান লঙ্কায় গিয়ে কোথায় সীতার দেখা পেলেন ?

(ক) নন্দন কাননে (খ) সুন্দর বনে (গ) অশোক কাননে (ঘ) নদীর ধারে

৪-২ শুভ্র পাষাণ ফলাক কার রক্তে লাল হোল ?

(ক) রাজমহিষী (খ) শ্রীমতী (গ) রাজবধূ (ঘ) রাজনন্দিনী

৪-৩ কিসের পতাকা নিয়ে সবাইকে এগিয়ে যাবার কথা বলা হয়েছে ?

(ক) কর্মের (খ) জাতির (গ) ধর্মের (ঘ) নীতির

৪-৪ কবি কাকে ভালবাসতেন ?

(ক) ভাইকে (খ) শিক্ষককে (গ) বন্ধুকে (ঘ) মাকে

৪-৫ ভৌগলিক কবিতায় গ্রামকে কার মতো বলা হয়েছে ?

(ক) মরুভূমির মতো (খ) পর্বতের মতো (গ) ছবির মত (ঘ) মালভূমির মতো

৪-৬ লালন ফকির রচিত কবিতাটির নাম কি ?

(ক) ভৌগলিক (খ) পূজারিণী (গ) জাত বিচার (ঘ) উজানডিঙি

৪-৭ ওম্ শব্দটির অর্থ কি ?

(ক) তরল (খ) উষ্ণতা (গ) শীতল (ঘ) শক্ত

৪-৮ অমাইকের মত কি বাজছে ?

(ক) মাইক (খ) সেতার (গ) রেডিয়ো (ঘ) বাঁশী

৪-৯ উঠোন জুড়ে কার নাচের কথা বলা হয়েছে ?

(ক) শিশুর (খ) তরুণীর (গ) বর্ষার (ঘ) নর্তকীর

৪-১০ উজান ডিঙি কবিতায় কোন নদীর নাম উল্লেখ করা হয়েছে ?

(ক) যমুনা (খ) কীর্তন খোলা (গ) ভাগরথী (ঘ) পদ্মা

৫ অতি সংক্ষেপে যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও । 4 x 2 = 8

৫-১ জনক ঝিয়ারী বলতে কাকে বলা হয়েছে ?
৫-২ বুদ্ধের স্তূপ কে তৈরী করে ছিলেন ?
৫-৩ লোকে লালনের কি নিয়ে কথা বলে ?
৫-৪ আমরা জীবনকে কি ভাবে সাজাচ্ছিলাম ?
৫-৫ কন্যার নূপুরের ধ্বনি কি রকম ?

৫-৬ পূজোর চিঠি কিসের মাধ্যমে কবির কাছে পৌছায় ?

৬ বিস্তারিত ভাবে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও । 1 x 7 =7

৬-১ শ্রীমতীকে দেখে রাজমহিষী ভীত হলেন কেন ? তাকে মহিষী কি বলেছিলেন ?

৬-২ ‘পলিউশন’ বলতে কবি কি বুঝিয়েছেন ?

৬-৩ কবির কল্পনায় বর্ষার যে চঞ্চলরূপ ধরা পড়েছে তার বর্ণনা করো ।

৭ যে কোন তিনটি প্রশ্নের উত্তর লেখ । 3 x 5 = 15

৭-১ নগর লক্ষ্মী কে? কেন তাকে নগর লক্ষ্মী বলা হয়েছ ?

৭-২ রাজা কি কারণে রাণী কে শাস্তি দিলেন ? তিনি তাকে কি করবার নির্দেশ দিলেন ?

৭-৩ কবীর কেন লোক চক্ষুর আড়ালে থাকতে চাইতেন ?
ব্রাহ্মণের দল কেন কবীরের ওপর রেগে গেলেন ?

৭-8 চামার কুলপতি কি পরামর্শ দিয়েছিল ?এর ফলে সমস্যার সমাধান হয়েছিল কি ?

৮ যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও । 4 x 4 = 16

৮-১ ধ্বনাত্বক শব্দগুলি দিয়ে বাক্য রচনা করো । 1 x 4 = 4

টনটন, ধবধবে, বকবক, ঝকঝক

৮-২ পদ পরিবর্তন করো । 1 x 4 = 4

হিসাব, রচনা, সার্থক, বিকাস

৮-৩ এক কথায় প্রকাশ করো । 1 x 4 = 4

প্রিয় যে বলে , সাত দিনের সমাহার, একই গুরুর শিষ্য, জীবন পর্যন্ত

৮-8 বিপরীতার্থক শব্দ লেখো । 1 x 4 = 4

আকর্ষণ, উচিত, শান্ত, পরিষ্কার

৮-৫ সন্ধি বিচ্ছেদ করো । 1 x 4 = 4

মেঘালয়, রত্নাকর, মহাত্মা, সঞ্চয়

৮-৬ সমোচ্চারিত শব্দগুলির অর্থ লেখ। 1 x 4 = 4

বিনা – বীণা, অন্ন – অন্য, দেশ – দ্বেষ, সহিত – স্বহিত

৯ নীচের দেওয়া অংশটি হিন্দিতে অনুবাদ করো । 4

বেশ কয়েক বছর আগেকার কথা। ভারত সেবার গেছে ইংল্যান্ড সফরে। ওভাল টেস্টে সেদিন তখন ব্যাটিং করছিলেন ভারতের নামকরা ব্যাটসম্যান বিজয় মার্চেন্ট। খুব সুন্দর ভাবে খেলছিলেন তিনি।

১০ যে কোন একটি বিষয়ে অনুচ্ছেদ লেখ। 1 x 8 =8

১০-১ সমাজ সেবা

১০-২ একটি প্রিয় পুস্তক

১১ একটি ছুটির দিনের বর্ণনা করে বন্ধুকে পত্র লেখ। 7

অথবা

১২ ছোট বোনকে তার জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে পত্র লেখ।

১ উত্তরমালা

| ১-১ | ১-২ | ১-৩ | ১-৪ | ১-৫ | ১-৬ | ১-৭ | ১-৮ | ১-৯ | ১-১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ | গ | ক | ঘ | ঘ | গ | ক | গ | খ | ক |

২-১ ডিনামাইট
২-২ ঘোড়া
২-৩ খ্রিষ্টান
২-৪ সিনেমা
২-৫ রাধাকৃষ্ণের লীলা
২-৬ ধর্ম ও শিক্ষা

৩-১ "গহন বনের গল্প" বইটি হাতের মুঠোয় পাওয়া সত্বেও লেখক বইটি পড়তে রাজী হলেন না কারণ, মানুষের ছোটবেলায় যা আশা আকাঙ্ক্ষা থাকে বড়ো হলে তা আর থাকে না। ছোট বেলার সেই অনুভূতি হয়ত বা আজ আর নেই। যে সব বুন জীব জন্তু একদিন মনকে ভয় আচ্ছন্ন করে রাখত, হয়ত আজ আর তার কোন প্রয়োজন নেই, হয়ত বা ছেলেবেলার মনটা একদমই বদলে গেছে। তাই তিনি বইটা পড়তে রাজি হলেন না।

৩-২ ভেষজ গুণাগুণ জীবকের জ্ঞান পরীক্ষার জন্য গুরু আত্রেয় তাকে আদেশ দেন যে

এমন কিছু লতা পাতা গাছ পালা আনো যা চিকিৎসার কোন কাজে লাগে না।

৩-৩ রঞ্জন কুঞ্জর থেকে বইটা নেওয়ার জন্য ভোর বেলায় কুঞ্জর বাড়ীতে যাওয়ার সময় মা তাকে প্রশ্ন করে যে সে কোথায় যাচ্ছে? তখন সে মাকে মিথ্যা কথা বলে যে সে যাচ্ছে মর্নিং ওয়াক করতে। মাস্টার মশায় রঞ্জনকে কুঞ্জর সাথে চায়ের দোকানে দেখে ফেলেছিলেন তাই জন্য মাস্টারমশাই তাকে সজোরে একটি চড় মারলেন।

| ৪ | ৪-১ | ৪-২ | ৪-৩ | ৪-৪ | ৪-৫ | ৪-৬ | ৪-৭ | ৪-৮ | ৪-৯ | ৪-১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | গ | খ | ক | ঘ | গ | গ | খ | ক | গ | খ |

৫-১ সীতাকে
৫-২ বিম্বিসার
৫-৩ জাত
৫-৪ নিজের মত করে
৫-৫ টাপুর টুপুর
৫-৬ মেঘের

৬-১ শ্রীমতীকে দেখে রাজমহিষী ভীত হলেন কারণ সে রাজার আদেশ অমান্য করবার দুঃসাহস দেখিয়েছিল এবং সন্ধ্যারতি সাজিয়ে নিয়ে রাজমহিষীর কাছে এসেছিল। মহিষী তার এ দুঃসাহস দেখা তাকে সাবধান করে দিলেন এবং বললেন যে প্রভু বুদ্ধের স্তূপে আরতি অর্চনা করবে রাজা আদেশে তাকে মৃত্যুদন্ড দেওয়া হবে।

৬-২ "পলিউশন" বলতে কবি এখানে বিভিন্ন প্রকারের দূষণের উল্লেখ করেছেন।

যেমন গাড়ী বাস প্রভৃতির জন্য বায়ু দূষণ, উচ্চ স্বরে মাইক ইত্যাদি বাজাবার জন্য তৈরী হয় শব্দ দূষণ আর জল দূষণ তো আছেই। অর্থাৎ মানুষ আজ দূষণের কারণে আতঙ্কিত।

৬-৩ কবির কল্পনায় বর্ষা একটি চঞ্চলা বালিকা। কালো মেঘ তার কেশরাশি, অঙ্গে মেঘলা সেলেট রং এর শাড়ি আর গলার হার বিদ্যুৎ দিয়ে তৈরী। বৃষ্টির টাপুর টুপুর ধ্বনি যেন কন্যার পায়ের নূপুরের আওয়াজ।

৭-১ নগর লক্ষ্মী হচ্ছে সুপ্রিয়া। তাকে নগরলক্ষী বলার কারণ এই যে, যখন শ্রাবস্তীপুর দুর্ভিক্ষের আগুনে জ্বলছিল, তখন প্রভু বুদ্ধ এই ক্ষুধাপিড়িত মানুষগুলির ক্ষুধা নিবারণের জন্য নগরবাসীর কাছে আবেদন জানান। কিন্তু তাঁর এই আবেদন যখন কেউই সাড়া দেননি তখন সুপ্রিয়া এই কার্যভারে নিজের ওপর স্বেচ্ছায় নেয়।

৭-২ সামান্য ক্ষতি কবিতাটিতে রানী করুণা সখীদের সঙ্গে নিয়ে গেলেন স্নান করতে। স্নান শেষ হলে তার শারীরকে তপ্ত করবার জন্য, রানী সখীদের নির্দেশ দেন যে আশে-পাশের সমস্ত কুটীর জ্বালিয়ে দেওয়া হোক। রানীর এই নির্বুদ্ধিতার পরিণাম স্বরূপ দরিদ্র প্রজারা গৃহহীন হয় এবং তারা রানীর বিরুদ্ধে অভিযোগ জানায়। প্রজাদের অভিযোগের কারণে এবং রানীর এই নির্বুদ্ধিতার শাস্তি স্বরূপ রাজা রানীকে নির্বাসন দেন। এবং একবছরের মধ্যে নষ্ট হয়ে যাওয়া কুটির গুলি পুনরায় নির্মাণ করে দেওয়ার নির্দেশ দিলেন।

৭-৩ কবীর ঈশ্বরের সঙ্গে যোগাযোগ করবার জন্য, সবার চোখের আড়ালে থাকতে চাইতেন। কবীরের নাম যশ খ্যাতি দেখে ব্রাহ্মণের দল তার উপর রেগে থাকত।

৭-৪ চামার কুলপতি পরামর্শ দিলেন পুরো রাজ্যকে চামড়া দিয়ে না মুড়ে কেবল রাজার পা দুটি চামড়া দিয়ে মুড়ে দিলে সমস্যার সমাধান হবে। তার এই পরামর্শের ফলে সত্যই সমস্যার সমাধান হয়েছিল। কারণ রাজার পা দুটি জুতো দিয়ে ঢেকে দেবার জন্য আর কোনো রকম ধূলো বা নোংরা পায়ে লাগাবার অবকাশ রইল না।

৮-১ মাথাটা ব্যথায় টনটন করছে
কাপড়টা ধবধবে সাদা
বুড়ীটা সারাদিন ধরে বকবক করছে
বাসনগুলো ঝকঝক করছে
৮-২ হিসাবী, রচিত, সার্থকতা, বিকশিত
৮-৩ প্রিয়ংবদা, সপ্তাহ, সতীর্থ, আজীবন
৮-৪ বিকর্ষণ, অনুচিত , অশান্ত/চঞ্চল, অপরিষ্কার/নোংরা
৮-৫ মেঘ + আলয়, রত্ন + আকর, মহা + আত্মা, সম্+চয়।
৮-৬ বীণা - বাদ্যযন্ত্র, অন্ন – খাবার
বিনা – ছাড়া, ব্যতীত অন্য – অপর
দেশ – ভুখন্ড সহিত - সঙ্গে
দ্বেষ – হিংসা স্বহিত – নিজের ভাল

৯, कुछ साल पहले की बात है । भारत उसवार गया इंग्लैंड सफर मे। ओवल टेस्ट मे उसदिन बैटिंग कर रहे थे भारत का नामजादा खिलाड़ि विजय मार्चेंट। वह बहुत ही अच्छा खेल रहे थे । उनके दर्शनीय प्रदर्शन से मैदान का परिबेश ही बदल गया था ।

১০ সমাজ সেবা

সমাজ সেবা একটি সুন্দর অনুভূতি। যে কোনো ভাবেই আমরা সমাজসেবা করতে পারি। সমাজে যেমন বিভিন্ন রকমের মানুষ থাকে সেই রকমই তাদের প্রয়োজনেও নানা রকমের। তবে সমাজের যে সমস্ত শ্রেণীর মানুষের সত্যিকারের সাহায্যের প্রয়োজন আছে। তাদের সেবা করা বা সাহায্য করাটা একান্তভাবেই বাঞ্ছনীয়। সমাজ সেবার ক্ষেত্রে ভিন্ন ভিন্ন দিক দেখা যায়। সমাজে বহুমুখী দিশা আছে। কেউবা বৃদ্ধ বৃদ্ধাদের সেবা করে কেউবা অনাথ ছেলে মেয়েদের সেবা করে। কেউবা অসহায় নারী সমাজের সহায়তা করে। সমাজ সেবার কোনো সীমা বা গন্ডী নেই। মানুষ প্রত্যেকেই আমরা নিজের জন্য বাঁচি কিন্তু অন্যের জন্য কিছু করতে পারার মধ্যে যে আনন্দ ও শান্তি আছে তা সত্যিই অনবদ্য। তাই সামাজিক প্রাণী হিসাবে আমাদের প্রত্যেকেরই সমাজসেবামূলক কাজে সামান্যতম অবদান থাকা উচিত।

অথবা

তোমার প্রিয় পুস্তক/বই

আমার প্রিয় পুস্তকের নাম 'রবীন্দ্রনাথের চোখের বালি'। এই পুস্তকটিতে নারী মনের সুপ্ত অনুভূতিগুলিকে লেখক অতি সাবধানে চিত্রায়িত করেছেন। একদিকে আশালতার শিশুসুলভ সরল ভালবাসা অন্যদিকে বিনোদিনীর অপূর্ণ ইচ্ছা, তীব্র প্রতিহিংসা-বোধ দুটি চরিত্রকেই লেখক একই ধারায় ভিন্ন ভিন্ন আঙ্গিকে পরিস্ফুট করেছেন।আবার মহেন্দ্র এবং বিহারী এই দুই পুরুষ চরিত্রও একে অপরের পরিপূরক। বইটিতে অন্যান্য নারী চরিত্রগুলি যেমন রাজলক্ষ্মী, কাকিমা, তারাসুন্দরী, এদের চরিত্রচিত্রণও অত্যন্ত চিত্তাকর্ষণ এ ছাড়া রবীন্দ্রনাথ রচিত এই বইটি অনেকগুলি কারণে আমার কাছে অত্যন্ত প্রিয়।

১১ প্রিয় সম্পূর্ণা

অনেক দিন হলো তোমার কোন তোমার কোন চিঠি পাইনি তাই আজ তোমায় চিঠি লিখতে বসলাম। গতকাল আমরা তিনটি পরিবার মিলে বনভোজনের আয়োজন করেছিলাম। কাল আমাদের ছুটি ছিল। আমাদের সঙ্গে একজন রাঁধুনি এবং একজন সহায়ক নিয়ে যাওয়া হয়েছিল। যাতে রান্নার কাজে কাউকে সময় দিতে না হয়। আমরা ওখানে গিয়ে চারি ধারে ঘুরে ঘুরে অনেক কিছু দেখলাম। দুপুর বেলায় একসঙ্গে মিলে খাওয়া-দাওয়া হলো। ঘরের বাইরে যে,  আলাদা একটা জগত আছে তা কাল সত্যি অনুভব করতে পারলাম। যাই হোক খুবি ভাল অভিজ্ঞতা হয়েছে।

আশাকরি তোমরা সকলে ভাল আছ। বড়দের প্রণাম ছোটদের ভালবাসা দিয়ে শেষ করছি।

ইতি

শ্রীপর্ণা মুখার্জী

অথবা

স্নেহের দিশা,

আজ দুরে থেকে তোর কথা বারবার মনে পড়ছে। আগামী ২২শে জুলাই তোর জন্মদিন। সেদিন আমার ভীষণ ভাবে তোর কথা মনে পড়বে। ঐ দিন কি কি করলি, কে কে এসেছিল, সারাদিনটা কি ভাবে কাটালি তা অবশ্যই  জানাবি। দূর থেকে তোকে জন্মদিনের শুভেচ্ছা জানালাম। ঈশ্বর তোর জীবনের আগামী দিনগুলো মঙ্গলময় করুক।

ইতি

দিদি

Set – 7

১ সঠিক উত্তরটি লেখ :- 10 x 1 = 10

১-১ মাস্তুলের ওপরে বসে কে নিশ্চিন্ত মনে বিশ্রাম করছিল ?

(ক) শিশুটি (খ) রাজা (গ) ছোট মেয়েটি (ঘ) বড় মেয়েটি

১-২ গীতাঞ্জলী রচনার জন্য রবীন্দ্রনাথকে কোন পুরস্কার দেওয়া হয়েছিল?

(ক) পদ্মভূষণ (খ) অর্জুন (গ) নোবেল (ঘ) ভারতরত্ন

১-৩ দুবেজী বিলুকে একান্তে নিয়ে গিয়ে কি দায়িত্ব দিতে চেয়েছিলেন?

(ক) টাকা পয়সা (খ) জমি জমা (গ) ঘর বাড়ী (ঘ) বই পত্র

১-৪ “সেই বইটি” গল্পটিতে কোন বইয়ের কথা বলা হয়েছে ?

(ক) গহন বনের গল্প (খ) গহন কাননের গল্প (গ) গহন অরণ্যের গল্প

(ঘ) গহন জঙ্গলের গল্প

১-৫ সুভাষ কাকিমা কি ভাবে সংসার চালাতেন ?

(ক) সোনা দানা বিক্রি করে (খ) শিক্ষকতা করে (গ) চাকরি করে

(ঘ) লোকের বাড়িতে কাজ করে

১-৬ বলরাম কোথায় চাপা পড়ে ছিল ?

(ক) গাড়ীর তলায় (খ) মালপত্রের নীচে (গ) সীটের তলায় (ঘ) লোকজনের ভিড়ে

১-৭ বিজয় মার্চেন্ট কোন দেশের লোক ছিলেন ?

(ক) অস্ট্রেলিয়ার (খ) ভারতের (গ) ইংল্যান্ডের (ঘ) শ্রীলঙ্কার

১-৮  জীবক বাড়ী ছেড়ে শিক্ষা লাভের জন্য কোথায় গেলেন?

(ক) তক্ষশীলা  (খ) গয়া  (গ) নালন্দা  (ঘ) পাটনা

১-৯  পাঁচ বছর পরে টর্চ বিক্রেতা লোকটি বন্ধুকে কোথায় দেখতে পেল ?

(ক) সিনেমা হলে (খ) বাজারে  (গ) স্কুলে  (ঘ) মঞ্চে

১-১০  আলাউদ্দিন খানের স্ত্রীর নাম কি ছিল ?

(ক) সাধনা দেবী  (খ) মদন মঞ্জুরী দেবী  (গ) ইন্দিরা দেবী

(ঘ) কল্পনা দেবী

২  অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।  4 x 2 = 8

২-১  আলাউদ্দিন খান কে ছিলেন ?
২-২  তক্ষশীলা কি কারণ বিখ্যাত ছিল ?
২-৩  "অমৃত কুম্ভের সন্ধানে" রচনাটির লেখক কে ?
২-৪  ছেলেদের সঙ্গে খেললেও সে খেলায় কাদের মনের যোগ ছিল না ?
২-৫  কবি মোটর গাড়ীতে চড়ে কোথায় যাচ্ছিলেন ?
২-৬  অঙ্কের মাস্টারমশাইয়ের নাম কি ছিল ?

৩  বিস্তারিত ভাবে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও।  1 x 7 = 7

৩-১  রঞ্জন কেন মাকে মিথ্যা কথা বলেছিল ? মাস্টারমশাই রঞ্জনকে কি ভাবে শাস্তি দিলেন ?

৩-২ গুরু আত্রেয়ের কাছে শিক্ষালাভের জন্য জীবক কোন উপায় অবলম্বন করেছিলেন ?

৩-৩ গিরীণ খুরো পূত্র বধূর সঙ্গে কি রকম ব্যবহার করতেন ?

৪  সঠিক উত্তরটি লেখ।

৪-১  হনুমান  নিজেকে কার ভৃত্য বলেছে ?

(ক) রাবণের (খ) লক্ষণের (গ) রামের (ঘ) সীতার

৪-২ রাজদেবালয় ঘরে কি বাজল ?

(ক) আরতি ঘন্টা (খ) মাইক (গ) বাঁশি (ঘ) শাঁখ

৪-৩ জাত বিচার কবিতাটির কবি কে?

(ক) জাসিমুদ্দিন (খ) নজরুল (গ) লালন ফকির (ঘ) মন্দাক্রান্তা সেন

৪-৪ কর্মের যুগ আসায় সবাই কি করছে ?

৫০

(ক) গান (খ) গল্প (গ) খেলা (ঘ) কাজ

৪-৫ সুন্দরবন কোন রাজ্যে অবস্থিত ?

(ক) উড়িষ্যা (খ) বিহার (গ) পশ্চিমবঙ্গ (ঘ) ঝাড়খন্ড।

৪-৬ যজ্ঞে বিঘ্ন ঘটেছে বলে আমাদের কি হয়েছে ?

(ক) কষ্ট (খ) রাগ (গ) খুশি (ঘ) বিরক্তি

৪-৭ কন্যার গলার হার কি দিয়ে তৈরী ?

(ক) বিদ্যুতের ঝিলিক (খ) রূপো (গ) সোনা (ঘ) হীরা

৪-৮ পথে ঘাটে সর্বত্র একটাই কথা শোনা যায়, কি কথা ?

(ক) পলিটিশিয়ান (খ) প্রকাশন (গ) পলিউশন (ঘ) সলিউশন

৪-৯ উজান ডিঙি কবিতায় কবি কোন দেশের স্মৃতি রোমন্থন করেছেন ?

(ক) বাংলাদেশ (খ) নেপাল (গ) পাকিস্তান (ঘ) শ্রীলঙ্কা

৪-১০ কে দুষ্ট মন্ত্রণা দেয় ?

(ক) শকুন (খ) চিল (গ) কাক (ঘ) কোকিল

৫ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৫-১ পাখীর শাবকেরা সারাদিন কি কি করে ?

৫-২ কিসের খেলা কবি এখনও বুঝতে পারেন না ?

৫-৩ কুঁচ বরণ কন্যার নূপুরের কিরকম আওয়াজ ?

৫-৪ মুসলমান বলে কখন পরিচিত হয় ?

৫-৫ অজাতশত্রু কার নাম ছিল ?

৫-৬ জনক ঝিয়ারী কাকে বলা হয়েছে ?

৬ যে কোনোও একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে লেখ ।

৬-১ “সীতা আর রাবণের নাচে বাম অঙ্গ”—একথার মধ্যে দিয়ে কবি কি বোঝাতে চেয়েছেন ?

৬-২ শুভ্র পাষাণ ফলক রক্তে রাঙা হয়েছিল কেন ? সেখানে কি ঘটনা ঘটেছিল ?

৬-৩ কবির কল্পনায় বর্ষার যে চঞ্চল রূপ ধরা পড়েছে তা তোমার ভাষায় লেখো।

৭ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো।

৭-১ কাশীর মহিষীর নাম কি ছিল ? তাঁর স্নান করতে যাবার ঘটনাটি বর্ণনা করো।

৭-২ নগরলক্ষী কে ? কেন তাকে নগরলক্ষী বলা হয়েছে ?

৭-৩ মূল্যপ্রাপ্তি কবিতার নাম করণের সার্থকতা সম্পর্কে লেখো।

৭-৪ ধূলা দূর করবার জন্য চামার কুলপতি কি পরামর্শ দিয়েছিল ? এর ফলে সমস্যার সমাধান হয়েছিল কি ? বুঝিয়ে লেখো।

৮ যে  কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৮-১ হিন্দি মিশ্রিত বাংলা বাক্যগুলি শুদ্ধ করে লেখো।

(ক) রাস্তাটি ভীষণ গন্দা।
(খ) আমাকে পরেশান ক’রো না।
(গ) বুরবকের মতো কাজ ক’রো না।
(ঘ) তোমার কোনো দিমাগ নেই।

৮-২ পদ পরিবর্তন ক’রো।

ইচ্ছা, প্রচুর, জল, সাহিত্য

৮-৩ বহুপদের এক পদে পরিবর্তন করো।

যা অর্জন করা হয়েছে, প্রকৃতি সম্বন্ধীয়, শিবের উপাসক, সিংহ চিহ্নিত দুয়ার।

৮-৪ বিপরীত শব্দ লেখো

শীতল, কুমারী, দক্ষিণ, সত্য

৮-৫ নীচের শব্দগুলি সন্ধি করো।

উৎ+শ্বাস, নি:+দেশ, উৎ+জ্বল, অধি+নায়ক।

৮-৬ প্রবাদ বাক্যগুলি দিয়ে বাক্য বানাও।

ডুমুরের ফুল, নাচতে না জানলে উঠোন বাঁকা, সস্তার তিন অবস্থা

ভূতের মুখে রাম নাম।

৯ হিন্দিতে অনুবাদ করো।

বেশ কয়েকবার আগেকার কথা। ভারত সেবার ইংল্যান্ড সফরে গেছে। ওভাল টেস্টে সেদিন তখন ব্যাটিং করছিলেন ভারতের নামকরা ব্যাটসম্যান বিজয় মার্চেন্ট। খুব সুন্দর ভাবে খেলে ছিলেন তিনি।

১০ যে কোনো একটি বিষয় নিয়ে অনুচ্ছেদ লেখো

১০-১ পরিবেশ দূষণ ও সচেতনতা।

১০-২ তোমার দেখা একটি প্রদর্শনী

১১ তোমার প্রিয় পুস্তক নিয়ে তোমার মতামত জানিয়ে বন্ধুকে পত্র লেখো।

অথবা

তোমাদের বিদ্যালয়ে পুস্তকালয়ে কিছু নতুন বই কেনার আবেদন জানিয়ে প্রধান শিক্ষিকারে

পত্র লেখো।

উত্তরমালা

১ ১-১ ক, ১-২ গ, ১-৩ খ, ১-৪ ক, ১-৫ ক, ১-৬ খ, ১-৭ খ, ১-৮ ক, ১-৯ ঘ০-খ

২-১ ভারতীয় শাস্ত্রীয় সংগীত শিল্পী ।
২-২ ধর্ম ও শিক্ষার জন্য ।
২-৩ কালকূট
২-৪ মেয়েদের
২-৫ চৌপাহারি জঙ্গল দেখতে।
২-৬ গোপীবাবু

৩-১ রঞ্জন কুঞ্জর থেকে বইটা নেওয়ার জন্য ভোর বেলায় কুঞ্জমার বাড়ীতে যাওয়ার সময় মা তাকে প্রশ্ন করে যে সে কোথায় যাচ্ছে ? তখন সে মাকে মিথ্যা কথা বলে যে সে যাচ্ছে মর্নিং ওয়াক করতে। মাস্টার মশায় রঞ্জনকে কুঞ্জর সাথে চায়ের দোকানে দেখে ফেলেছিলেন তাই জন্য মাস্টারমশাই তাকে সজোরে একটি চড় মারলেন।

৩-২ গুরু আত্রেয়ের কাছে শিক্ষালাভের জন্য জীবক জানতেন যে গুরুদক্ষিণা না দিলে আত্রেয় তার শিক্ষা-ভার গ্রহণ করবেন না। তাছাড়াও গুরুদক্ষিণা বিনা শিক্ষালাভ অপূর্ণ থাকবে কিন্তু জীবক ছিলেন কপর্দ শূন্য অথচ

মনে ছিল শিক্ষালাভের অদম্য ইচ্ছা। তাই তিনি নিজেকেই গুরু আত্রেয়ের কাছে সমর্পণ করলেন গুরুদক্ষিণা হিসাবে।

৩-৩ গিরীণ খুড়ো তার পুত্র বধূর ওপর সর্বদাই অপ্রসন্ন থাকতেন। তার ধারনা ছিল যে পুত্রবধূর অক্ষমতার কারণেই তার পুত্র ঘর ছাড়া হয়েছ। কখনও কখনও তিনি পুত্র বধূকে ভারী কাঁসার বাটি ছুড়েও মারতেন।

৪

| ৪-১ | ৪-২ | ৪-৩ | ৪-৪ | ৪-৫ | ৪-৬ | ৪-৭ | ৪-৮ | ৪-৯ | ৪-১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ | ক | গ | ঘ | গ | ঘ | ক | গ | ক | ঘ |

৫-১ লাফায় দাপায়, ঝগড়া করে
৫-২ দিন বদলের খেলা
৫-৩ টাপুর টুপুর
৫-৪ ছুন্নত দিলে
৫-৫ বিম্বিসারের ছেলে
৫-৬ সীতা কে

৬-১ এই কথাটির মধ্যে একটি বিশেষ ব্যঞ্জনা আছে। প্রাচীনকালে প্রচলিত কথা অনুযায়ী স্ত্রীলোকে বাম অঙ্গ নাচা শুভ ফল দায়ক।সেইরকম পুরুষের বাম অঙ্গ নাচা অশুভ ফলদায়ক। কারণ হনুমানের শ্রীলঙ্কায় আগমন সীতার জন্য শুভসূচক হ'লেও রাবণের জন্য শুভ কারক নয়।

৬-২ শুভ্র পাষাণ ফলক শ্রীমতীর রক্তে রাঙা হয়েছিল। শ্রীমতী নামে বুদ্ধের দাসীটি রাজাজ্ঞা অমান্য করে এক শারদ সন্ধ্যায় পুষ্প প্রদীপ থালায় সাজিয়ে গেল প্রভু বুদ্ধের স্তূপে আরতি করবার জন্য। তার এই দু:সাহস দেখে রাজার প্রহরীরা রাজার আদেশ অমান্য করবার জন্য শাস্তি স্বরূপ তাকে মৃত্যুদন্ড দেয়।

৬-৩ কবির কল্পনায় বর্ষা একটি চঞ্চলা বালিকা। কালো মেঘ তার কেশরাশি, অঙ্গে মেঘলা সেলেট রং এর শাড়ি আর গলার হার বিদ্যুৎ দিয়ে তৈরী। বৃষ্টির টাপুর টুপুর ধ্বনি যেন কন্যার পায়ের নূপুরের আওয়াজ।

৭-১ কাশীর মহিষীর নাম ছিল করুণা ।

রাণী একদিন শীতের সকালে শত সখীদের সঙ্গে নিয়ে নদীতে স্নান করতে গেলেন। রাণীর আগমনের প্রাক্কালের রাজার আদেশে পথ ঘাট সব জন শূন্য ছিল তাই নদীর তীরবর্তী সবকটি কুটির খালি পড়েছিল। রাণী ও তার সখীরা হাসির কলরবে আকাশ বাতাস মাতিয়ে তুললো। স্নান সমাপ্ত হলে রাণী তার শীত নিবারণের জন্য কুটির গুলি জ্বালিয়ে দেওয়ার নির্দেশ দিলেন।

৭-২ নগর লক্ষ্মী হচ্ছে সুপ্রিয়া। তাকে নগরলক্ষী বলার কারণ এই যে, যখন শ্রাবস্তীপুর দুর্ভিক্ষের আগুনে জ্বলছিল, তখন প্রভু বুদ্ধ এই ক্ষুধাপিড়িত মানুষগুলির ক্ষুধা নিবারণের জন্য নগরবাসীর কাছে আবেদন জানান। কিন্তু তাঁর এই আবেদন যখন কেউই সাড়া দেননি তখন সুপ্রিয়া এই কার্যভারে নিজের ওপর স্বেচ্ছায় নেয়।

৭-৩ মূল্য প্রাপ্তি সুদাস মালী তার অসময়ের পদ্মটি বিক্রি করবার উদ্দেশ্যে রাজ দরবারে যান। সেখানে এক পথিক ও রাজার মধ্যে পদ্মটি কেনবার জন্য প্রতিযোগিতা শুরু হয়ে যায়। তখন সুদাসের মনে হয় যে, যাকে দেওয়ার জন্য এই দ্বন্দ্ব না জানি তাকে দিলে আরও কত মূল্য পাওয়া যাবে। অবশেষে সে ফুলটি প্রভু বুদ্ধের চরণে অর্পণ করে এবং মূল্য স্বরূপ পায় এক অমূল্য স্বর্গীয় আনন্দ ও পরম শান্তি যা ইহ জগতে পয়সা দিলেও পাওয়া দুষ্কর। তাই কবিতাটির নাম মূল্যপ্রাপ্তি যথার্থ রূপে সার্থক।

৭-৪ ধূলা দূর করবার জন্য চামার কুলপতি পা দুটিকে চামড়া দিয়ে ঢাকবার কথা বললেন। ধুলোর প্রকোপ থেকে মুক্তি পেলেন।

৮

৮-১ (ক) নোংরা (খ) অসুবিধা/ঝামেলা (গ) বোকার মতো (ঘ) বুদ্ধি
৮-২ ইচ্ছুক, প্রাচুর্য, জলীয়, সাহিত্যিক
৮-৩ অর্জিত, প্রাকৃতিক, শৈব, সিংহদুয়ার।
৮-৪ উষ্ণ, কুমার, উত্তর, মিথ্যা
৮-৫ উচ্ছ্বাস, নির্দেশ, উজ্বল, অধিনায়ক।
৮-৬ কি হে ! আজকাল তোমার একদম দেখা পাওয়া যায়না, দেখছি ডুমুরের ফুল হয়ে গেছে।
এত সুবিধা পাওয়া স্বত্বেও তোমার ফলাফল খারাপ এ হলো নাচতে না জানলে উঠোন বাঁকা।
আজ বড়ো তোমার মুখে রুমার প্রশংসা শুনতে পাচ্ছি, মনে হচ্ছে ভূতের মুখে রামনাম শুনছি।

৯ পরিবেশ দূষণ

পরিবেশ বলতে যা বোঝায় তা এক কথায় আমাদের চারিপাশের অবস্থা । কিন্তু পরিবেশ দূষণ কথার অর্থ হ'লো আমাদের পারিপার্শ্বিক অবস্থা ও অপরিচ্ছনতা । দূষণ শব্দটি আজ প্রায় সকলেরই জানা। যে ভাবে দিনে দিনে গাড়ির সংখ্যা বাড়ছে তাতে বায়ু দূষণ ক্রমশই বেড়ে চলেছে এর ফলস্বরূপ আমাদের শ্বাস গ্রহণ করতে অসুবিধার সৃষ্টি হচ্ছে। এই ভাবেই জল দূষণের কারণ স্বরূপ আমরা দেখতে পাচ্ছি বড় বড় কল কারখানার আবর্জনা এসে পড়ছে নদীতে বা সমুদ্রে। এছাড়াও জল দূষণের আরো অনেক কারণ আছে। এরপর আছে ভূমি দূষণ, মানুষ নিজের স্বার্থে নির্দ্বিধায় নিজের চারিধারে আর্বজনার স্তূপ তৈরী করে চলেছে।

তোমার দেখা একটি প্রদর্শনী

আমি বেশ কিছুদিন আগে একটা হস্তশিল্প প্রদর্শনী দেখতে গেছিলাম। প্রদর্শনীটি খুব বেশী বড় ছিল না। কিন্তু হাতের কাজের যে কতরকম সুক্ষ নিপুণ অভিব্যক্তি হতে পারে তা দেখা গেল। সেখানে বাঁশ বেতের কাজ, কাঠের কারুকার্য, কাপড়ের ওপর নানা রকম সুতো দিয়ে ও অন্যান্য নক্সা আমাকে অভিভূত করে তুলেছিল। এছাড়াও ছিল কাঁসা পিতলের নানারকম জিনিষ যা দর্শকের আকর্ষণের কেন্দ্র ছিল। প্রদর্শনীটিতে

নানা রাজ্য থেকে শিল্পীরা এসেছিল। উত্তর প্রদেশের সাহারাণপুরের কাঠের কাজ ও কাশ্মীর থেকে আসা কাশ্মীরী শিল্পীদের নক্সা শাল ও গরম পোশাক সত্যই নয়নাভিরাম ছিল। প্রদর্শনীটিতে থেকে আমার একটি অভিজ্ঞতা হ'য়েছে। আমাদের দেশে শিল্পীর প্রাচুর্য আছে, কিন্তু তাদের কদর করবার লোক কম আছে।

প্রিয়

বান্ধবী রাজশ্রী,

অনেকদিন হ'লো তোর কোন পত্র না পেয়ে তোকে পত্র লিখতে বসলাম। আমার প্রিয় পুস্তকের বিষয়ে সামান্য কিছু জানাবো। আমার প্রিয় পুস্তকের নাম শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'দেবদাস'। বইটির মধ্যে আবেগ, অনুভূতি, প্রেম, প্রভৃতির এক অপূর্ব সমন্বয়। বইটি পড়েছিলাম বেশ কিছুদিন আগে কিন্তু বইটির স্মৃতি আজও আমার মানসপটে আঁকা আছে। কোনোদিন যদি সম্ভব হয় আমার অনুরোধ থাকলো বইটা একটু পড়ে দেখো। আজ আর বিশেষ কিছু লিখলাম না।

ইতি

বিনিতা

মাননীয়

প্রধান শিক্ষক মহাশয়,
পি. এন. অ্যাংলো উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, পাটনা।

সবিনয় নিবেদন এই যে, আমাদের পুস্তকালয়ে দৈনন্দিন পঠনের জন্য কিছু বই এর দরকার আছে। আমাদের বিদ্যালয়ে ছাত্রের অনুপাতে পুস্তকালয়ে বই-এর সংখ্যা অনেক কম।

তাই আপনাকে বিশেষ অনুরোধ জানাচ্ছি যদি আপনি আমাদের কিছু ভাল বইয়ের ব্যবস্থা করে দেন তবে আমাদের বিশেষ উপকার হবে।

আপনার অনুগত ছাত্র

রাহুল ভট্টাচার্য
দশম-'ক'

SET-8

১ সঠিক উত্তরটি লেখো :--

১-১ মৌলবী সাহেব কীসে চড়ে স্কুলে আসতেন ?

(ক) গাড়ী (খ) সাইকেল (গ) ঘোড়া (ঘ) হাতি

১-২ নোবেল কোথাকার বাসিন্দা ছিলেন ?

(ক) সুইডেন (খ) আমেরিকা (গ) ইংল্যান্ড

১-৩ গিরীণ খুড়োর ক'টি সন্তান ছিল ?

(ক) চারটি (খ) সাতটি (গ) নয়টি (ঘ) ছয়টি

১-৪ শিলাবৃষ্টির মতো কামরাটির মধ্যে কি পড়তে লাগলো ?

(ক) বাক্স পেঁটরা (খ) বরফ (গ) পথর (ঘ) লাঠি

১-৫ বিজয় মার্চেন্ট কোন দেশের খেলোয়াড় ছিলেন ?

(ক) শ্রীলঙ্কা (খ) ভারত (গ) অষ্ট্রেলিয়া (ঘ) ইংল্যান্ড

১-৬ অ্যাংলো ইন্ডিয়ানরা ধর্মগত ভাবে কি ছিল ?

(ক) হিন্দু (খ) বৌদ্ধ (গ) খ্রিষ্টান (ঘ) জৈন।

১-৭ জীবকের লেখা বইটির নাম কী ?

(ক) আত্রেয় সংহিতা (খ) রামায়ণ (গ) উপনিষদ (ঘ) কাশ্যপ সংহিতা

১-৮ লোকটি কোন ছাপ টর্চ বিক্রি করত ?

(ক) চন্দ্র ছাপ (খ) সূর্য ছাপ (গ) তারা ছাপ (ঘ) কলম ছাপ

১-৯ পন্ডিত রবিশঙ্কর কার শিষ্য ছিলেন ?

(ক) বিসমিল্লা খান (খ) আমজাদ আলী খান (গ) আলাউদ্দীন খান (ঘ) আলি আকবর খান

১-১০ বাংলা ভাষার প্রথম সাহিত্যিক নিদর্শন হ'লো ?

(ক) চর্যাপদ (খ) মহাভারত (গ) রামায়ণ (ঘ) শ্রীকৃষ্ণ কীর্তন

২ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

২-১ সৈন্যরা ছেলেদের তাড়া করতে উদ্যত হলে লেখক কি করেছিলেন ?

২-২ ১৯১৩ সালের ১১ই নভেম্বর সুডেনের ষ্টকহলম্ থেকে কি ঘোষিত হ'লো ?

২-৩ জ্যাঠাইমার কি কি সম্পত্তি ছিল ?

২-৪ 'গহন বনের গল্প' বইটির পাতায় পাতায়  কিসের ছবি ছিল ?

২-৫ চরম দরিদ্রে সুভাষ কাকিমা কি ভাবে সংসার চালাতেন ?

২-৬ মোকামা ঘাটে কাকে রেখে আসতে হয়েছিল ?

৩ বিস্তারিতভাবে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ।

৩-১ জীবক গুরু আত্রেয়ের চরণে শিক্ষালাভের উদ্দেশ্যে কি দক্ষিণা দিলেন ? যে কারণে

গুরু অভিভূত হয়ে বলে উঠলেন "তুমি ধন্য,তোমার দক্ষিণা স্বর্ণমুদ্রার চেয়ে অনেক বেশী।

নিজের ভাষায় লেখো।

৩-২ দুই বন্ধুর আকাশ ছোঁয়া প্রশ্ন বার বার সামনে এসে দাঁড়ায় তার গতি পরিবর্তন করার জন্য দুজনে কি উপায় খোঁজে ? – বুঝিয়ে লেখো।

৩-৩ রবীন্দ্র সমসাময়িক বাংলা সাতিত্যের পরিচয় দাও।

৪ সঠিক উত্তরটি লেখো :--

৪-১ অঙ্গুরী সংবাদ কবিতাটি কার লেখা ?

(ক) কাশি রাম দাস (খ) কৃত্তিবাস ওঝা (গ) ভারতচন্দ্র রায় (ঘ) মুকুন্দরাম চক্রবর্তী

৪-২ পূজারিণী কবিতাটিতে কোন ঋতুর উল্লেখ করা হয়েছে ?

(ক) বর্ষা (খ) বসন্ত (গ) শরত (ঘ) হেমন্ত

৪-৩ কিসের পতাকা নিয়ে সবাইকে এগিয়ে যাওয়ার কথা বলা হয়েছে

(ক) ধর্মের (খ) কর্মের (গ) জাতির (ঘ) নীতির।

৪-৪ কবি কাকে ভালবাসতেন ?

(ক) মাকে (খ) শিক্ষককে (গ) বন্ধুকে (ঘ) ভাইকে

৪-৫ কুঁচবরণ কন্যার শাড়ির রং কি ?

(ক) নীল (খ) লাল (গ) সেলেট (ঘ) সবুজ

৪-৬ দূষণ তলে তলে কাকে গ্রাস করছে ?

(ক) সভ্যতাকে (খ) শিক্ষাকে (গ) সংস্কৃতিকে (ঘ) সচেতনতাকে

৪-৭ উজানডিঙি কবিতায় কোন নদীর নাম উল্লেখ করা হয়েছে ?

(ক) পদ্মা (খ) যমুনা (গ) গঙ্গা (ঘ) কীর্তন খোলা

৪-৮ কে বাসা ভাঙবে বলে শাসাচ্ছে ?

(ক) কাক (খ) ঝড় (গ) শকুন (ঘ) শিকারি

৪-৯ লালনের কি নিয়ে লোকে প্রশ্ন করে ?

(ক) জাত (খ) পরিবার (গ) ধর্ম (ঘ) পেশা

৪-১০ ‘ওম’ শব্দটির অর্থ কী ?

(ক) শীতল (খ) হাওয়া (গ) উষ্ণতা (ঘ) বৃষ্টি

৫ আতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৫-১ ফসল ক্ষেতে কাক পাখীদের তাড়াবার জন্য খড় ইত্যাদি দিয়ে তৈরী পুতুলকে কি বলা হয়?
৫-২ মানুষ তলে তলে কি খুঁজছে?
৫-৩ আষাঢ় এল তবুও এখনও কে এল না?
৫-৪ কবির হাতের দশ আঙুলে কার স্মৃতি চিহ্ন আছে?
৫-৫ ব্রাহ্মণ কিসে চিহ্নিত হয়?
৫-৬ শুভ্র পাষাণ ফলক কার রক্তে রাঙা হয়ে উঠেছিল?

৬ যে কোন একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে লেখো।

৬-১ শ্রীমতীকে দেখে রাজমহিষী ভীত হলেন কেন? তাকে মহিষী কি বলেছিলেন?
৬-২ হনুমান লঙ্কায় সীতাকে কিভাবে খুঁজে বার করলেন?
৬-৩ জননী জন্মভূমিকে কবি নিজের কোন অনুভূতির কথা বলতে পারেন নি?

৭ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো।

৭-১ চতুর্দিক বন্ধ করে রাজাকে ঘরে রাখার ব্যবস্থা কেন করা হয়েছিল ? রাজা ঘরে বন্ধ থাকলে কোন সমস্যা দেখা দেবে ?

৭-২ কবীরের প্রতি ব্রাহ্মণদের রাগের কারণ কী ? রাজা কেন কবীরকে সভা মাঝে ডেকেছিলেন এবং কেনই বা তাকে সভা ছেড়ে যেতে বলেছিলেন ?

৭-৩ শ্রাবস্তীপুরে দুর্ভিক্ষ দেখা দিলে গৌতমবুদ্ধ নগরবাসীর কাছে কি আবেদন করেন ?

তার আবেদনে নগরবাসীর কি প্রতিক্রিয়া হয়েছিল ?

৭-৪ ‘মূল্যপ্রাপ্তি’ কবিতাটিতে সুদাসমালী পদ্মটির বিনিময়ে যে মূল্যলাভ করেছে সে বিষয় লেখো।

৮ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৮-১ নীচের বাক্যগুলি এক পদে পরিবর্তন করো।

যার কোনো পরোয়া নেই, বুদ্ধের উপাসক, যার শত্রু জন্মায় নাই, খরচের হিসাব নেই যার।

৮-২ নীচের ব্যাসবাক্যগুলি সমাসবদ্ধ করো।

শত শব্দের সমাহার, ভাতের অভাব, দেশ ও বিদেশ, পঞ্চ নদের সমাহার।

৮-৩ বিপরীতার্থক শব্দ লেখো।

পুরস্কার, স্থায়ী, সম্মান, সেকাল

৮-৪ নীচের শব্দগুলি দিয়ে বাক্যরচনা করো।

অনাচার, জাতি, আত্মীয়তা, চিকিৎসক।

৮-৫ নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো।

দার্শনিক, আয়োজন, বিস্তার, সমাজ

৮-৬ হিন্দি শব্দ মিশ্রিত নীচের বাক্যগুলি শুদ্ধ বাংলায় লেখো।

(ক) আমার হাতে চোট লেগেছে। (খ) রামের ঘরের পতা জেনে নেব।(গ) পরীক্ষার সবালগুলো খুব ভারী ছিল।
(ঘ) আমাদের ফিরতে ফিরতে অন্ধেরা হয়ে গেল।

৯ বাংলা থেকে হিন্দিতে অনুবাদ করো।

হাসির কারণ বুঝলাম না। তাকিয়ে রইলাম বিস্মিত বোকার মত। সত্যি ওদের একজন সেই বুড়োটি।

১০ যে কোনো একটি বিষয় অনুচ্ছেদ লেখো।

(ক) তোমার প্রিয় বই (খ) মহিলা সশক্তিকরণ

১১ তোমার মাসিক শুল্ক মাফ করবার আবেদন জানিয়ে প্রধান শিক্ষককে পত্র লেখো।

অথবা

তোমার বিদ্যালয়ে আয়োজিত তর্ক বিতর্ক প্রতিযোগিতা সম্পর্কে বন্ধুকে একটি পত্র লেখো।

উত্তরপত্র

১ ১-১ গ, ১-২ ক, ১-৩ ঘ, ১-৪-ক, ১-৫ খ, ১-৬ গ, ১-৭ ঘ, ১-৮-খ, ১-৯-গ, ১-১০-ক।

২ ২-১ কবি তাদের বারণ করলেন।
২-২ কবির নোবেল পুরস্কার পাবার কথা।

২-৩ এক কলসী পুরানো ঘী এবং ২৬ টাকা।
২-৪ জঙ্গলি জীবজন্তুর।
২-৫ সোনাদানা বিক্রি করে।
২-৬ সহযাত্রীকে।

৩ ৩-১ জীবকের একান্ত ইচ্ছে ছিল গুরু আত্রের কাছে শিক্ষার্জন করা। কিন্তু শিক্ষালাভের জন্য গুরুদক্ষিণা দেওয়া অত্যন্ত আবশ্যক। জীবক মেধাবী হলেও গুরুদক্ষিণা দেওয়ার সামর্থ্য তার ছিল না, তাই নিজেকে সম্পূর্ণরূপে আত্রেয়ের চরণে সমর্পণ করলেন এবং নিজের এই আনুগত্যই ছিল তার গুরুদক্ষিণা। তাই জীবকের এই সমর্পণ দেখে আত্রেয় উক্তিটি করেছেন।

৩-২ দুই বন্ধুর আকাশছোঁয়া প্রশ্ন যখন বার বার এসে দাঁড়ায় তখন তার গতি পরিবর্তন করবার জন্য দুজন দুদিকে ভাগ্য অন্বেষণ করতে বেরিয়ে যায়।

৩-৩ রবীন্দ্র সমসাময়িক বাংলা সাহিত্যে কাব্য কবিতার ক্ষেত্রে সত্যেন্দ্র নাথ দত্ত, কালিদাস রায়, মোহিত লাল মজুমদার, কাজী নজুরুল ইসলাম, যতীন্দ্র নাথ সেনগুপ্ত প্রমুখ কবিগণ উল্লেখযোগ্য। নাটকের ক্ষেত্রে দ্বিজেন্দ্র লাল রায়, ক্ষিরোদ প্রসাদ বিদ্যাবিনোদ, পরে গিরিশ চন্দ্র ঘোষ ও অন্যান্যদের আবির্ভাব হয়। উপন্যাস ও ছোটো গল্পের ক্ষেত্রে প্রভাত কুমার মুখোপাধ্যায়, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়, অগ্রগণ্য সাহিত্যিক। প্রবন্ধ সাহিত্যের ক্ষেত্রে রামেন্দ্র সুন্দর ত্রিবেদী, বলেন্দ্র নাথ ঠাকুর, প্রমথ ছিলেন উল্লেখযোগ্য।

৪ ৪-১ খ, ৪-২ গ, ৪-৩ খ, ৪-৪ ক, ৪-৫ গ, ৪-৬ ক, ৪-৭ ঘ, ৪-৮ খ, ৪-৯ ক, ৪-১০—গ।

৫ ৫-১ কাকতাড়ুয়া।
৫-২ দূষণ প্রতিরোধের উপায়।
৫-৩ বর্ষা।
৫-৪ জননী জন্মভূমির প্রতি।
৫-৫ পৈতে।
৫-৬ শ্রীমতী।

৬

৬-১ শ্রীমতীকে দেখে রাজ মহিষী ভীত হলেন কারণ সে রাজাজ্ঞা অমান্য করে প্রভু বুদ্ধের আরতির জন্য রাজমহিষীর কাছে আবেদন জানাতে এসেছিল। মহিষী তাকে সভয়ে বলেছিল যে রাজার আদেশ অমান্য করবে তাকে হয় শূলে বিদ্ধ করা হবে অথবা নির্বাসনে দেওয়া হবে।

৬-২ হনুমান লঙ্কায় প্রবেশ করার পূর্বে মনে মনে ভাবলেন এই বিশালকায় শরীর নিয়ে যদি লঙ্কায় প্রবেশ করি তবে সবাই আমায় চিনে ফেলবে তাই সে ক্ষুদ্র আকৃতি নেউলের মতো ছোটো কায়া ধারণ করে লঙ্কার ঘরে ঘরে প্রবেশ করে সীতার খোঁজ করতে লাগলেন। সেখানে তিনি রাক্ষসীদের দেখতে পেলেন সীতাকে পেলেন

না। অবশেষে সীতার সন্ধান করতে করতে  আশোক কাননে প্রবেশ করলেন এবং সেখানে সীতার দেখা পেলেন।

৬-৩ জননী ও জন্মভূমিকে কবি তার ভালবাসার কথা বলতে পারেননি। কবি মায়ের জন্য টিফিনের পয়সা বাঁচিয়ে কমলালেবু কিনে আনতেন, তিনি নীরবে মাকে ভালবাসতেন কিন্তু মুখে বলে তা প্রকাশ করতে পারেননি।

কবি ঠিক সমানভাবে জন্মভূমিকেও ভালবাসতেন। তিনি এই মাটিতেই ভর দিয়ে দাঁড়িয়েছেন। তার হাতের দশটি আঙ্গুলে তার চিহ্ন আজও তিনি অনুভব করেন। তিনি মনে করেন তার হৃদয়-বীণার তার দেশ মাতৃকার হাতে বাজে, দেশমাতৃকার লাঞ্ছনা-কবিকে ব্যথিত করে। দেশমায়ের শত্রুকে পরাস্ত করার জন্য কবি উদগ্রীব। তিনি দেশমাতৃকাকেও সমানভাবে ভালবাসতেন।

৭  ৭-১ চতুর্দিক বন্ধ করে রাজাকে ঘরে রাখবার ব্যবস্থা করা হয়েছিল কারণ সারা রাজ্য ধুলাময় হয়ে যাওয়াতে রাজা যেখানেই পা ফেলছিলেন সেখানেই পায়ে ধূলা লেগে যাচ্ছিল।

রাজাকে ঘরে বন্ধ করে রাখার ফলে রাজ্য পাঠ সব বিকল হবার উপক্রম হ'লো।

রাজা বিনা রাজ্য চালনা করবে, কার সাধ্যি ? অতএব রাজাকে ধূলার ভয়ে ঘরে বন্ধ করলে রাজ্য পাঠ সব মাটি হয়ে যাবে ।

৭-২ কবীরের নাম যশ দিনে দিনে বাড়তে লাগল তাই  ব্রাহ্মণদের কবীরের প্রতি রাগ হয়েছিল। রাজা কবীরের যশগাথা শুনেছিলেন তাই তাইকে স্বচক্ষে দেখবার জন্য সভায় ডাকলেন । কবীর সভায় প্রবেশ করলেন সঙ্গে সেই দুষ্ট নারীকে নিয়ে যাকে ব্রাহ্মণের দল ছলনা করে কবীরকে মিথ্যা অপবাদ দিয়েছিলেন। নারীকে সঙ্গে নিয়ে আসার অপরাধে কবীরকে সভা ছেড়ে যেতে হয়েছিল।

৭-৩ শ্রাবস্তীপুরে দুর্ভিক্ষ দেখা দিলে বুদ্ধদেব নগরবাসীকে এই দুর্ভিক্ষের গুরুভার নিতে আবেদন জানিয়েছিলেন । কিন্তু তার এই আবেদনে তার ধনী শিষ্যদের মধ্যে নানারকম আপত্তিকর প্রতিক্রিয়া দেখা দেয়। যেমন রত্নাকর সেঠ বলেন এই বিশাল ক্ষুধার্ত নগরের ক্ষুধা মেটাবার সামর্থ্য তার নেই। সামন্ত জয়সেন বললেন যে তার নিজের ঘরেই অন্নের বড়ই অভাব। ধর্মপাল বললেন তার সোনার ক্ষেত শুকিয়ে গেছে তাই তার পক্ষেও এই গুরুভার নেওয়া কঠিন।

৭-৪  মূল্য প্রাপ্তি কবিতায় সুদাসমালী অকালের পদ্মটির বিনিময় প্রচুর অর্থ উপার্জনের সুযোগ পেয়েছিল। কিন্তু তার মনে সন্দেহ জাগে এমন কে যাকে দেবার জন্য রাজা ও পথিক উভয়েই ভান্ডার উজাড় করে দিতে চান। সে যদি নিজে তার কাছে যায় তবে কতই না মূল্য লাভ করবে। অবশেষে সে প্রভু বুদ্ধের চরণে তা উৎসর্গ করে এবং এক স্বর্গীয় আনন্দ ও শান্তির সম্পদ লাভ করে।

৮-১ বেপরোয়া, বৌদ্ধ, অজাতশত্রু, বেহিসাবি।
৮-২ শতাব্দী, হা-ভাত, দেশ বিদেশ,পঞ্চনদ।

৮-৩ তিরস্কার, অস্থায়ী, অসম্মান, একাল।

৮-৪ (ক) এত অনাচার আর সহ্য হয়না।

(খ) আমরা সবাই একটি জাতি মানবজাতি।

(গ) ওদের সাথে আমাদের আত্মীয়তা নেই।

(ঘ) উনি আমাদের পারিবারিক চিকিৎসক।

৮-৫ দর্শন, আয়োজিত, বিস্মৃত, সামাজিক

৮-৬ (ক) হাতে ব্যথা/আঘাত

(খ) ঠিকানা

(গ) প্রশ্নগুলো—সোজা ছিল

(ঘ) অন্ধকার

৯- हसने का कारण नही समझा । देखते ही रह गए बुद्धू जैसा । सच है की वह बृद्ध उनही लोगो मे से है ।

১০- তোমার প্রিয় বই/পুস্তক

আমার প্রিয় বই হ'লো রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'শিশু ভোলানাথ'। বইটিতে কবি যেন নিজেরই শিশুমনের বাতায়ন খুলে দিয়েছেন। ছোটো কচি কাঁচাদের কোমল মনের যে পরিচয় কবি তুলে ধরেছেন তা অনবদ্য কখনও শৈশবে সে মাকে নিয়ে চলেছে সাত সমুদ্র তের নদীর পার, কখনও বা সে পড়াশুনা থেকে ছুটি নিতে চাইছে, আবার কখনও বা হারিয়ে যেতে চায় মেঘেদের দেশে। কবি তাঁর নিপুণ-ভঙ্গিতে শিশু চরিত্রগুলি চিত্রণ করেছেন। সেই কারণে এই বইটি আমার কাছে ভীষণ প্রিয়।

অথবা

মহিলা সশক্তিকরণ

মহিলা ও পুরুষ আজ সমাজরূপী গাড়ীর দুটি চাকা। উন্নতশীল সমাজে নারী ও পুরুষ উভয়েই সমানভাবে দেশের তথা সমাজের প্রগতির জন্য যোগদান করে থাকেন। আজকের নারী সমাজ নিজের অধিকার ও কর্তব্য সম্বন্ধে যথেষ্ট সতর্ক ও এবং সচেতন, তাই মহিলা সমাজকে নিজ শক্তির সাহায্যে এগিয়ে যেতে হবে। আজকের নারী জল,স্থল,বায়ু সর্বত্র নিজ আধিপত্য বিস্তার করে চলেছে। নারীকে আজ আর চার দেওয়ালের মধ্যে বন্দী করে রাখা চলবে না। আজ নারী সমাজ পুরুষের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে চলেছে।

১১ মাননীয়,

প্রধান শিক্ষক মহাশয়, জামতাড়া উচ্চ বিদ্যালয়,
জামতাড়া ।

মহাশয়,

আমি আপনার বিদ্যালয়ে দশম শ্রেণীর ছাত্র,আমার বাবা একজন সাধারণ চতুর্থ বর্গীয় কর্মচারী। ওনার মাসিক উপার্জন অত্যন্ত সামান্য।আমরা তিনটি ভাই-বোন এবং সঙ্গে ঠাকুমা ও ঠাকুরদাও আছেন । তাই আর্থিক অসচ্ছলতার কারণে প্রতি মাসে বিদ্যালয় শুল্ক দেওয়া আমার পক্ষে একেবারেই সম্ভব হয়ে উঠছে না।

তাই আপনার কাছে একান্ত অনুরোধ এই যে কৃপা ক'রে আপনি যদি আমার মাসিক বিদ্যালয় শুল্ক মাফ করে দেন,তাহলে আমার খুবই উপকার হয়।

আপনার অনুগত ছাত্র

অভিনব সরকার।
শ্রেণী- দশম

অথবা

প্রিয় স্বাতী

তোমার পত্র পাওয়া মাত্রই এই চিঠি লিখতে বসেছি আগামী কাল আমাদের বিদ্যালয়ে একটি তর্ক বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে এই প্রতিযোগিতার দুটি বিভাগে আয়োজিত হয়েছে। জুনিয়র এবং সিনিয়র। জুনিয়র বিভাগের বিষয় হল "টেলিভিশন দেখা উচিৎ কিংবা অনুচিত" এবং সিনিয়র বিভাগের বিষয় হলো "ছাত্র ছাত্রীদের মোবাইল ব্যবহার করা উচিৎ কিংবা অনুচিত"। তুমি যদি এখানে উপস্থিত থাকতে তাহলে তুমিও এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারতে। আশা করছি আগামী কাল প্রতিযোগীরা খুব ভাল ভাবে নিজের পক্ষ উপস্থাপন করতে পারবে। আগামী কাল যা কিছু অনুষ্ঠিত হবে তা অবশ্যই পত্রের দ্বারা জানাব।

ইতি

অরুণীতা

Set 9

সঠিক উত্তরটি লেখো :-

১-১ লেখক কোথায় রোজ বিকেলবেলায় বোট লাগাতেন ?

(ক) নদীতে (খ) পুকুর ঘাটে (গ) ঘাটের উপরে (ঘ) সমুদ্র তীরে

১-২ ১৯১৩ সালের কোন সময়ে কবি বিলাত থেকে ফিরছিলেন ?

(ক) জুলাই (খ) সেপ্টেম্বর (গ) অক্টোবর (ঘ) ডিসেম্বর

১-৩ প্রকাশকের দোকান থেকে বইটি হাতে নিয়ে লেখক কোথায় এসে বসলেন ?

(ক) কার্জন পার্কে (খ) মনুমেন্টের তলায় (গ) এসপ্ল্যানেডে (ঘ) গড়ের মাঠে

১-৪ সুভাষ কাকিমা কি ভাবে সংসার চালাতেন ?

(ক) সোনা দানা বিক্রি করে (খ) শিক্ষকতা করে (গ) চাকরি করে (ঘ) লোকের বাড়িতে কাজ করে

১-৫ শ্যামা কাকে পয়সা দিয়েছিল ?

(ক) বলরামকে (খ) লেখককে (গ) বুড়োকে (ঘ) প্রেমবতীকে

১-৬ কোন ক্রিকেট খেলোয়াড় ফুটবল খেলায় নিজের দেশের জাতীয় দলের প্রতিনিধিত্ব করেছিলেন ?

(ক) বিজয় মার্চেন্ট (খ) ডন কেনিয়ন (গ) বেইলী (ঘ) কম্পটন

১-৭ ধর্মগতভাবে পূর্ব পাকিস্তানীরা মূলত কী ?

(ক) হিন্দু (খ) খ্রীষ্টান (গ) মুসলমান (ঘ) বৌদ্ধ

১-৮ 'কাশ্যপ সংহিতা' গ্রন্থটিতে কোন বিষয়ে চর্চা আছে ?

(ক) জ্যোতিষ শাস্ত্র (খ) আয়ুর্বেদ শাস্ত্র (গ) নীতি শাস্ত্র (ঘ) ধর্ম শাস্ত্র

১-৯ লোকটি কোথায় টর্চ বিক্রি করত ?

(ক) চৌরাস্তার ধারে (খ) ট্রেনের কামরায় (গ) দোকানে (ঘ) ঘরে ঘরে গিয়ে

১-১০ গায়ক গোপাল কৃষ্ণ ভট্টাচার্য আর কোন নামে পরিচিত ছিলেন ?

(ক) গোপাল ঠাকুর (খ) নুলো ঠাকুর (গ) নুলো গোপাল (ঘ) কৃষ্ণ গোপাল

২ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

২-১ তক্ষশীলা কি কারণে বিখ্যাত ছিল ?
২-২ গিরিন খুড়ো প্রায় মরণাপন্ন অবস্থায় বেঁচে ছিলেন কেন ?
২-৩ কুঞ্জ কোথায় থাকতো ?
২-৪ নোবেল কি আবিষ্কার করেছিলেন ?
২-৫ কামরার দরজার কাছে কারা দাঁড়িয়ে ছিল ?
২-৬ জীবকের জন্ম কোথায় হয় ?

৩ বিস্তারিত ভাবে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৩-১ রবীন্দ্র সমসাময়িক বাংলা সাহিত্যের পরিচয় দাও।

৩-২ দুই বন্ধুর আকাশ ছোঁয়া প্রশ্ন বার বার সামনে এসে দাঁড়ায় তার গতি পরিবর্তন করার জন্য দুজনে কি উপায় খোঁজে?

৩-৩ ভেষজ গুণাগুণ সম্বন্ধে জীবকের জ্ঞান পরীক্ষা করার জন্য আত্রেও কোন পন্থা অবলম্বন করলেন?

৪ সঠিক উত্তরটি লেখো।

৪-১ মায়ের কোলে ছোট্টো -------- চেঁচিয়ে ওঠে ওঁয়া

(ক) শিশু (খ) বালিকা (গ) বালক (ঘ) তরুণ

৪-২ ডিঙি শব্দটির অর্থ কি ?

(ক) বড় নৌকা (খ) জাহাজ (গ) ছোটো নৌকা (ঘ) নদীর ঘাট

৪-৩ কে বাসা ভাঙবে বলে শাসন করছে ?

৪-৪ কবি মাকে মুখ ফুটে কি বলতে পারেননি ?

(ক) ভালো লাগার কথা (খ) ভালোবাসার কথা (গ) আনন্দের কথা (ঘ) উৎসাহের কথা

৪-৫ ‘ভৌগলিক’ কবিতাটি কার লেখা ?

(ক) নরেন্দ্রনাথ মিত্র (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) প্রেমেন্দ্র মিত্র (ঘ) সুভাষ মুখোপাধ্যায়

৪-৬ শ্রীমতী কার পূজারী ছিল?

(ক) শিব (খ) বুদ্ধ (গ) সরস্বতী (ঘ) কৃষ্ণ

৪-৭ সীতার মনোযোগ আকৃষ্ট করার জন্য হনুমান কার কাহানী বলতে শুরু করলেন ?

(ক) সীতা কাহানী (খ) লক্ষণ কাহানী (গ) শ্রী রাম কাহানী (ঘ) রাবণ কাহানী

৪-৮ লালন ফকির রচিত কবিতাটির নাম কী ?

(ক) জাত-বিচার (খ) ধর্মবিচার (গ) আচার বিচার (ঘ) গোত্র বিচার

৪-৯ কুঁচবরণ কন্যার কেশের রং কী ?

(ক) কালো (খ) ধূসর (গ) সাদা (ঘ) মেঘলা

৪-১০ উজানডিঙি কবিতায় কোন নদীর কথা বলা হয়েছে ?

(ক) যমুনা (খ) পদ্মা (গ) কীর্তন খোলা (ঘ) ইরাবতী

৫ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৫-১ হনুমান নিজেকে কার ভৃত্য বলেছেন ?
৫-২ অজাত শত্রুর পিতা কে ছিলেন ?
৫-৩ বামন চেনার উপায় কী ?
৫-৪ সবাইকে একদিন কোথায় যেতে হবে ?
৫-৫ ভৌগলিক শব্দের অর্থ কী ?
৫-৬ কবি বর্ষা ঋতুকে কি রূপে কল্পনা করেছেন ?

৬ যে কোনো একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে দাও।

৬-১ কবির কল্পনায় বর্ষার যে চঞ্চল রূপ ধরা পড়েছে তা তোমার ভাষায় লেখো।
৬-২ পূজারিণী কবিতাটিতে শ্রীমতী প্রভু বুদ্ধের পূজোর জন্য কার কার কাছে গিয়ে আবেদন জানিয়েছেন ? অবশেষে এর পরিণাম কি হয়েছিল ?

৬-৩ কবির জননী ও জন্মভূমির প্রতি ভালবাসার পরিচয় দাও।

৭ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো।

৭-১ রাজমহিষী করুণার নির্বুদ্ধিতার পরিচয় দাও। রাজা রাণীকে কি ভাবে রাজদন্ড দিলেন ?
৭-২ নগরলক্ষী কে ? তাকে কেন নগরলক্ষী বলা হয়েছে ?
৭-৩ ধূলা দূর করার জন্য ঝাঁটা ব্যবহার করা হলে কি সমস্যা দেখা দিল ? পাঠ অবলম্বনে লেখ।
৭-৪ কবীরের অপমান কি ভাবে বরে পরিণত হ'লো ?
৮ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৮-১ পদ পরিবর্তন করো।

নীল, গ্রাম, নীরব, মাটি।

৮-২ নীচের শব্দগুলি এক পদে পরিণত করো।

অরিকে দমন করে যে, স্বয়ং পতি বরণ করে যে কন্যা, দশ আনন যার, যার দ্বিতীয় নাই

৮-৩ সমোচ্চারিত শব্দগুলির অর্থ লেখো।

কালি-কালী, ধনী-ধ্বনি, আপন-আপণ, দেশ-দ্বেষ,

৮-৪ হিন্দি মিশ্রিত বাক্যগুলি শুদ্ধ বাংলায় লেখ।

(ক) আমার কাজটা করতে দিক্কত হচ্ছে।
(খ) কাল তোমার বহুত মেহনত হবে।
(গ) সবালটা হাল্কা ছিলো।
(ঘ) তুমি কোন মহল্লায় থাকো?

৮-৫ সন্ধি বিচ্ছেদ করো।

মহাকাশ, বিদ্যার্জন, উচ্ছ্বাস, নীরোগ।

৮-৬ নীচের শব্দগুলির বিপরীতার্থক শব্দ লেখো।

নিরক্ষর, অচল, সংকীর্ণ, বিশ্বাস।

৯ হিন্দিতে অনুবাদ করো।

আবার সেই কথার ফুল ফোটানো।

সে ফুলে গন্ধও ছিলো। যে চট করে জবাবও দিতে পারিনা। এই সামান্য বলরামের কথায়।

১০ যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো।

(ক) ছাত্র সমাজ ও রাজনীতি (খ) জাতীয় সংহতি

১১ তোমার পছন্দের বিভাগ (শাখা) যা তুমি মাধ্যমিক পরীক্ষার পর যোগ দিতে চাও সে বিষয় বন্ধুকে পত্র লেখো।

অথবা

জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে ছোটো ভাইকে পত্র লেখো।

উত্তরপত্র

১ ১-১ গ, ১-২ গ, ১-৩ ক, ১-৪ ক, ১-৫ ক, ১-৬ ঘ, ১-৭ গ, ১-৮ খ, ১-৯ ক, ১-১০ গ

২

| | |
|---|---|
| ২-১ ধর্ম ও শিক্ষা, | ২-২ পরমায়ু ফুরোয়নি বলে। |
| ২-৩ কালীতলায় | ২-৪ ডিনামাইট |
| ২-৫ প্রেম-পাতিয়ারা | ২-৬ বিহারে রাজগীর শহরে। |

৩-১ রবীন্দ্র সমসাময়িক বাংলা সাহিত্যে কাব্য কবিতার ক্ষেত্রে সত্যেন্দ্র নাথ দত্ত, কালিদাস রায়, মোহিত লাল মজুমদার, কাজী নজরুল ইসলাম,যতীন্দ্র নাথ সেনগুপ্ত, প্রমুখ কবিগণ উল্লেখযোগ্য। নাটকের ক্ষেত্রে দ্বিজেন্দ্র লাল রায়, ক্ষিরোদ প্রসাদ বিদ্যাবিনোদ, পরে গিরিশ চন্দ্র ঘোষ ও অন্যান্যদের আবির্ভাব হয়। উপন্যাস ও ছোটো গল্পের ক্ষেত্রে প্রভাত কুমার মুখোপাধ্যায়, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়, অগ্রগণ্য সাহিত্যিক। প্রবন্ধ সাহিত্যের ক্ষেত্রে রামেন্দ্র সুন্দর ত্রিবেদী, বলেন্দ্র নাথ ঠাকুর, প্রমথ ছিলেন উল্লেখযোগ্য।

৩-২ দুই বন্ধুর আকাশছোঁয়া প্রশ্ন যখন বার বার এসে দাঁড়ায় তখন তার গতি পরিবর্তন করবার জন্য দুজন দুদিকে ভাগ্য অন্বেষণ করতে বেরিয়ে যায়।

৩-৩ ভেষজ গুনাগুণ সম্পর্কে জীবকের জ্ঞান পরীক্ষার জন্য গুরু আত্রেয় জীবককে আদেশ দিলেন যে এমন কিছু লতাপাতা নিয়ে এসো যা চিকিৎসায় কাজে লাগে না।

৪-১ (ক), ৪-২ গ, ৪-৩ গ, ৪-৪ খ, ৪-৫ গ, ৪-৬ খ, ৪-৭ গ, ৪-৮ ক, ৪-৯ ঘ, ৪-১০ গ।

| | |
|---|---|
| ৫-১ রামের। | ৫-২ বিম্বিসার |
| ৫-৩ পৈতে | ৫-৪ মরণ সাগর পার |
| ৫-৫ ভূগোল সম্বন্ধীয় | ৫-৬ চঞ্চলা কন্যা |

৬

৬-১ কবির কল্পনায় বর্ষা একটি চঞ্চলা বালিকা। কালো মেঘ তার কেশরাশি। মেঘলা ধূসর রঙের শাড়ি। বিদ্যুতের ঝিলিক দিয়ে তার হার তৈরী হয়েছে। বৃষ্টির টাপুর টুপুর ধ্বনিকে কবি বালিকার নূপুরের ধ্বনির সাথে তুলনা করেছেন।

৬-২ পূজারিণী কবিতায় শ্রীমতী একে একে রাজমহিষী, বধূ অমিতা ও রাজকুমারী শুক্লার কাছে গিয়ে প্রভু বুদ্ধের পূজার জন্য আবেদন জানায়। অবশেষে সে একাই রাজার নির্দেশকে অমান্য করে প্রভুর স্তূপে জ্বালিয়ে দেয় আরতির মঙ্গল দীপ। এর পরিণাম স্বরূপ তাকে মৃত্যুদন্ড দেওয়া হয়।

৬-৩ জননী ও জন্মভূমিকে কবি তার ভালবাসার কথা বলতে পারেননি। কবি মায়ের জন্য টিফিনের পয়সা বাঁচিয়ে কমলালেবু কিনে আনতেন, তিনি নীরবে মাকে ভালবাসতেন কিন্তু মুখে বলে তা প্রকাশ করতে পারেননি।

কবি ঠিক সমানভাবে জন্মভূমিকেও ভালবাসতেন। তিনি এই মাটিতেই ভর দিয়ে দাঁড়িয়েছেন। তার হাতের দশটি আঙ্গুলে তার চিহ্ন আজও তিনি অনুভব করেন। তিনি মনে করেন তার হৃদয়-বীণার তার দেশ মাতৃকার হাতে বাজে, দেশমাতৃকার লাঞ্ছনা-কবিকে ব্যথিত করে। দেশমায়ের শত্রুকে পরাস্ত করার জন্য কবি উদগ্রীব। তিনি দেশমাতৃকাকেও সমানভাবে ভালবাসতেন।

৭-১ রাজমহিষী করুণা নিজের স্নান সমারোহ সম্পন্ন করে, শীত নিবারণের জন্য দরিদ্র প্রজাদের কুটীরগুলিতে আগুন জ্বালিয়ে দেন। যার ফলে প্রজারা গৃহহীন হয়ে যান। গৃহহীন অসহায় প্রজারা রাজার কাছে করুণ আবেদন জানায়। তখন রাজা রানীকে শাস্তি স্বরূপ এক বছরের নির্বাসন দেন এবং নির্দেশ দেন যে একবছর সময়ের মধ্যে তার দ্বারা নষ্ট হয়ে যাওয়া কুটিরগুলি পুনরায় নির্মাণ করে দিতে হবে।

৭-২ নগরলক্ষ্মী হচ্ছেন সুপ্রিয়া, যিনি ছিলেন বুদ্ধের পরম ভক্ত অনাথ পন্ডিতের কন্যা। তাকে নগরলক্ষ্মী এই কারণে বলা হয়েছে যখন শ্রাবস্তীপুরে দুর্ভিক্ষ দেখা দেয় এমন সময় নগরীর দুর্ভিক্ষের ভার কেউ নিতে রাজী হয়না, কিন্তু দীন হীন নারী সুপ্রিয়া এই দায়িত্ব নিতে রাজী হন।

৭-৩ ধূলা দূর করবার জন্য ঝাঁটার ব্যবহার করা হলে দেখা গেল যে সমস্ত দেশ ধূলার মেঘে ঢেকে গেছে। রাজার চোখ মুখ সব ধূলায় ভরে গেছে। ধূলার বেগে লোকে কাশতে লাগল। চারিদিকে ধুলাময় হয়ে শেষে ধূলার মাঝে নগরটাই হারিয়ে যাবার উপক্রম হ'লো।

৭-৪ কবীরের যশ খ্যাতি ইত্যাদির জন্য ঈর্ষা পরায়ণ ব্রাহ্মণের দল এক দুষ্ট নারীর মাধ্যমে তাকে অপমান করার চেষ্টা করে। কিন্তু সরল প্রাণ কবীর ঐ নারীকে ঈশ্বরের দান রূপে গ্রহণ করেন। অবশেষে সেই দুষ্ট নারী কবীরের চরণে তার সব অন্যায় স্বীকার করেন এবং কবীর তাকে জননী রূপে গ্রহণ করেন।

৮-১ নীলচে/নীলাভ , গ্রাম্য, নীরবতা, মেটে

৮-২ অরিন্দম, স্বয়ংবরা, দশানন, অদ্বিতীয়।

৮-৩ কালি-কালিমা, ধনী-সম্পন্ন, আপন-নিজের, দেশ-ভূখন্ড, কালী-দেবী, ধ্বনি-শব্দ, আপণ-দোকান, দ্বেষ-হিংসা

৮-৪ (ক) অসুবিধা, (খ) খুব পরিশ্রম (গ) প্রশ্নটা সোজা (ঘ) পাড়ায়

৮-৫ মহা+আকাশ, বিদ্যা+অর্জন, উৎ+সাস, নি:+রোগ,

৮-৬ স্বাক্ষর, সচল, প্রশস্ত,অবিশ্বাস।

৯ फिर वही बातो का फुलझरी । उस फूल मे खुशबू भी था, की जल्दी जवाब भी नहीं दे पायी । उस सामान्य बलराम की बात पर ।

১০- ছাত্রসমাজ ও রাজনীতি

ছাত্রসমাজ ও রাজনীতি আজকের দিনে সমাজের কাছে একটি জটিল প্রশ্ন। অভিজ্ঞদের মতে ছাত্র সমাজকে রাজনীতি থেকে দুরে থাকাই বাঞ্ছনীয়। ছাত্র সমাজ যদি রাজনীতির জটিলতায় আবদ্ধ হয়ে পড়ে তাহলে ছাত্র জীবনের উদ্দেশ্যই ব্যর্থতায় পর্যবসিত হবে । তবে রাজনীতি যদি ছাত্র সমাজের ওপর ব্যাপক ভাবে প্রভাব বিস্তার করে তবে সেই ছাত্র ছাত্রীরা ভবিষ্যতে সফল রাজনৈতিক নেতা হলেও হতে পারেন। অনেক সফল রাজনৈতিক নেতার জীবন পর্যালোচনা করলে দেখা যাবে যে তাদের ছাত্র জীবন থেকেই রাজনীতিতে হাতে খড়ি হয়েছে। অতএব ছাত্র সমাজের রাজনীতিতে যোগ দেওয়া উচিৎ কিংবা অনুচিত এটা একটা বিশাল ভাবনা চিন্তার বিষয়।

অথবা

জাতীয় সংহতি

জাতীয় সংহতি কথাটির মধ্যে একটি বিশেষ ঐক্য বোধের সন্ধান পাওয়া যায়। জাতীয় সংহতি অর্থাৎ জাতিগত ভাবে বিভেদ সৃষ্টি না করে আমরা একই জাতীর এই পরিচয়ে যেন পরিচিত হই। ভারত একটি বহু জাতী বহু ধার্মিক বহু ভাষাভাষী বিশিষ্ট দেশ। তাই একাধিক বৈচিত্র্য থাকা সত্ত্বেয় ভারতবাসীর মধ্যে এক অদ্ভুত মিল দেখতে পাওয়া যায়। তাই তো কবি বলেছেন বিবিধের মাঝে দেখ মিলন মহান।

১১ প্রিয় সুদীপা

তোমার মাধ্যমিক পরীক্ষা কেমন হলো, আমার পরীক্ষা মোটমুটি ভালই গেছে। পরীক্ষার পর কোন বিভাগ নিয়ে আমি পড়ব তা আমি আগে থেকেই ভেবে রেখেছিলাম। আমার ইচ্ছা আছে বিজ্ঞান বিষয়টি নিয়ে পড়বার, কারণ উচ্চ মাধ্যমিকের পর আমি ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়তে চাই। তুমি কোন বিভাগটিকে পছন্দ করবে তা অবশ্যই জানিও। আজ তবে এখানেই শেষ করছি।

ইতি

মনিদীপা

অথবা

স্নেহের আনন্দ,

আজ দুরে থেকে তোর কথা বারবার মনে পড়ছে। আগামী ২২শে জুলাই তোর জন্মদিন। সেদিন আমার ভীষণ ভাবে তোর কথা মনে পড়বে। ঐ দিন কি কি করলি, কে কে এসেছিল, সারাদিনটা কি ভাবে কাটালি তা অবশ্যই  জানাবি। দূর থেকে তোকে জন্মদিনের শুভেচ্ছা জানালাম। ঈশ্বর তোর জীবনের আগামী দিনগুলো মঙ্গলময় করুক।

ইতি

দিদি

SET – 10

(১) সঠিক উত্তরটি লেখো।

১-১ কবি মোটরগাড়ীতে চড়ে কোথায় যাচ্ছিলেন ?

(ক) জঙ্গল দেখতে (খ) পাহাড় দেখতে (গ) নদী দেখতে (ঘ) পূজো দেখতে

১-২ মাস্তুলের ওপর বসে কে নিশ্চিন্ত মনে বিশ্রাম করছিল ?

(ক) ছোট মেয়েটি (খ) বড়ো মেয়েটি (গ) শিশুটি (ঘ) রাজা

১-৩ দুবেজীর বাড়িতে বিলুকে কি খেতে দেওয়া হয়েছিল ?

(ক) মাছ ভাত (খ) রুটি তরকারী (গ) দই চিড়ে (ঘ) লুচি আলুর দম

১-৪ রঞ্জনকে মা কি কেনবার জন্য পয়সা দিয়েছিলন ?

(ক) পেন (খ) বই (গ) পেন্সিল (ঘ) ইনষ্ট্রুমেন্ট

১-৫ সুভাষ কাকা "সিনেমা সিনেমা" হুজুগ করে কোথায় গিয়েছিলেন ?

(ক) দিল্লী (খ) কোলকাতা (গ) বম্বে (ঘ) পুনে

১-৬ অমৃতকুম্ভের সন্ধানে রচনাটির রচয়িতা কে ?

(ক) কালকূট (খ) রবীন্দ্রনাথ (গ) বিহারীলাল (ঘ) বঙ্কিম চন্দ্র

১-৭ পূর্ববাংলার ভাষা আন্দোলনে তারা কোন ভাষাকে মাতৃভাষা রূপে স্বীকার করলো ?

(ক) আরবী (খ) বাংলা (গ) উর্দু (ঘ) ফারসী

১-৮ 'জীবক' উপাধি জীবককে কে দিয়েছিল?

(ক) বিম্বিসার (খ) বুদ্ধদেব (গ) আত্রেয় (ঘ) অভয়

১-৯ কত বছর আগে লোকটি ও তার বন্ধু হতাশ হয়ে এক জায়গায় বসে ছিল ?

(ক) পাঁচ বছর (খ) সাত বছর (গ) দু বছর (ঘ) দশ বছর

১-১০ প্রাচীন বাংলা যুগের প্রথম সাহিত্যিক নিদর্শন কি ?

(ক) শ্রীকৃষ্ণ কীর্তন (খ) চর্যাপদ (গ) রামায়ণ (ঘ) মহাভারত

২ অতি সংক্ষেপে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

২-১ শ্রীকৃষ্ণ কীর্তন কোন বিষয়বস্তু নিয়ে লেখা?
২-২ আলাউদ্দিন খান কোন দেব দেবীর ভক্ত ছিলেন?
২-৩ লোকটির বন্ধু মঞ্চ থেকে নেবে তাকে নিয়ে কোথায় যায়?
২-৪ আত্রেও কে ছিলেন?
২-৫ মালপত্রের নীচ থেকে বেরিয়ে বলরাম কি করছিল?
২-৬ কাকিমা আর মা সুভাষ কাকিমার বাড়ী থেকে ফিরে কি করলেন?

৩ বিস্তারিত ভাবে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ।

৩-১ সুভাষ কাকিমার কাজটিকে কি অনাচার বলা যায়? এ বিষয় তোমার মতামত লেখো?
৩-২ পূর্ণিয়ার গান্ধী আশ্রমের দুরবস্থার বর্ণনা দাও।
৩-৩ ভেষজ গুণগুণ সম্বন্ধে জীবকের জ্ঞান পরীক্ষা করার জন্য আত্রেও কোন পন্থা অবলম্বন করলেন?

৪ সঠিক উত্তরটি লেখ।

৪-১ হনুমান লঙ্কায় গিয়ে কোথায় সীতার দেখা পান?

(ক) নন্দন কাননে (খ) সমুদ্রের ধারে (গ) অশোক কাননে (ঘ) নদীর তীরে

৪-২ কোথায় আরতি ঘন্টা ধ্বনিত হলো?

(ক) প্রাসাদ (খ) উপবন (গ) দেবালয় (ঘ) প্রাচীর

৪-৩ লোকে লালনের কি নিয়ে প্রশ্ন করে?

(ক) ধর্ম (খ) নাম (গ) জাত (ঘ) পরিবার

৪-৪ খেয়া শব্দের অর্থ কি?

(ক) নৌকা (খ) জাহাজ (গ) মাঝি (ঘ) নদীর ঘাট

৪-৫ 'ভৌগলিক' কবিতায় গ্রামকে কিসের মতো বলা হয়েছে?

(ক) মরুভূমির মতো (খ) পর্বতের মতো (গ) ছবির মতো (ঘ) মালভূমির মতো

৪-৬ কবি টিফিনের পয়সা বাঁচিয়ে মায়ের জন্য কি কিনে আনতেন ?

(ক) পেয়ারা (খ) কমলালেবু (গ) আপেল (ঘ) নাসপাতি

৪-৭ উঠোন জুড়ে কার নাচের কথা বলা হয়েছে ?

(ক) বর্ষা (খ) নর্তকীর (গ) তরুণীর (ঘ) শিশুদের

৪-৮ অমায়িকের মতো কি বাজার কথা বলা হয়েছে ?

(ক) রেডিও (খ) মাইক (গ) বেহালা (ঘ) গ্রামোফোন

৪-৯ উজান ডিঙি কবিতায় কে পূজোর চিঠি নিয়ে আসেন ?

৪-১০ 'পথ দেখা বিনা' কবিতাটির কবি কে ?

(ক) দেবাঞ্জন সেনগুপ্ত (খ) কাজী নজরুল ইসলাম (গ) রবীন্দ্র নাথ ঠাকুর (ঘ) সুভাষ মুখোপাধ্যায়

৫ অতি সংক্ষেপে যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

৫-১ ওম শব্দের অর্থ কী ?

৫-২ কবিকে কেন জন্মভূমি পরিত্যাগ করে চলে যেতে হয়েছিল ?

৫-৩ ত্রিজটা কে ?

৫-৪ কে নিজেকে বুদ্ধের দাস বলেছে ?

৫-৫ তসবী কি ?

৫-৬ মানুষ তলে তলে কি খুঁজছে ?

৬ যে কোনো একটি প্রশ্নের উত্তর বিস্তারিত ভাবে লেখো।

৬-১ 'পলিউশন' বলতে কবি কী বুঝিয়েছেন? বুঝিয়ে লেখো।

৬-২ নিজের জননী জন্মভূমির প্রতি কবির নীরব ভালবাসার পরিচয় দাও।

৬-৩ শুভ্র পাষাণ ফলক কার রক্তে রাঙা হয়েছিল ? কি ঘটনা ঘটেছিল সেখানে ?

৭ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৭-১ সামান্য ক্ষতি কবিতায় রাজা রানীকে কেন নির্বাসন দিয়েছিলেন ?

৭-২ পদ্মটিকে অকালের কেন বলা হয়েছে ? সুদাসমালী পদ্মটির জন্য যথেষ্ট মূল্য পাওয়া সত্বেও কে বিক্রি করল না ?

৭-৩ সুপ্রিয়ার কথা শুনে সভায় উপস্থিত লোকেরা কেন অবাক হলেন? এবং তার জবাবে সুপ্রিয়া কি বলেছিলেন ?

৭-৪ কবীর কেন সবার চোখের আড়ালে একাকী থাকতে চাইতেন? কবীরের প্রতি ব্রাহ্মণদের রাগের কারণ কি ?

৮ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৮-১ এক কথায় প্রকাশ করো।

জানবার ইচ্ছা , জীবন পর্যন্ত, বিদেশে থাকেন যিনি, জলে জন্মায় যাহা,

৮-২ সমোচ্চারিত শব্দগুলির অর্থ লেখো।

মূক-মুখ, কালি-কালী, অংস-অংশ, দেশ-দ্বেষ।

৮-৩ প্রবাদ বাক্যগুলির অর্থসহ বাক্য রচনা করো।

ডুমুরের ফুল, উত্তম-মধ্যম, গোবর-গণেশ, রাখে কৃষ্ণ মারে কে ?

৮-৪ পদ পরিবর্তন করো।

সাহিত্য, বিদেশ, ইতিহাস, অক্ষর

৮-৫ বিপরীতার্থক শব্দ লেখো।

নতুন, স্বাভাবিক, জানা, বাচাল।

৮-৬ সন্ধি বিচ্ছেদ করো ।

ধর্মাবলম্বী, মহাকাব্য, উচ্চারণ, মহেন্দ্র

৯ হিন্দিতে অনুবাদ করো।

বেশ কয়েকবছর আগেকার কথা ভারত সেবার গেছে ইংল্যান্ড সফরে। ওভাল টেস্টে সেদিন তখন ব্যাটিং করছিলেন ভারতের নামকরা ব্যাটসম্যান বিজয় মার্চেন্ট খুব সুন্দর ভাবে খেলছিলেন তিনি ।

১০ যে কোনো একটি বিষয় নিয়ে অনুচ্ছেদ লেখো।

১০-১ তোমার দেখা একটি পর্যটন কেন্দ্র।

১০-২ জনগণনা এবং ক্রমবর্ধমান জনসংখ্যা।

১১ তোমার বিদ্যালয়ে একটি বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়েছে এ বিষয় বন্ধুকে একটি পত্র লেখো।

অথবা

পরিবেশ দূষণ সম্পর্কে তোমার মতামত লেখো।

উত্তরমালা

১ ১ - ১ ক, ১ - ২ ক, ১ -৩ গ, ১ -৪ ঘ, ১ -৫ গ, ১-৬ ক, ১-৭ খ, ১-৮ গ, ১-৯ ক,১-১০-খ।

২  ২-১ শ্রীকৃষ্ণ রাধার লীলা বিষয়ক,

২-২ কালী ও সরস্বতী।

২-৩ বাংলোতে।

২-৪ জীবকের গুরু

২-৫ হাসছিল।

২-৬ কাপড় ছেড়ে বসলো

৩- সুভাষ কাকিমার কাজটিকে নীতি গর্হিত বলা যায় না, কারণ তিনি একটি অতি মানবীয় চরিত্রের পরিচয় দিয়েছেন। তিনি যদি তার স্বামীর মৃত্যুর কথা বৃদ্ধ শ্বশুরকে জানাতেন তাহলে উনি হয়ত আরও ছয় মাস আগেই পুত্রশোকে মারা যেতেন,তাই সুভাষ কাকিমার কাজটিকে মোটেই নীতি-গর্হিত বলা যাবেন।

৩-২ পূর্নিয়ার গান্ধী আশ্রমের যে দুরবস্থার কথা বলা হয়েছে তা এই রকম। টিউবওলের মাথাটি নেই। এস. ডী. ও সাহেবের সীল করা দরজার তালাটিও চুরি হয়ে গেছে, ফুলের গাছগুলি চুরি হয়ে গেছে। মহাত্মাজীর ছবিটিও চুরি হয়ে গেছে। লাইব্রেরির সব বই  চুরি হয়ে গেছে। গরুর গাড়ীর চাকা দুটি চুরি হয়ে গেছে। সমগ্র আশ্রমটার অবস্থা জরা জীর্ণ।

৩-৩ ভেষজ গুনাগুণ সম্পর্কে জীবকের জ্ঞান পরীক্ষার জন্য গুরু আত্রেয় জীবককে আদেশ  দিলেন যে এমন কিছু লতাপাতা নিয়ে এসো যা চিকিৎসায় কাজে লাগে না।

৪-১ –গ, ৪-২ গ, ৪-৩ গ, ৪-৪ ক, ৪-৫ গ, ৪-৬ খ, ৪-৭ ক, ৪-৮ খ, ৪-৯ গ, ৪-১০  ক,

৫-১  উষ্ণতা।
৫-২ দেশ বিভাগের জন্য।
৫-৩ রাক্ষসী
৫-৪ শ্রীমতী
৫-৫ মুসলমানদের জপমালা
৫-৬ দূষণ প্রতিরোধের উপায়।

৬-১  "পলিউশন" বলতে কবি এখানে বিভিন্ন প্রকারের দূষণের উল্লেখ করেছেন।

যেমন গাড়ী বাস প্রভৃতির জন্য বায়ু দূষণ, উচ্চ স্বরে মাইক ইত্যাদি বাজাবার জন্য তৈরী হয় শব্দ দূষণ আর জল দূষণ তো আছেই। অর্থাৎ মানুষ আজ দূষণের কারণে আতঙ্কিত।

৬-২  জননী ও জন্মভূমিকে কবি তার ভালবাসার কথা বলতে পারেননি। কবি মায়ের জন্য টিফিনের পয়সা বাঁচিয়ে কমলালেবু কিনে আনতেন, তিনি নীরবে মাকে ভালবাসতেন কিন্তু মুখে বলে তা প্রকাশ করতে পারেননি।

কবি ঠিক সমানভাবে জন্মভূমিকেও ভালবাসতেন। তিনি এই মাটিতেই ভর দিয়ে দাঁড়িয়েছেন। তার হাতের দশটি আঙ্গুলে তার চিহ্ন আজও তিনি অনুভব করেন। তিনি মনে করেন তার হৃদয়-বীণার তার দেশ মাতৃকার হাতে বাজে, দেশমাতৃকার লাঞ্ছনা-কবিকে ব্যথিত করে। দেশমায়ের শত্রুকে পরাস্ত করার জন্য কবি উদগ্রীব। তিনি দেশমাতৃকাকেও সমানভাবে ভালবাসতেন।

৬-৩ শুভ্র পাষাণ ফলক শ্রীমতীর রক্তে রাঙা হয়েছিল। শ্রীমতী নামে বুদ্ধের দাসীটি রাজাজ্ঞা অমান্য করে এক শারদ সন্ধ্যায় পুষ্প প্রদীপ থালায় সাজিয়ে গেল প্রভু বুদ্ধের স্তূপে আরতি করবার জন্য। তার এই দু:সাহস দেখে রাজার প্রহরীরা রাজার আদেশ অমান্য করবার জন্য শাস্তি স্বরূপ তাকে মৃত্যুদন্ড দেয়।

৭-১ সামান্য ক্ষতি কবিতাটিতে রানী করুণা সখীদের সঙ্গে নিয়ে গেলেন স্নান করতে।

স্নান শেষ হলে তার শারীরকে তপ্ত করবার জন্য, রানী সখীদের নির্দেশ দেন যে আশে-পাশের সমস্ত কুটীর জ্বালিয়ে দেওয়া হোক। রানীর এই নির্বুদ্ধিতার পরিণাম স্বরূপ দরিদ্র প্রজারা গৃহহীন হয় এবং তারা রানীর বিরুদ্ধে অভিযোগ জানায়। প্রজাদের অভিযোগের কারণে এবং রানীর এই নির্বুদ্ধিতার শাস্তি স্বরূপ রাজা রানীকে নির্বাসন দেন।

৭-২ পদ্মটি অঘ্রান মাসে কুটে ছিল ব'লেই একে অকালের পদ্ম বলা হয়েছে। সুদাস মালী পদ্মটির জন্য রাজা এবং পথিকের কাছ থেকে যথেষ্ট মূল্য পাওয়া সত্ত্বেও তা বিক্রি করতে রাজি হয়নি কারণ তার মনে সন্দেহ জাগে, এমন কে সেই ভগবান যাকে দেবার জন্য রাজা ও পথিক দুজনাই ভান্ডার উজাড় করে দিতে চায়, সে যদি নিজে তার কাছে যায় তাহলে না জানি কত মূল্য পাবে। অবশেষে সে ফুলটি প্রভু বুদ্ধের পায়ে অর্পণ করে এক অমূল্য স্বর্গীয় আনন্দ ও শান্তি লাভ করে।

৭-৩ সুপ্রিয়ার কথা শুনে সভায় উপস্থিত লোকেরা অবাক হলেন কারণ সে ছিল ভিক্ষুক অনাথ পন্ডিতের কন্যা এক দীন হীন নারী। সে যখন শ্রাবস্তীপুরের দুর্ভিক্ষ পীড়িত নর নারীকে অন্ন দানের দায়িত্বভার গ্রহণ করে তখন সভায় উপস্থিত সকলেই অবাক হয়ে যায়।

সুপ্রিয়া তখন তার উত্তরে বলেছিল, তার অন্নের ভান্ডার নগরীর ধনী ব্যক্তিদের ঘরে ঘরে সুরক্ষিত আছে। তারা যদি চায় তবে তাদের সাহায্যে তার ভিক্ষাপাত্র পূর্ণ হবে, এবং ক্ষুধার্ত নগরীকে বাঁচানো সম্ভব হবে।

৭-৪ কবীর ভগবানের সাধনা করবার জন্য সবার চোখের আড়ালে থাকতে চাইতো। কবীরের উত্তরোত্তর নাম যশ বৃদ্ধি পাওয়ার জন্য ব্রাহ্মণদের রাগ হয়েছিল।

৮-১ জিজ্ঞাসা, আজীবন, বিদেশী, জলজ।

৮-২ মুখ-মুখমন্ডল। কালী- দেবী । অংস- কাঁধ। দেশ – ভূখন্ড।

মূক-বোবা। কালি-কালো রং। অংশ-ভাগ। দ্বেষ-হিংসা।

৮-৩ আজকাল তোমার দেখা পাওয়াই যায় না, তুমি দেখছি ডুমুরের ফুল হয়ে গেছো।

আজ বাবা তোমাকে উত্তম মাধ্যম দেবে। তুমি দেখছি একটা গোবর গণেশ। যে যা বলছে সব কিছুই মেনে নিচ্ছ। অনিলের যেভাবে দুর্ঘটনা ঘটেছিল সবাই ভেবেছিল মরেই যাবে, কিন্তু রাখে কৃষ্ণ মারে কে ?

৮-৪ সাহিত্যিক, বিদেশী, ঐতিহাসিক, আক্ষরিক।

৮-৫ পুরোনো, অস্বাভাবিক, অজানা, মিতভাষী।

৮-৬ ধর্ম+ আবলম্বী, মহা+ কাব্য, উৎ+চারণ, মহা+ ইন্দ্র।

**৯ कुछ साल पहले की बात है । भारत उसवार गया इंग्लैंड सफर मे। ओवल टेस्ट मे उसदिन बैटिंग कर रहे थे भारत का नामजादा खिलारी विजय मार्चेंट। वह बहुत ही अच्छा खेल रहे थे । उनके दर्शनीय प्रदर्शन से मैदान का परिबेश ही बदल गया था ।**

১০-১ তোমার দেখা একটি পর্যটন কেন্দ্র

আমার দেখা একটা পর্যটন কেন্দ্র হ'লো পুরী। উড়িষ্যা রাজ্যে অবস্থিত এই সমুদ্র তটটি পর্যটকদের কাছে একটি অত্যন্ত আকর্ষণীয় স্থল। পুরীর সমুদ্রতীরের প্রাকৃতিক সৌন্দর্য অত্যন্ত রমণীয় এবং চিত্তাকর্ষক। সমুদ্রের ঢেউগুলি যেন বার বার নতুন রূপে তীরে এসে আছড়ে পড়ে। পুরী থেকে আমরা পার্শ্ববর্তী অঞ্চলগুলি যেমন উদয়গিরি, খন্ডগিরি, নন্দন কানন, বুদ্ধের স্তূপ, কলিঙ্গ রণক্ষেত্র আরও অনেক জায়গা দেখে এসেছি। এ ছাড়াও চিল্কা হ্রদের বুকে স্টিমারে করে ঘোরা সে এক রোমাঞ্চকর অনুভূতি। চিল্কাতে ডলফিনদের দেখা আরও একটি অবিস্মরণীয় ঘটনা। এছাড়াও পুরীর জগন্নাথ ধাম যা পর্যটক এবং তীর্থযাত্রীদের মূল আকর্ষণের কেন্দ্র। পুরীতে আমি দুবার বেড়াতে গেছি কিন্তু তা সত্বেও পুরীর আকর্ষণ আজও আমাকে হাতছানি দেয়।

১০-২ জনগণনা ও ক্রমবর্ধমান জনসংখ্যা

'জনসংখ্যা' শব্দটি আজ ভারতবর্ষের সামনে একটি বিরাট শর্ত। যে ভাবে দিনে দিনে জনসংখ্যা বেড়ে চলেছে তা আজ ভাববার বিষয়বস্তু। জনসংখ্যা প্রতিরোধ করবার জন্য দরকার শিক্ষিত জনসমাজ। শিক্ষার বিস্তার হ'লেই মানুষ জনসংখ্যা সম্বন্ধে সচেতন হবে এবং জনসংখ্যার ব্যাপক বৃদ্ধি কিছু অংশে কম হবে।

জনসংখ্যার হ্রাস বা বৃদ্ধি সম্বন্ধে আমরা অবগত হতে পারি জনগণনার মাধ্যমে। আমাদের দেশে জনগণনা প্রতি দশ বছর অন্তর হয়ে থাকে। জনগণনার দ্বারাই আমরা দেশের নারী পুরুষের অনুপাত জানতে পারি। তাই জনগণনা ও জনসংখ্যা একটি বিষয়ের দুটি দিশা।

১১ প্রিয়,

শ্রেয়াংশু

অনেকদিন হ’লো তোমার কোন পত্র পাইনি। আশাকরি ভালো আছো। গত তিনদিন আগে আমাদের বিদ্যালয়ে একটি বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল। তোমার বিজ্ঞান বিষয়টির ওপর বিশেষ অনুরাগ আছে, তাই জন্য তোমাকে এই পত্র লেখা। প্রদর্শনীটিতে ভৌতবিজ্ঞান , রসায়ন,এবং জীববিজ্ঞান নিয়ে নানাবিধ গবেষণামূলক কাজ প্রদর্শিত হয়েছিল। প্রদর্শনীটিতে নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রদের অংশগ্রহণ করবার অনুমতি দেওয়া হয়েছিল। তুমি নিজের চোখে দেখলে আরো ভালো লাগতো।এবার তবে আসি।

তোমার বন্ধু

সজল মিত্র

পরিবেশ দূষণ

পরিবেশ দূষণ এই কথাটির সঙ্গে আজ প্রায় সকলেই পরিচিত। আজকাল ঘরে বাইরে সর্বত্র প্রায় দূষিত পরিবেশের স্বীকার হচ্ছেন মানুষ। মানুষ কেবল নিজের স্বার্থ ছাড়া আর কিছুই বুঝতে চায় না। তাই নিজের গন্ডিটুকু ছেড়ে দিয়ে অন্যের জায়গা নোংরা করতে একটুও দ্বিধা বোধ করে না। এখন সর্বত্র রাস্তায় একটি সর্ববিধ কথা হয়ে গেছে ‘যানজট’। বৃক্ষ উৎক্ষেপণের কারণে ভূমি দূষণ বেড়েই চলেছে। শব্দ দূষণ তারও অন্ত নেই। মানুষ যেন যে কোনো কারণে বা অকারণে অমায়িকের মতো মাইক বাজিয়ে চলেছে। মানুষকে এর সমাধান অবশ্যই খুঁজে বার করতে হবে।

---